আল-কামূসুল ইসতিলাহী

Free @ www.e-ilm.weebly.com

আরবি-বাংলা

মূল

মাওলানা ওয়াহীদুজ্জামান কিরানভী (র.)

উস্তাযুল আদব দারুল উলূম দেওবন্দ

অনুবাদ ও সম্পাদনায়

মাওলানা আহমদ করিম সিদ্দীক

ফাযেলে দারুল উলূম দেওবন্দ
উচ্চতর আরবি ভাষা ও সাহিত্য : দারুল উলূম দেওবন্দ
এম.এম. ফার্স্ট ক্লাস
শাইখুল হাদীস, জামেয়া ইসলামিয়া সোনারং, মুন্সিগঞ্জ
লেখক, গবেষক ও বহু গ্রন্থ প্রণেতা

প্রকাশনায়

ইসলামিয়া কুতুবখানা

৩০/৩২, নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

[illegible]

মূল ❖ মাওলানা ওয়াহীদুজ্জামান কিরানভী (র.)

অনুবাদ ও সম্পাদনায় ❖ মাওলানা আহমদ করিম সিদ্দীক

প্রকাশক ❖ মাওলানা মুহাম্মদ মোস্তফা
[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

শব্দবিন্যাস ❖ ইসলামিয়া কম্পিউটার হোম
২৮/এ, প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

মুদ্রণে ❖ ইসলামিয়া অফসেট প্রেস,
২৮/এ, প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

মূল্য ❖ ২৫০.০০ [দুইশত পঞ্চাশ টাকা মাত্র]
www.e-ilm.weebly.com
Free @

Free @ www.eelm.weebly.com

অনুবাদকের কথা

১৯৯১ সাল। তখন আমি দারুল উলূম দেওবন্দের 'আরবি সাহিত্য' বিভাগে অধ্যয়নরত একজন ছাত্র। এশিয়ার এ মহান বিদ্যাপীঠের রয়েছে এক অনন্য ইতিহাস। মুসলিম মিল্লাতের কল্যাণে এই জামিয়ার অবদানের পরিধি ব্যাপক ও বিশ্বব্যাপী। এ বিদ্যাপীঠের 'আরবি সাহিত্য' বিভাগের অন্যতম ওস্তাদ ছিলেন তৎকালীন শ্রেষ্ঠতম আরবি সাহিত্যিক আল্লামা ওয়াহীদুজ্জামান কিরানভী (র.)। তাঁর সংস্পর্শে থাকায় আমার মনে এই চেতনা বার বার আন্দোলিত হলো যে, এই পুণ্যভূমিতে থাকা অবস্থায় কিছু লিখব।

ভারতে দীর্ঘদিন থাকার সুবাদে আলিগড় ইউনিভার্সিটি, নাদওয়াতুল ওলামা লক্ষ্ণৌ, দিল্লির জামিয়া মিল্লিয়া ইউনিভার্সিটিসহ যতগুলো কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানে আমার যাওয়ার সুযোগ হয়েছিল, সর্বত্রই লক্ষ্য করলাম আরবি ভাষা শিক্ষার্থীদের সংগ্রহে القاموس الاصطلاحي ও القاموس الجديد অভিধান দুটি রয়েছে। সকলের অভিন্ন উক্তি– 'ব্যবহারিক আরবি ভাষা চর্চার ক্ষেত্রে অভিধান দুটির প্রয়োজনীয়তা বলে শেষ করা যাবে না। অভিধান দুটির বিকল্প নেই। আরবি ভাষা চর্চাকারী প্রত্যেক শিক্ষার্থীর সংগ্রহে অভিধান দুটি থাকা উচিত।' শুধু ভারত কেন? বাংলাদেশ, পাকিস্তান, সৌদি আরব, মিসরসহ সকল দেশের উর্দু ভাষা জানা আরবি ভাষার শিক্ষার্থীদের নিকট অভিধান দুটি সমাদৃত।

তাই সিদ্ধান্ত নিলাম القاموس الاصطلاحي ও القاموس الجديد অভিধান দুটির বাংলা ভাষায় অনুবাদ করব। বন্ধু-বান্ধবদের নিকট মনের ভাব প্রকাশ করলাম। কেউ কেউ অবশ্য ব্যঙ্গ করে বলেছিল– یہ منہ اور مسور کی دال কিন্তু আমি হতাশ হয়নি। উপরন্তু উস্তাদে মুহতারাম গ্রন্থকার হযরত মাওলানা

Free @ www.e-ilm.weebly.com

ওয়াহীদুজ্জামান কিরানভী -এর খেদমতে মনের আবেগের কথা ব্যক্ত করলাম। তিনি খুশি হলেন এবং এই বলে উৎসাহ প্রদান করলেন-

'আমি দোয়া করছি। আর প্রয়োজন হলে আল্লাহ চাহেন তো সব ধরনের সহযোগিতা করব।' আল্লাহর রহমতের উপর ভরসা করে এবং হযরতের দোয়াকে সম্বল করে কাজ শুরু করলাম। আলহামদুলিল্লাহ, লেখাপড়ার পাশাপাশি 'তাকমীলে আদাবে'র বছরই আল্লাহ তা'আলা অনুবাদ সমাপ্ত করার তাওফীক দান করেছেন।

উল্লেখ্য, হযরত মাওলানা ওয়াহীদুজ্জামান কিরানভী অভিধানটি আধুনিক লিটারেচার বুঝার জন্য সংকলন করেছেন। ফলে তাতে নতুন পরিভাষা স্থান পেয়েছে সবচেয়ে বেশি। সকল স্তরের শিক্ষার্থীদের লক্ষ্য রেখে অভিধানটিকে তিনি বর্ণানুক্রম অনুসারে বিন্যস্ত করেছেন। এতে প্রায় ২০ হাজার শব্দ ও পরিভাষা সন্নিবেশিত হয়েছে। তিনি ভুক্তিগুলো অনুবাদ করেছেন প্রায়োগিক ও পারিভাষিক প্রতিশব্দে। তাই এর অধ্যয়নে আরবি নতুন ইবারত সহজে বুঝা যায়। অনুবাদে তিনি কোনো কোনো স্থানে শব্দের বাহ্যরূপের প্রতি লক্ষ্য না রেখে ভুক্তির এমন প্রতিশব্দ উল্লেখ করেছেন, যা প্রয়োগ ও ব্যবহারের বিবেচনায় স্থানোপযোগী হয়। উপরন্তু বহু শব্দের এমন একাধিক অর্থ উল্লেখ করেছেন, যেগুলোর মধ্য থেকে কোনো একটি অর্থ অবশ্যই উপযোগী হবে ইনশাআল্লাহ।

দারুল উলূম দেওবন্দে অধ্যয়ন শেষে দেশে এসে খুলনা দারুল উলূম মাদরাসার স্বনামধন্য মুফতি ও মুহাদ্দিস হযরত মাওলানা নুরুল আমীন (দা. বা.) এবং একই মাদরাসার সে সময়ের শাইখুল হাদীস, সাবেক ধর্ম প্রতিমন্ত্রী মুফতি মুহাম্মদ ওয়াক্কাস (দা.বা.) সহ অনেককে পাণ্ডুলিপিটি দেখিয়েছি। সকলেই এর ভূয়সী প্রশংসা করেছেন। কিন্তু ছাপার ব্যাপারে কোনো ধরনের সহযোগিতা পেলাম না।

দীর্ঘ বার বছর পর ইসলামিয়া কুতুবখানার স্বত্বাধিকারী মাওলানা মোহাম্মদ মোস্তফা সাহেবের সঙ্গে পরিচয় হয়। পরিচয়ের ব্যবস্থা করেছিলেন বন্ধুবর মাওলানা আব্দুর রহীম ইসলামাবাদী। মাওলানা মোস্তফা সাহেব (দা. বা.) অভিধানটিকে যথেষ্ট মূল্যায়ন করলেন এবং আশ্বাস দিলেন যে, অতি দ্রুত তিনি এর মুদ্রণের ব্যবস্থা করবেন । কিন্তু শুধু কম্পোজের সমস্যার কারণে এটি আরও দু-বছর এভাবেই পড়ে রইল। তাই বাধ্য হয়ে অবশেষে আমি নিজেই কম্পোজ করার ও প্রুফ দেখার দায়িত্ব নিলাম। নিজের অন্যান্য ব্যস্ততার কারণে বিলম্বের আশঙ্কায় শেষ মুহূর্তে কম্পোজে সহযোগিতা করেছেন 'কুতুবখানা'র সম্পাদনা পরিষদের সদস্য বন্ধুবর মাওলানা আবুল কালাম মাসূম সাহেব। ফাইনাল প্রুফটি দেখে দিয়ে কৃতজ্ঞতার জালে আবদ্ধ করেছেন মাওলানা আনোয়ারুল হক সাহেব। আমার কর্মস্থল জামিয়া সোনারং-এর শ্রদ্ধেয় মুহতামিম মাওলানা মুস্তাফিজুর রহমান সাহেব বিভিন্ন কাজের সুযোগ সৃষ্টি করে দিয়ে আমাকে যথেষ্ট সহায়তা করেছেন। অভিধানটির মুদ্রণক্ষণে আমি তাঁদের সকলকে স্মরণ করছি কৃতজ্ঞচিত্তে।

অভিধানটি বাংলা ভাষাভাষী আরবি শিক্ষার্থীদের উপকারে আসলেই আমার শ্রম সার্থক হবে। আল্লাহ এ উদ্দেশ্যে গ্রন্থটি কবুল করে নিন এবং আমার আব্বা-আম্মাসহ একে সংশ্লিষ্ট সকলের নাজাতের অসিলা বানান। আমীন।

[illegible]

Free @ www.eelm.weebly.com

প্রকাশকের নিবেদন

www.e-ilm.weebly.com Free @

الحمد لله رب العلمين والصلوة والسلام ... الأنبياء
والمرسلين وعلى اله الطاهرين واصحابه اجمعين

আরবি সর্বযুগের একটি জীবন্ত ভাষা। আরবির সাথে রয়েছে ইসলামি জীবন-বিধানের এক নিগূঢ় সম্পর্ক। কারণ, কুরআনের ভাষা আরবি, হাদীসের ভাষা আরবি এবং ফিক্‌হে ইসলামির ভাষাও আরবি। অতএব উম্মতে মুসলিমার প্রতিটি ব্যক্তির জন্যই আরবি ভাষা অতি প্রয়োজনীয়। আর ভাষা শিক্ষার ক্ষেত্রে অভিধানের প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

বর্তমান বাংলাদেশে বিভিন্ন ভাষায় বহু অভিধান রয়েছে, তন্মধ্যে আল্লামা ওয়াহীদুজ্জামান কিরানভী (র.) রচিত "আল-কামূসুল ইসতিলাহী" একটি জনপ্রিয় ও জনসমাদৃত অভিধান। ছাত্র-শিক্ষকের নিকট এর প্রয়োজনীয়তা সর্বাধিক। কিন্তু অভিধানটি আরবি-উর্দু হওয়ায় বাংলা ভাষাভাষীদের জন্য তা আশানুরূপ ফল বয়ে আনতে পারেনি। তাই বাংলা ভাষাভাষী আরবি শিক্ষার্থীদের প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে ইসলামিয়া কুতুবখানা থেকে আমরা অভিধানটির আরবি-বাংলা সংস্করণ প্রকাশ করতে উদ্যোগী হয়েছি। এ মহামূল্যবান অভিধানটির অনুবাদক হলেন মাওলানা আহমদ করিম সাহেব। চূড়ান্ত পর্যায়ে পৌঁছা পর্যন্ত আমাদের বহু সুহৃদ এবং ইসলামিয়া সম্পাদনা পর্ষদের সদস্যবৃন্দেরও ছিল অনেক অবদান। আমি সংশ্লিষ্ট সকলকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি। পাশাপাশি এটি প্রকাশ করতে পেরে মহান আল্লাহর অশেষ শুকরিয়া আদায় করছি।

আমাদের শত চেষ্টার পরও এতে ভুলত্রুটি পরিলক্ষিত হওয়া কোনো অস্বাভাবিক ব্যাপার নয়। কোনো মহৎ ব্যক্তির তা গোচরীভূত হলে আমাদেরকে অবহিত করলে কৃতজ্ঞ থাকব এবং পরবর্তী সংস্করণে তা সংশোধন করার পূর্ণ চেষ্টা করব। সর্বশেষে মহান আল্লাহর দরবারে মিনতি জানাই, আল্লাহ যেন এর দ্বারা আমাদেরকে উপকৃত হওয়ার তাওফীক দান করেন।

প্রকাশক

[মাওলানা মোহাম্মদ মোস্তফা]

এই অভিধানে ব্যবহৃত চিহ্নসমূহ

Free @ www.e-ilm.weebly.com

চিহ্ন	অর্থ
—	শব্দের শুরুতে পূর্বের শব্দ পুনরুল্লেখের চিহ্ন
ن	باب نصر
ض	باب ضرب
س	باب سمع
ك	باب كرم
ح	باب حسب
ج	বহুবচন
وا	একবচন
مذ	পুংলিঙ্গ
م	স্ত্রীলিঙ্গ
مع	এর দ্বারা বুঝানো হয়েছে যে, শব্দটি মূলত অনারবি ছিল, পরবর্তীতে একে আরবিকরণ করা হয়েছে।
(এ-ব)	একবচন
(ব-ব)	বহুবচন
كذا ও الشئ	এর দ্বারা ফায়েল, মাফউল ও মুযাফ ইলাইহকে বুঝানো হয়েছে।

যে অভিধান হতে আমরা সাহায্য নিয়েছি

Free @ www.e-ilm.weebly.com

বক্ষ্যমাণ অভিধানটি আধুনিক আরবি সাহিত্যের প্রাণপুরুষ দারুল উলূম দেওবন্দের উস্তাযুল আদব হযরত মাওলানা ওয়াহীদুজ্জামান কিরানভী -এর অনবদ্য গ্রন্থ **আল-কামূসুল ইসতিলাহী** [আরবি-উর্দু]-এর নতুন আঙ্গিকে বিন্যস্ত পূর্ণাঙ্গ অনুবাদ। অভিধানটি আরও কিছু আধুনিক শব্দ সংযোজনসহ কুরআন, হাদীস ও দরসী কিতাবে ব্যবহৃত জটিল শব্দাবলি দ্বারা সমৃদ্ধ করতে যে সকল অভিধান-গ্রন্থের সহযোগিতা নেওয়া হয়েছে তা নিম্নে দেওয়া হলো—

আল-মু'জামুল ওয়াসীত [আরবি-আরবি]
২. আল-মাওরিদ [আরবি-আরবি]
৩. আল-কামূসুল ওয়াহীদ [আরবি-উর্দু]
৪. বয়ানুল লিসান [আরবি-উর্দু]
আল-মুনজিদ [আরবি-উর্দু]
৬. মিসবাহুল-লুগাত [আরবি-উর্দু]
৭. আল-মানার [আরবি-বাংলা]
৮. আল-মু'জামুল ওয়াফী [আরবি-বাংলা]
৯. ফরহাঙ্গে রব্বানী [উর্দু-বাংলা]
১০. মডার্ন প্রাক্টিক্যাল ডিকশনারি [ইংরেজি-বাংলা-আরবি]

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

ا : আরবি বর্ণমালার প্রথম বর্ণ।

آ

آ : হরফে নিদা; সম্বোধক অব্যয়। [দূরবর্তীর জন্য]

آب : আগস্ট মাস।

الآبِي (ج) آبُوْنَ : অস্বীকারকারী।

الآتِي : ভবিষ্যৎ। আগন্তুক।

آ —— ث

آثَارٌ (وا) الأَثَرُ : নিশানা। চিহ্ন। পুরাতন স্মৃতি।

الآثَارُ الْأَدَبِيَّةُ : সাহিত্যকর্ম।

الآثَارُ بَعِيْدَةُ الْمَدَى : দীর্ঘমেয়াদি প্রভাব।

الآثَارُ طَوِيْلَةُ الْمَدَى : দীর্ঘমেয়াদি ফলাফল।

الآثَارُ الْمَلْمُوْسَةُ : প্রতীয়মান চিহ্নসমূহ। জীবন্ত ছবি।

الآثَارُ الْقَدِيْمَةُ : পুরাতত্ত্ব। প্রত্নতত্ত্ব। প্রাচীন নিদর্শনাবলি।

آ —— ج

الآجُرُّ (ج) آجُرٌ : ইঁট। ইষ্টক। টালি।

الآجِلُ : আখেরাত। পরকাল। পরবর্তী।

آجِلًا أَمْ عَاجِلًا : তাৎক্ষণিক বা বিলম্বে। নগদ বা বাকিতে।

آ —— ح

آحَادٌ (وا) أَحَدٌ : একক। এক। একাকী। প্রথম। কোনো।

آ —— خ

الآخَرُ (ج) آخَرُوْنَ : অপর। অন্যান্য। অন্য কেউ।

الآخِرُ : শেষ। চূড়ান্ত। শেষাংশ। সর্বশেষ। লাস্ট।

آخِرُ الْأَنْبَاءِ : স্টাফ প্রেস। সর্বশেষ সংবাদ।

آخِرُ خَبَرٍ : সর্বশেষ সংবাদ।

آخِرُ الطَّرِيْقِ : রাস্তার শেষাংশ।

آخِرُ الْمَوْعِدِ لِتَقْدِيْمِ الْعَطَاءَاتِ : টেণ্ডার দাখিল করার শেষ তারিখ।

آخِرُ التَّطَوُّرَاتِ : চূড়ান্ত বদলি। শেষ পরিবর্তন।

الآخَرُ، هُوَ الآخَرُ : সেও।

آ —— د

آدَابٌ (وا) الأَدَبُ : ১. শিষ্টাচারিতা। ভদ্রতা। কৃষ্টি। কালচার। আভিজাত্য। রীতিনীতি। উত্তম কর্ম। ২. সাহিত্য।

الْآدَابُ : সাহিত্য (Literature)।

الْآدِبُ : মেজবান। আপ্যায়নকারী।

آ ــــــ ذ

آذَارُ : মার্চ মাস।

آذَانٌ (وا) الْأُذُنُ : কান। কর্ণ। হ্যান্ডেল।

الْآذِنُ : ১. সিগন্যাল। রেলওয়ে সিগন্যাল। ২. দারোয়ান। ৩. বৃহৎ কর্ণবিশিষ্ট।

آ ــــــ ر

آرَاءٌ (وا) الرَّأْيُ : রায়। মত। মতবাদ। প্রস্তাব। পরামর্শ। উপদেশ।

آ ــــــ س

الْآسِفُ : দুঃখিত। বিষণ্ন।

الْآسَوِيُّ : এশিয়ান।

الْآسِي (ج) أُسَاةٌ : ডাক্তার। চিকিৎসক।

آسِيَا : এশিয়া।

آسِيَا الصُّغْرَى : এশিয়া মাইনর।

آسِيَان : আসিয়ান।

الْآسِيَوِي : এশিয়ান। এশীয়।

الْآسِيَةُ (ج) أَوَاسٍ : খুঁটি। মজবুত বিল্ডিং। ফেরাউনের স্ত্রীর নাম।

آ ــــــ ص

الْآصِرَةُ (ج) أَوَاصِرُ : সম্পর্ক। আত্মীয়তা।

آ ــــــ ف

آفَاقٌ (و) الْأُفُقُ : প্রান্ত। দিগন্ত। কোণ। কর্ণার। বৃত্ত। কিনারা। ময়দান। প্রশস্ততা। বিস্তৃতি।

الْآفَاقِيُّ : পরিব্রাজক। পর্যটক। বিশ্ব ভ্রমণকারী।

الْآفَنْدِي : মিস্টার। জনাব। সাহেব।

آ ــــــ ل

آلَاتٌ (وا) الْآلَةُ : মেশিনারি। যন্ত্রপাতি।

الْآلَاتُ الثَّقِيلَةُ : ভারী মেশিন।

الْآلَامُ الْمُبَرِّحَةُ : কঠিন বিপদ। মহাসঙ্কট।

الْآلَةُ (ج) آلَاتٌ : মেশিন। যন্ত্র। হাতিয়ার। অর্গান।

آلَةُ الْإِقْتِرَاعِ : ভোটিং মেশিন।

آلة الْبَرْشَمَةِ : পেরেক মারার যন্ত্রবিশেষ।

آلة التَّرْقِيمِ : নাম্বারিং মেশিন। স্টাম্পিং মেশিন।

آلة التَّرْخِيمِ : ছিদ্র করার মেশিন। ড্রিল মেশিন।

آلة تَسْجِيلِ الصَّوْتِ : টেপ রেকর্ডার। ধ্বনি সংরক্ষণ করার যন্ত্র।

آلة تَسْجِيلِ النُّقُودِ : ক্যাশ রেজিস্ট্রার।

آلة التَّصْوِيرِ : ক্যামেরা। ফটো তোলার যন্ত্র।

آلة التَّصْوِيرِ الشَّمْسِي : ক্যামেরা।

آلة تَطْبِيقِ الْوَرَقِ : ফোল্ডিং মেশিন।

آلة التِّلِيفُون : টেলিফোন সেট।

آلة تَنْضِيدِ الْأَحْرُفِ الطِّبَاعِيَّةِ : কম্পোজিং মেশিন।

www.e-ilm.weebly.com Free @

free @ www.e-ilmweekly.com

الآلةُ الجَهَنَّمِيَّة : বিধ্বংসি মেশিন বা অস্ত্র। মারণাস্ত্র।

الآلةُ الحَاسِبَة : ক্যালকুলেটর। কম্পিউটার।

الآلةُ الحَرْبِيَّة : যুদ্ধাস্ত্র। সমরাস্ত্র।

آلةُ الحِلاجَة : তুলা ধুনন যন্ত্র।

آلةُ خَتْمِ الطَّوابِع : স্ট্যাম্প ক্যান্সেলিং মেশিন। টিকিটে সিল লাগানোর মেশিন।

آلةُ الخِيَاطَة : সেলাই মেশিন।

آلة دَرْسِ الغَلَّة : শস্য মাড়াই করার মেশিন।

الآلةُ الرَّافِعَة : ক্রেন। জ্যাক। ভারোত্তলন যন্ত্র। গাড়ির চাকা উপরে উঠানোর যন্ত্র।

الآلةُ الرَّافِعَة لِلْمِيَاه : পাম্পিং মেশিন। সেচ-মেশিন।

آلةُ الطِّبَاعَة : মুদ্রণযন্ত্র।

الآلةُ الطَّابِعَة : প্রিন্টিং প্রেস। ছাপাখানা।

آلةُ العَدِّ : হিসাব-যন্ত্র। কাউন্টার।

الآلةُ القَاطِعَة : কাটার। কর্তনযন্ত্র।

الآلةُ الكَاتِبَة : টাইপরাইটার। লিখনযন্ত্র। টাইপরাইটিং মেশিন।

الآلة الكَاتِبَة الكَهْرُبَائِيَّة : ইলেক্ট্রিক টাইপরাইটার।

آلةُ الحَزْمِ : বান্ডিল বানানোর মেশিন। প্যাকিং মেশিন।

آلةُ الفَرْزِ : শার্টিং মেশিন।

آلةُ كِتَابَةِ الفَوَاتِيْر : তালিকা তৈরির মেশিন।

الآلةُ المُحَرِّكَة : ইঞ্জিন। মেশিন।

الآلةُ المُعِدَّة لِلْفَوَاتِيْر : বিল বানানোর মেশিন।

الآلةُ المُعَنْوِنَة : এ্যাড্রেসিং মেশিন। ঠিকানা লেখার যন্ত্র।

الآلةُ النَّاسِخَة : প্রতিলিপি তৈরি করার মেশিন। ফটোস্ট্যাট মেশিন।

الآلةُ المُوسِيْقِيَّة : বাদ্যযন্ত্র।

الآلِيّ : স্বয়ংক্রিয়। যান্ত্রিক। যন্ত্র-বিষয়ক।

الآلِي ذَاتِيُّ الحَرَكَة : অটোমেটিক। স্বয়ংক্রিয়।

آلِيًّا : স্বয়ংক্রিয়ভাবে। স্বেচ্ছায়।

الآلِيَّة : স্বয়ংক্রিয় মেশিনের সাহায্যে কাজ করা।

آ ـــــ م

آمَال (وا) الأمَل : আশা। আকাঙ্ক্ষা। কামনা। বাসনা।

الآمِر : প্রশাসক। শাসনকর্তা। কর্তৃত্বের অধিকারী। কমান্ডার।

آمَرَه ـ مُؤَامَرَة : পরামর্শ করা। ষড়যন্ত্র করা।

الآمِل : আশাবাদী। প্রার্থী। কামনাকারী।

الآمِن : শান্তিপূর্ণ। সংরক্ষিত। নিরাপদ। নির্ভীক।

آمِيْن (اسم فعل) : কবুল কর।

www.e-ilm.weebly.com Free @

آ ــــ ن

الآنَ : এখন। এই মুহূর্তে। এক্ষুনি।

الآنَ أَيْضًا : এখনও।

آنَذَاكَ : তখনি।

الآنِسَةُ (ج) آنِسَاتٌ : মিস। যুবতী। তরুণী।

آنِيَةٌ (وا) الإِنَاء : পাত্র। বর্তন।

الآنِيَةُ الْخَزَفِيَّةُ : মৃৎপাত্র। মাটির পাত্র।

الآنِيَةُ الزُّجَاجِيَّةُ : কাচের পাত্র।

آ ــــ و

آوِنَةٌ (وا) الآن : সময়। মুহূর্ত। অবস্থা।

الآوِنَةُ المُرَوِّحَةُ : শান্তিপূর্ণ পরিস্থিতি। আরামদায়ক পরিস্থিতি।

الآوِنَةُ الْمُرَوِّعَةُ : ভয়াবহ পরিস্থিতি। ভীতিপ্রদ অবস্থা।

آ ــــ ه

آهْ (ج) آهَات : আহ! হায়! উহ! আহা! উহু!

الآهِلُ بِالسُّكَّان : বসতিপূর্ণ। আবাদ।

آ ــــ ي

الآيَةُ (ج) آيَاتٌ : নিশানা। নিদর্শন। উপদেশ। কুরআনে কারীমের একটি নির্দিষ্ট অংশ। আয়াত।

الآيَةُ فِي الْبَرَاعَةِ : নিপুণতার নমুনা। চূড়ান্ত যোগ্যতা।

أ ــــ ب

الإِبَاحِيّ : স্বেচ্ছাচারী। নৈরাজ্যমূলক।

الإِبَاحِيَّة : স্বেচ্ছাচারিতা। নৈরাজ্য।

إِبَاحِيَّةُ بِالشُّوَازِم : বলশেভিজম [বলশেভিক মতবাদ]।

الإِبَادَة : ধ্বংস করা। বিনাশ করা। নির্মূল করা।

إِبَادَةُ الْجِنْس : বংশ বিনাশ করা। সমূলে ধ্বংস করা।

الأَبَّارُ : সুই প্রস্তুতকারক। সুই বিক্রেতা।

الأَبَاطِيل : ভিত্তিহীন কথাবার্তা।

الإِبَالَة : বান্ডিল। প্যাকেট। লাকড়ি, ঘাস ইত্যাদির বোঝা।

الإِبَّانُ : সময়। ঋতু। মৌসুম। কাল।

إِبَّانَ كَذَا : অমুক সময়।

الإِبَاءُ و الإِبَاءَة : অহংকার। বড়ত্ব।

إِبَاءُ الضَّيْم : উৎপীড়ন সহ্য না করা।

الابْتِدَائِيّ : প্রাইমারী। প্রাথমিক। প্রারম্ভিক।

الابْتِزَازُ : লুণ্ঠন। লুটতরাজ। হাইজ্যাক। ছিনতাই করা। অপহরণ করা।

الابْتِزَازُ التَّهْدِيدِيّ : ব্লাকমেইল। ভয় দেখিয়ে আদায়।

ابْتِزَازُ الْمَالِ بِالتَّهْدِيد : ব্লাকমেইল করল। ভয় দেখিয়ে আদায় করল।

الابْتِعَاثُ : প্রতিনিধি পাঠানো। প্রেরণ করা।

الابْتِكَارُ : নতুনত্ব। আবিষ্কার। উদ্ভাবন। সৃষ্টি।

الابْتِيَاعُ : শপিং। কেনাকাটা। মার্কেটিং।

الأَبْجَدِيّ : বর্ণানুক্রমিক।

Free @ www.e-ilm.weebly.com

الْأَبْجَدِيَّة : বর্ণক্রম। বর্ণমালা।

أَبْجَدِيًّا : বর্ণমালার ক্রমানুসারে। বর্ণানুক্রমিকভাবে।

أَبْحَاث (وا) اَلْبَحْثُ : গবেষণামূলক প্রবন্ধ। সন্দর্ভ। রিসার্চ।

الْأَبْحَاثُ النَّوَوِيَّة : পারমাণবিক গবেষণা।

الْإِبْحَار : সমুদ্র পথে ভ্রমণ করা। নৌবিহার।

أَبْخِرَةٌ (وا) البخار : স্টীম। বাষ্প। গ্যাস।

ـــ(وا) البخور ধূপ।

أَبَدًا : সর্বদা। না, কখনো না। মোটেই না। অতীতকালের فعل -এর نفی -এর জন্য, যেমন- مَا رَأَيْتُهُ أَبَدًا আমি তাকে কখনো দেখিনি। আবার ভবিষ্যৎকালের فعل -এর সমর্থনের জন্য, যেমন-لا آخُذُهُ أَبَدًا আমি তা কখনো গ্রহণ করব না। ভবিষ্যৎকালের اثبات -এর সমর্থনের জন্য, যেমন- آكُلُهُ أَبَدًا সুনিশ্চিতই আমি তা ভক্ষণ করব।

الْإِبْدَاع : আবিষ্কার করা। উদ্ভাবন করা। সৃষ্টি করা।

الْإِبْدَاعُ فِي شَيْءٍ : নতুনত্ব সৃষ্টি করা।

الْإِبْدَاعِي (م) الْإِبْدَاعِيَّة : সৃজনশীল। রোমান্টিক। আধুনিকতা-প্রিয়।

الْإِبْدَال : পরিবর্তন করা। বিনিময় করা। বদল করা।

إِبْدَاءُ الْمُلَاحَظَات : মতামত প্রকাশ করা।

الْإِبْرَاد : ১. ডাক পাঠানো। ২. শীতল করা। ৩. উদ্যম নষ্ট করা।

الْإِبْرَاز : প্রতীয়মান করা। প্রকাশ করা। উন্মোচন করা। আবিষ্কার করা। বের করা।

إِبْرَازُ الْحَقِيقَة : সত্য উন্মোচন করা।

إِبْرَازُ وَجَاهَةِ الْفِكْرَة : মতের গুরুত্ব প্রকাশ করা।

الْإِبْرَاقُ إِلى : তারবার্তা পাঠানো। টেলিগ্রাম করা।

إِبْرَاقُ أَسَارِيرِ الْوَجْهِ : চেহারা উজ্জ্বল হওয়া।

إِبْرَاقُ السَّمَاء : আকাশে বিদ্যুৎ চমকানো।

الْإِبْرَام : সুদৃঢ় করা। শক্ত করা। পাকানো।

إِبْرَامُ الْاِتِّفَاق : চুক্তি করা।

إِبْرَامُ الصَّفْقَةِ : ক্রয়বিক্রয় করা।

إِبْرَامُ الْعَقْدِ : সন্ধি করা।

الْإِبْرَاء : নিরপরাধ সাব্যস্ত করা। বেকসুর সাব্যস্ত করা। সুস্থ করা। ডিসচার্জ করা। পদচ্যুত করা।

الْإِبْرَةُ (ج) إِبَارٌ : ১. সুই। সুচ। ২. দংশন। হুল। ৩. পরনিন্দা। চুগলখোরি। ৪. ইনজেকশন।

إِبْرَةُ الْحِيَاكَة : কাপড় বুননের সুই।

إِبْرَةُ الْقَدْحِ فِي السِّلَاحِ النَّارِيِّ : ফায়ারিংপিন।

إِبْرَةُ الْمَلَّاحِين (حقٌ) : কম্পাস।

الْإِبْرَةُ الْمِغْنَطِيسِيَّة : চুম্বকের কাঁটা।

أَبَرَهُ (ن، ض) أَبْرًا : ১. দংশন করা। হুল ফুটানো। ২. পরনিন্দা করা। গিবত করা। অপবাদ দেওয়া। ৩. ইনজেকশন দেওয়া। ৪. ধ্বংস করা।

الْإِبْرَيْسَم : রেশম। সিল্ক।

www.eilm.weebly.com Free @

الإِبْرِيقُ (ج) أَبَارِيق : জগ । পাত্র ।

إِبْرِيقُ الشَّاي : চায়ের কেতলি । টি-পট ।

إِبْرِيقُ القَهْوَة : কফি-পট । কফির পাত্র ।

الإِبْرِيقُ أُسْطُوَانِيُّ الشَّكل : জগ ।

الإِبْرِيقُ والطَّسْتُ : লোটা-চিলুমচি । ঘটি-বাটি ।

إِبْرِيل : شَهْر نَيْسَان : এপ্রিল [মাস] ।

الإِبْطَال : মুলতবি করা । রহিত করা । ক্যান্সেল করা । রহিতকরণ ।

إِبْطَال تَدَاوُلِ العُمْلَةِ : মুদ্রা বাতিল করা ।

إِبْطَال الصَّحِيْفَة : পত্রিকা বন্ধ করা ।

إِبْطَال العَقْدِ : চুক্তি বাতিল করা ।

أَبْطَالٌ (وا) البَطَلُ : বাহাদুর । হিরো । নায়ক ।

الإِبْعَاد : দূরীভূত করা ।

إِبْعَادُ الشَّيْءِ عَنِ الفِكْر : চিন্তা থেকে বের করা ।

أَبْعَادُ الشَّيْء : দূরত্ব । গভীরতা । পার্শ্ব । সীমা ।

الأَبْعَادِيَّة : জমি । ক্ষেত । ভূমি । ফার্ম ।

أَبْعَادُ القَضِيَّة : বিষয়ের দিগ্‌দিগন্ত ।

الإِبْعَادُ عَنِ السُّلْطَة : কর্তৃত্ব হতে সরিয়ে দেওয়া । পদচ্যুত করা ।

أَبْعَاض (وا) البَعْضُ : অংশ । টুকরা । [সমূহ]

الإِبْقَاء عَلَى الحَيَاةِ : জীবন রক্ষা করা ।

الإِبْقَاءُ عَلَى القَوَاعِدِ الحَرْبِيَّة : যুদ্ধের ঘাঁটিসমূহ হেফাজত করা ।

إِبْقَاءُ الوَضْعِ القَائِمِ عَلَى مَا هُوَ عَلَيْهِ : পরিস্থিতি যেমন ছিল তেমন রাখা ।

الإِبْلَاء بِالشَّيْء : পরীক্ষা করা । পুরাতন করা ।

الإِبْلَاغ : নোটিশ । এনাউন্সমেন্ট ।

الإِبْلَاغ بـ : সংবাদ পৌঁছানো । অবহিত করা ।

إِبْلَاغ أَحَدٍ بِالإِنْذَارِ : আল্টিমেটাম দেওয়া । চূড়ান্ত নোটিশ প্রদান করা ।

ابْنُ الأَخِ : ভ্রাতুষ্পুত্র । ভাতিজা । ভাইপো ।

ابْنُ الأُخْتِ : ভাগিনা । ভাগিনেয় ।

الابْنُ بِالرَّضَاعِ : পালিত পুত্র । পালক পুত্র ।

الابْنُ بِالتَّرْبِيَة : পালক পুত্র ।

ابْنُ بَطْنِهِ : উদরপূজারী ।

الابْنُ الشَّرْعِيُّ (ج) أَبْنَاء : বৈধ সন্তান ।

الابْنُ غَيْرُ الشَّرْعِيّ : হারামজাদা । অবৈধ সন্তান ।

أَبَّنَ المَيِّتَ تَأْبِيْنًا : মৃত ব্যক্তির জন্য বিলাপ করা । মাতম করা ।

أَبْنِيَةٌ (وا) البِنَاء : বিল্ডিং । ইমারত । অট্টালিকা ।

أَبْوَابٌ (وا) البَابُ : দরজা । গেট । পরিচ্ছেদ ।

الأَبْوَابُ الثَّابِتَةُ فِي المَجَلَّةِ : পত্রিকার নিয়মিত শিরোনাম ।

أَبُو ظَبِي : আবুধাবী [নগরী] : সংযুক্ত আরব আমিরাতের রাজধানী ।

أَبْوَاق (وا) البُوقُ : হর্ণ । ভেঁপু ।

الأَبِيّ : দাম্ভিক । অহংকারী । দর্পকারী । নাকবিশিষ্ট ।

Free @ www.eilm.weebly.com

أ — ت

الإِتَاحَةُ : বন্দোবস্ত করা। সরবরাহ করা।

إِتَاحَةُ الفُرْصَةِ : সুযোগ দেওয়া।

الإِتَاوَةُ : ১. ক্ষতিপূরণ। বদলা। ট্যাক্স। ২. স্বত্ব। রয়্যালটি। কপিরাইট। ৩. ঘুষ; উৎকোচ।

اِتِّبَاعُ الخُطَّةِ : পরিকল্পনা অনুযায়ী চলা।

اِتِّبَاعُ سِيَاسَةِ الحَزْمِ : সতর্ক পদক্ষেপ গ্রহণ করা। সতর্ক নীতি অবলম্বন করা।

اِتِّبَاعُ الطُّرُقِ الحَدِيثَةِ : অভিনব পন্থা অবলম্বন করা।

الإِتِّجَارُ غَيْرُ الشَّرْعِيِّ : অবৈধ ব্যবসা। অবৈধ ক্রয়বিক্রয়।

الإِتِّجَارُ بِالقَطَاعِيِّ : খুচরা বিক্রয়।

التِّجَارَةُ الحُرَّةُ : ফ্রি ট্রেড। স্বাধীন ব্যবসা।

الإِتِّجَاه (ج) اِتِّجَاهَات : ঝোঁক। প্রবণতা। অনুরাগ।

الإِتِّجَاه الإِقْتِصَادِيّ : অর্থনৈতিক প্রবণতা।

الإِتِّجَاهُ الصُّعُودِيّ : প্রবৃদ্ধির প্রবণতা।

الإِتِّجَاهُ المُعَاكِس : বিরোধী প্রবণতা।

الإِتِّجَاهُ نَحْوَ الصُّعُود : উন্নতির প্রবণতা।

اِتِّجَاه النُّزُول : হ্রাসমূলক প্রবণতা।

الإِتِّجَاه الهُبُوطِيّ : হ্রাসমূলক প্রবণতা।

الإِتِّجَاهَاتُ الإِقْطَاعِيَّة : জমিদারি প্রবণতা।

الإِتِّجَاهَاتُ ذَاتُ الطَّابِعِ الشُّيُوعِيّ : কমিউনিস্ট মনোভাব।

الإِتِّجَاهَاتُ المُحَافِظَةُ : রক্ষণশীল মনোভাব।

الإِتِّحَاد : ঐক্য। সংহতি। মৈত্রী। একতা। ফেডারেশন। এ্যাসোসিয়েশন। ইউনিয়ন।

اِتِّحَاد الآرَاء : ঐকমত্য। মতের মিল।

اِتِّحَادُ البَرِيدِ العَالَمِيّ : আন্তর্জাতিক ডাক ইউনিয়ন।

الإِتِّحَادُ التِّجَارِيّ : ট্রেড ইউনিয়ন।

الإِتِّحَادُ التَّعَاهُدِيّ : কনফেডারেশন।

الإِتِّحَادُ التَّعَاوُنِيّ لِلتَّسْلِيف : ক্রেডিট ইউনিয়ন। ঋণদান সংস্থা।

الإِتِّحَادُ الدُّوَلِيّ لِلنَّقْلِ الجَوِّيّ : ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট এ্যাসোসিয়েশন।

الإِتِّحَادُ السُّوفِيَاتِيّ : সোভিয়েত ইউনিয়ন।

الإِتِّحَادُ الجُمْرُكِيّ : কাস্টমস ইউনিয়ন।

اِتِّحَادُ الحُقُوقِيِّين : বার এ্যাসোসিয়েশন।

اِتِّحَادُ الصَّحَفِيِّين : প্রেস ইউনিয়ন।

اِتِّحَادُ العُمَّال : লেবার ইউনিয়ন। শ্রমিক সংস্থা।

اِتِّحَادُ المُصَدِّرِين : রপ্তানিকারকদের সংগঠন।

اِتِّحَاد نِقَابَات العُمَّال : শ্রমিক ইউনিয়নসমূহের ঐক্য সংস্থা।

الإِتِّحَادِيّ : ইউনিয়নের। ইউনিয়ন সম্পর্কিত।

اِتِّخَاذُ الإِتِّجَاه : মনোভাব অবলম্বন করা।

اِتِّخَاذُ الإِجْرَاء : পদক্ষেপ গ্রহণ করা।

اِتِّخَاذُ الإِجْرَاءَاتِ الإِسْتِثْنَائِيَّة : ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করা।

www.e-ilm.weebly.com Free @

اِتِّخَاذُ الْإِجْرَاءَاتِ الحَازِمَة : সাবধানতামূলক পদক্ষেপ গ্রহণ করা।

اِتِّخَاذُ الإِجْرَاءِ القَاسِي : কঠোর পদক্ষেপ গ্রহণ করা।

اِتِّخَاذ الإِجْرَاءَاتِ القَانُونِيَّةِ بِحَقِّ فُلَان : কারো জন্য আইনি পদক্ষেপ গ্রহণ করা।

اِتِّخَاذُ التَّرْتِيبَات : প্রস্তুতি গ্রহণ করা।

اِتِّخَاذُ التَّوْصِيَات : সুপারিশ করা।

اِتِّخَاذُ طَابَعِ كَذَا : ছাপ গ্রহণ করা। আকৃতি গ্রহণ করা।

اِتِّخَاذُ طَابَعِ الدَّوَام : স্থায়ী অবস্থান অবলম্বন করা।

اِتِّخَاذُ القَرَار : মীমাংসা করা। সিদ্ধান্ত করা। প্রস্তাব পাস করা।

اِتِّخَاذُ القَرَارِ بِالتَّصْوِيتِ : ভোটের মাধ্যমে প্রস্তাব পাস করা।

اِتِّخَاذُ المُبَادَرَة : উদ্যোগ গ্রহণ করা।

اِتِّخَاذُ المَحَلِّ المُخْتَار : পছন্দনীয় স্থান গ্রহণ করা।

اِتِّخَاذ المَوْقِف : অবস্থান গ্রহণ করা।

اِتِّخَاذ الأَوْضَاع : পোজিশন নেওয়া।

اِتِّخَاذ الحَذَرِ مِنْ كَذَا : সাবধানতা অবলম্বন করা।

اِتِّخَاذ الخُطْوَة : পদক্ষেপ নেওয়া।

اِتِّخَاذُ مَوَاقِعِ القِتَالِ : যুদ্ধের ঘাঁটি নিয়ন্ত্রণ করা।

اِتَّخَذَه سُلَّمًا لِأَغْرَاضِه : তাকে স্বীয় স্বার্থসিদ্ধির জন্য মাধ্যম বানিয়েছে।

أَتْرَابٌ (وا) التِّرْب : সমসাময়িক।

أَتْرَابٌ (وا) التُّرْبَة : ১. মাটি। মৃত্তিকা। ২. কবর

أَتْرَاح (وا) التَّرَحُ : দুঃখ। বেদনা। বিষণ্ণতা।

أَتْرَاسٌ (وا) التُّرْس : ঢাল।

الإِتْرَاع : পূর্ণ করা। ভরাট করা।

الإِتْرَاف : পরিতৃপ্ত করা।

الاِتِّزَانُ : গাম্ভীর্য। ভারসাম্যপূর্ণতা।

اِتِّسَاعُ الآفَاقِ : পরিধি বিস্তৃত হওয়া।

اِتِّسَاعُ رُقْعَةِ الشَّيْءِ : ময়দান প্রশস্ত হওয়া। পরিধি ব্যাপক হওয়া।

اِتِّسَاعُ الفَجْوَةِ بَيْنَ وَبَيْنَ : মধ্যকার দূরত্ব বৃদ্ধি পাওয়া।

اِتِّسَام الشَّيْءِ بِكَذَا : গুণান্বিত হওয়া। ধারক হওয়া।

اِتَّسَمَ المَوْقِف بِالتَّشْدِيدِ المُتَزَايِد : পরিস্থিতি ক্রমান্বয়ে জটিল আকার ধারণ করেছে।

التَّصَالُحُ مَعَ العَدُوِّ : শত্রুর সাথে সন্ধি করা।

الاِتِّصَال (ج) اِتِّصَالَات : সংযোগ। কানেকশন। মিলন। যোগাযোগ।

الاِتِّصَالَات التِّلِيفُونِيَّة : টেলি-যোগাযোগ।

الاِتِّصَالُ الجَوِّيُّ : আকাশ পথের যোগাযোগ।

الاِتِّصَالُ الدِّبْلُومَاسِيُّ : কূটনৈতিক সম্পর্ক।

الاِتِّصَالَات السِّرِّيَّة : গোপন সম্পর্ক। আঁতাত।

الاِتِّصَالَات العَالَمِيَّة : আন্তর্জাতিক সম্পর্ক।

الاِتِّصَالَات المُكَثَّفَة : গভীর সম্পর্ক। নিবিড় সম্পর্ক।

الاِتِّصَالُ المُبَاشِرُ : সরাসরি যোগাযোগ।

الاِتِّصَالُ بِأَحَد تِلِيفُونِيًّا : কারো সাথে টেলিফোনে যোগাযোগ করা।

Free @ www.ilmweebly.com

(وَسَائِلُ) الاِتِّصَال যোগাযোগ [মাধ্যম]।

أَتْعَاب (وا) التَّعَب : পারিশ্রমিক। ফিস। ফি।

أَتْعَاب المُحَاسِب : এ্যাকাউন্টেন্ট ফি।

أَتْعَاب المُحَامِي : উকিল ফি।

أَتْعَاب الطَّبِيْب : ডাক্তার ফি।

أَتْعَاب المُرَاجَعَة : অডিট ফি।

اَلاِتِّفَاقُ (ج) اِتِّفَاقَات : চুক্তি। সন্ধি। এ্যাগরিমেন্ট।

اِتِّفَاق الآرَاء : ঐকমত্য। মতৈক্য। সর্বসম্মতি।

الاِتِّفَاقُ التِّجَارِيّ : বাণিজ্যিক চুক্তি।

الاِتِّفَاقُ الثُّنَائِيّ : দ্বিপাক্ষিক চুক্তি।

الاِتِّفَاقُ الثُّلَاثِيّ : ত্রিপক্ষীয় চুক্তি।

الاِتِّفَاقُ الجُزْوِيّ : আংশিক চুক্তি।

الاِتِّفَاقُ الشَّفَوِيّ : মৌখিক চুক্তি।

الاِتِّفَاقُ عَلَى الخُطُوْطِ الرَّئِيْسِيَّة : মৌলিক বিষয়ের উপর ঐকমত্য।

الاِتِّفَاقُ المَبْدَئِيّ : নীতি চুক্তি।

الاِتِّفَاقُ المُتَبَادِلُ : পারস্পরিক চুক্তি।

الاِتِّفَاقُ المُنْفَرِد : পৃথক পৃথক চুক্তি।

اِتِّفَاقُ وِجهَاتُ النَّظَر : মতৈক্য। ঐক্য। ঐকমত্য।

الاِتِّفَاقُ الكِتَابِيّ : লিখিত চুক্তি।

الاِتِّفَاقُ الوُدِّيّ : সৌহার্দপূর্ণ চুক্তি।

اِتِّفَاقَات جَنِيْف : জেনেভা চুক্তিসমূহ।

الاِتِّفَاقَاتُ الدُّوَلِيَّة : আন্তর্জাতিক চুক্তিসমূহ।

الاِتِّفَاقِيَّة (ج) اِتِّفَاقِيَّات : চুক্তি। সন্ধি। এ্যাগরিমেন্ট।

الاِتِّفَاقِيَّة الثُّنَائِيَّة : দ্বিপাক্ষিক চুক্তি।

اِتِّفَاقِيَّة السَّلَام : শান্তিচুক্তি।

اِتِّفَاقِيَّة الاِسْتِسْلَام : আত্মসমর্পণ চুক্তি।

اِتِّفَاقِيَّة الهُدْنَة : সন্ধিচুক্তি।

اِتِّفَاقِيَّة الجَلَاء : দেশান্তরকরণ চুক্তি।

اِتِّفَاقِيَّة كَامْدِيفِيْد : ক্যাম্পডেভিট চুক্তি, যা মিশর ও ইসারাইলের মধ্যে সংঘটিত হয়েছিল।

الاِتِّفَاقِيَّة المُنْفَصِلَة : ব্যক্তিগত চুক্তি। পৃথক চুক্তি।

اِتِّفَاقِيَّة الدَّفْع : প্রত্যর্পণ চুক্তি।

الاِتِّفَاقَاتُ السِّلْعِيَّة : পণ্যের চুক্তি।

الاِتْقَان : সুদৃঢ় করা। নৈপুণ্য অর্জন করা। পরিপক্বতা। নৈপুণ্য। পারদর্শিতা।

إِتْقَان التَّزْيِيْف : নকলবাজিতে পারদর্শিতা প্রদর্শন করা।

إِتْقَان القِيَادَة : ড্রাইভারি বিদ্যায় পারদর্শী হওয়া। পারদর্শিতা অর্জন করা।

إِتْلَاف الدَّفَاتِر او السِّجِلَّات : রেকর্ড নষ্ট করা। ফাইল গায়েব করা।

الأُتُمْبِيل : মোটর।

أَتُن (وا) الأَتُون : ইটের ভাটা। চুল্লি। তন্দুর।

أَتَى إِلَى الحُكْمِ عَلَى أَسِنَّةِ الحِرَابِ : অস্ত্রবলে ক্ষমতার মসনদ দখল করা।

Free @ www.eilm.weebly.com

أَتَى الْجُرْمَ إِتْيَانًا : অপরাধ করা।

أَتَى الْعَمَلَ إِتْيَانًا : কার্য সম্পাদন করা।

أ ـــ ث

الأَثَاثُ : ফার্নিচার। গৃহের ভূষণ সামগ্রী।

أَثَاثُ الْبَيْتِ : গৃহ সামগ্রী। ঘরোয়া সামান। ফার্নিচার।

أَثَاثُ الْمَكْتَبِ : অফিস ফার্নিচার।

الإِثَارَةُ : উত্তেজিত করা। প্ররোচিত করা। প্রজ্বলিত করা।

إِثَارَةُ الأَزْمَةِ : সঙ্কট সৃষ্টি করা।

إِثَارَةُ الاِضْطِرَابَاتِ : দাঙ্গা বাঁধানো।

إِثَارَةُ الْبَلْبَلَةِ : অস্থিরতা সৃষ্টি করা।

إِثَارَةُ الثَّوْرَةِ : উত্তেজনা সৃষ্টি করা। আন্দোলন গড়ে তোলা। বিপ্লব ঘটানো।

إِثَارَةُ حَنَقِ فُلَان : ক্রুদ্ধ করা। রাগান্বিত করা।

إِثَارَةُ الدَّهْشَةِ : আশ্চর্যান্বিত করা।

إِثَارَةُ الذُّهُولِ : হতবুদ্ধি করা। দুশ্চিন্তাগ্রস্ত করা।

إِثَارَةُ الرَّأْيِ الْعَامِّ : জনমত জাগ্রত করা।

إِثَارَةُ الرُّعْبِ فِي النُّفُوسِ : আতঙ্ক সৃষ্টি করা।

إِثَارَةُ السُّخْطِ : ঘৃণা জন্মানো।

إِثَارَةُ الشُّبُهَاتِ : সংশয় সৃষ্টি করা।

إِثَارَةُ الشُّكُوكِ : সংশয় সৃষ্টি করা। দ্বিধাগ্রস্ত করা।

إِثَارَةُ الشُّعُورِ : অনুভূতি উত্তেজিত করা।

إِثَارَةُ الشَّغَبِ : বিশৃঙ্খলা সৃষ্টি করা।

إِثَارَةُ الضَّجَّةِ : আতঙ্ক সৃষ্টি করা। ত্রাস ছড়ানো।

إِثَارَةُ الضَّجِيجِ ضِدَّ فُلَان : কারো বিরুদ্ধে গণ্ডগোল ছড়ানো।

إِثَارَةُ الْعَوَاطِفِ : অনুভূতি উত্তেজিত করা।

إِثَارَةُ الْعِدَاءِ ضِدَّ : বৈরিতা সৃষ্টি করা।

إِثَارَةُ غَضَبِ الرَّأْيِ الْعَامِّ : জনমত উত্তেজিত করা।

إِثَارَةُ الْفِتَنِ : দাঙ্গা বাঁধানো। বিশৃঙ্খলা সৃষ্টি করা।

إِثَارَةُ الْفَوْضَى : অরাজকতা সৃষ্টি করা।

إِثَارَةُ الْقَضَايَا : বিষয় সৃষ্টি করা।

إِثَارَةُ الْقَلَقِ : অস্থিরতা সৃষ্টি করা।

إِثَارَةُ الْقَلَاقِلِ : অস্থিরতা সৃষ্টি করা। পেরেশানি খাড়া করা।

إِثَارَةُ الْقَضِيَّةِ : বিষয় উত্থাপন করা।

إِثَارَةُ الْكَرَاهَةِ : ঘৃণা বিস্তার করা।

إِثَارَةُ الْمَخَاوِفِ : সন্ত্রস্ত করা।

إِثَارَةُ الْمَسْئَلَةِ لِلْمُنَاقَشَةِ : আলোচনার জন্য বিষয় উত্থাপন করা।

إِثَارَةُ الْمَشَاكِلِ : জটিলতা সৃষ্টি করা।

إِثَارَةُ الْمَعَارِكِ : যুদ্ধ বাঁধানো। ঝগড়া সৃষ্টি করা।

إِثَارَةُ النَّارِ : অগ্নি প্রজ্বলিত করা।

إِثَارَةُ النُّقْطَةِ : সমস্যা সৃষ্টি করা।

إِثَارَةُ الْوَعْيِ : চেতনা জাগ্রত করা।

Free @ www.e-ilmweebly.com

إِثَارَةُ الْوَعْيِ الدِّيْنِيِّ : ধর্মীয় চেতনা জাগ্রত করা।

إِثَارَةُ الْمَوْضُوْعِ : আলোচনা উত্থাপন করা।

إِثَارَةُ الْمَوْقِفِ : মত উত্থাপন করা।

الْإِثْبَات : ১. প্রমাণ। দলিল। ২. সমর্থন করা। পক্ষপাতিত্ব করা। স্থির রাখা। **অটল** রাখা। ৩. অস্থায়ী কর্মচারীকে স্থায়ী করা। ৪. **স্থায়ী** মঞ্জুরি। ৫. নোট করা।

إِثْبَاتُ الْبَيَانَاتِ : বিবরণ লিপিবদ্ধ করা।

إِثْبَاتُ الذَّاتِيَّةِ : আত্মপরিচয় তুলে ধরা।

الْإِثْبَاتَاتُ اللَّازِمَةُ : অত্যাবশ্যকীয় প্রমাণাদি।

الْإِثْبَاتُ فِي دَفْتَرِ الْيَوْمِيَّةِ : ডায়েরিতে অন্তর্ভুক্ত করা।

إِثْبَاتُ الزَّعَامَةِ عَلَى الْعَالَمِ : বিশ্বব্যাপী নেতৃত্ব প্রতিষ্ঠা করা।

إِثْبَاتُ الصِّحَّةِ الْقَانُوْنِيَّةِ : আইনানুগ সঠিকতা প্রমাণিত করা।

الْإِثْبَاتُ الْكَافِيُّ : পূর্ণাঙ্গ প্রমাণ।

إِثْخَانُ الْجِرَاحِ : আঘাত মুমূর্ষ করে ফেলা।

الْأَثَرُ (ج) آثَار : ১. চিহ্ন। নিশানা। ২. পুরাতত্ত্ব। প্রাচীন ভবন।

الْأَثَرُ السَّيِّئُ : মন্দ প্রভাব।

الْأَثَرُ الطَّيِّبُ : ভালো প্রভাব।

أَثَرُ الضَّرْبِ : প্রহারের চিহ্ন।

أَثَرُ الْجُرْحِ : ক্ষতচিহ্ন।

أَثَرُ الْقَدَمِ : পদচিহ্ন।

أَثَرُ الصَّدَاقَةِ : হৃদ্যতার নিদর্শন।

أَثَرُ الْحُزْنِ : শোকের ছাপ।

إِثْرَ : পরে।

الْإِثْرَاءُ : ধনবান হওয়া।

إِثْرَاءُ الشَّيْءِ : সমৃদ্ধ করা।

الْأَثَرِيُّ : পুরাতত্ত্ববিদ। প্রত্নতাত্ত্বিক।

إِثْرَ شَيْءٍ : কোনো বিষয়ের পরিণামে।

أَثْرِيَاءُ (وا) الثَّرِيُّ : ধনবান। বিত্তশালী। ঐশ্বর্যশালী।

أَثْقَالٌ (وا) الثِّقْلُ : বোঝা। ভারী। লোড। দুঃখ। বেদনা।

أَثْقَالُ الْأَرْضِ : মাটির নিচে প্রোথিত সম্পদ।

إِثْقَالُ الْكَاهِلِ بِالْعَمَلِ : ভারাক্রান্ত করা।

أَثْقَلَ الشَّيْءُ إِثْقَالًا : ভারাক্রান্ত হওয়া। ভারী হওয়া।

أَثْلَامٌ (وا) الثَّلْمُ : ফাটল। ছিদ্র। চিড়।

أَثْلَجَتِ السَّمَاءُ إِثْلَاجًا : আকাশ থেকে বরফপাত হওয়া। তুষারপাত হওয়া।

أَثْلَجَ صَدْرَهُ إِثْلَاجًا : প্রাণ জুড়ানো।

الْإِثْمَالُ : মাতাল করা। নেশাগ্রস্ত করা।

أَثْمَانٌ (وا) الثَّمَنُ : মূল্য। রেট। দর।

أَثْمَانُ التَّجْزِئَةِ : খুচরা মূল্য।

الْإِثْنَاءُ عَنْ شَيْءٍ : বিরত রাখা।

أَثْنَى عَلَيْهِ فِي كَذَا ـ إِثْنَاءً : প্রশংসা করা।

أَثْوٰى فِيْهِ وِبِهِ إِثْوَاءً : অবস্থান করা। স্থায়ী হওয়া। মৃত্যুবরণ করা। সমাধিস্থ করা। দাফন করা।

أَثْوٰى صَاحِبَهُ إِثْوَاءً : অবস্থান করানো। আপ্যায়ন করা।

أَثْوَابٌ (وا) الثَّوْبُ : কাপড়। চাদর। বস্ত্র। পোশাক।

الأَثِيْمُ : পাপী। গুনাহগার। দোষী। অপরাধী।

أَثْيُوبِيَا : ইথিওপিয়া। আফ্রিকার একটি দেশ।

أ ــــــ ج

الإِجَاءَةُ : উপস্থিত করা।

الإِجَابَةُ : উত্তর দেওয়া। প্রার্থনা মঞ্জুর করা। জবাবদিহি। মঞ্জুরি।

الإِجَابَةُ إِلَى الطَّلَبِ : আবেদন মঞ্জুর করা। অনুমোদন করা।

الإِجَابَةُ عَلٰى وَعَنْ : জবাব দেওয়া। উত্তর দেওয়া।

إِجَابَةً لِطَلَبِكُمْ : তোমাদের আবেদনের পরিপ্রেক্ষিতে।

الإِجَادَةُ : ভালো করা।

الإِجَارَةُ : সাহায্য করা। মুক্তি দেওয়া। আশ্রয় দেওয়া।

الإِجَازَةُ (ج) إِجَازَات : ১. পারমিট। লাইসেন্স। পাস। ২. ডিক্রি। ৩. অনুমতি। ছুটি। পারমিশন। সনদ। সার্টিফিকেট। অনুমোদন। ৪. বৈধ করা।

الإِجَازَةُ الدِّرَاسِيَّةُ : শিক্ষা ছুটি।

الإِجَازَةُ بِالتَّرْخِيْصِ الرَّسْمِيِّ : লাইসেন্স প্রদান করা।

الإِجَازَةُ بِدُوْنِ مُرَتَّبٍ : অবৈতনিক ছুটি।

الإِجَازَةُ بِكَذَا : অনুমোদন দেওয়া।

الإِجَازَةُ الرَّسْمِيَّةُ : ১. সরকারি ছুটি। ২. লাইসেন্স।

الإِجَازَةُ الْعَرْضِيَّةُ : সাময়িক ছুটি। তাৎক্ষণিক ছুটি।

الإِجَازَةُ الْعِلْمِيَّةُ : ডিপ্লোমা। সনদ। সার্টিফিকেট।

إِجَازَةُ الْغِيَابِ : অনুপস্থিতির ছুটি।

الإِجَازَةُ الْمَرَضِيَّةُ : অসুস্থতার ছুটি।

إِجَازَةُ الْمُحَامَاةِ : ব্যারিস্টারি ডিক্রি।

إِجَازَةُ الْمُرُوْرِ : পাসপোর্ট।

الإِجَازَةُ مِنَ الْعَمَلِ : কর্মবিরতির ছুটি।

الإِجْبَارُ : বাধ্য করা। শক্তি প্রয়োগ করা।

الإِجْبَارُ عَلَى الإِسْتِسْلَامِ : নতি স্বীকারে বাধ্য করা।

الإِجْبَارُ عَلٰى تَغْيِيْرِ الْمَوْقِفِ : পলিসি পরিবর্তন করতে বাধ্য করা।

الإِجْبَارُ عَلَى التَّقَهْقُرِ : পিছু হটতে বাধ্য করা।

الإِجْبَارِيُّ : বাধ্যতামূলক। আবশ্যিক।

اِجْتَاحَتِ الْبِلَادَ مَوْجَةٌ مِنْ كَذَا : দেশে কোনো কিছুর ঢল আসা। দেশ ঢলের কবলে পড়া।

اِجْتَاحَتِ الْمَوْجَةُ الْبَارِدَةُ الْبِلَادَ كُلَّهَا : শৈত্যপ্রবাহ পূর্ণ দেশকে গ্রাস করেছে। সমগ্র দেশ শৈত্যপ্রবাহের কবলে পড়েছে।

Free @ www.e-ilm.weebly.com

Free@www.eilm.weebly.com

الاِجْتِثَاث : মূলোৎপাটন করা। দূরীভূত করা। সরিয়ে দেওয়া। হটানো।

الاِجْتِدَاء : প্রার্থনা করা। ভিক্ষা করা।

اِجْتِذَابُ الْقَلْب : মোহিত করা; প্রণয়াসক্ত করা।

الاِجْتِذَابُ : আকর্ষণ করা; আকৃষ্ট করা।

اِجْتِرَاحُ الإِثْم : অপরাধে লিপ্ত হওয়া।

الاِجْتِرَاعُ : পান করা। ঢোক গিলা। গলাধঃকরণ করা।

الاِجْتِرَافُ : পরিষ্কার করা; খুটিয়ে তোলা। পানি কোনো জিনিসকে ভাসিয়ে নিয়ে যাওয়া।

الاِجْتِرَامُ : অপরাধ করা।

الاِجْتِمَاعُ (ج) اِجْتِمَاعَات : সম্মেলন। বৈঠক। মিটিং। সভা। কনভেনশন। সাক্ষাৎ।

الاِجْتِمَاع الاِسْتِثْنَائِيّ : বিশেষ বৈঠক।

اِجْتِمَاع الأَنْهُر : নদীর মিলনস্থল। মোহনা।

الاِجْتِمَاع بِهِ : সাক্ষাৎ করা। মিলিত হওয়া।

الاِجْتِمَاع الحَاشِد : মহাসম্মেলন। বিশাল সভা।

اِجْتِمَاع الجَمْعِيَّة : এ্যাসেম্বলীর অধিবেশন। সংসদ অধিবেশন।

الاِجْتِمَاعُ السِّرِّي : গোপন বৈঠক। রুদ্ধদ্বার বৈঠক।

الاِجْتِمَاعُ الدَّوْرِيّ : সাময়িক বৈঠক। বছরের নির্দিষ্ট সময়ে অনুষ্ঠিতব্য সভা-সমাবেশ।

اِجْتِمَاعُ الدَّائِنِيْن : ঋণদাতাদের মিটিং।

الاِجْتِمَاعُ السَّنَوِيّ : বার্ষিক সভা।

اِجْتِمَاعُ الطُّرُق : চৌরাস্তা। চৌমুহনি।

اِجْتِمَاعُ مَجْلِسِ الأَمْن : নিরাপত্তা পরিষদের অধিবেশন।

اِجْتِمَاعُ مَجْلِسِ الإِدَارَة : বোর্ড মিটিং। পরিচালনা পরিষদের মিটিং।

الاِجْتِمَاعُ المُغْلَق : রুদ্ধদ্বার বৈঠক।

اِجْتِمَاعُ المَنْدُوبِيْن : প্রতিনিধি সম্মেলন। কনভেনশন।

الاِجْتِمَاعُ المُوَسَّع : মহাসম্মেলন।

اِجْتِمَاعُ هَيْئَةِ الوِزَارَة : মন্ত্রিপরিষদের বৈঠক।

اِجْتِمَاعِيًّا : সম্মিলিতভাবে।

الاِجْتِمَاعِيّ : সামাজিক। সোশ্যাল। সমাজ-বিষয়ক।

اِجْتِمَاعِيُّ النَّزْعَة : সামাজিক মনোভাবাপন্ন।

الاِجْتِمَاعِيَّة : সামাজিকতা।

اِجْتَمَعَتِ اللَّجْنَةُ الْيَوْمَ : আজ কমিটির মিটিং অনুষ্ঠিত হয়েছে।

اِجْتَمَعَ إِلَى فُلَانٍ : কারো সাথে সাক্ষাৎ করা।

اِجْتَمَعَ مَعَ فُلَانٍ : কারো সাথে সাক্ষাৎ করা।

الاِجْتِنَابُ : সংযমী হওয়া। বিরত থাকা। দূরে সরে থাকা। এড়িয়ে চলা। নিবৃত্তি।

الاِجْتِيَاحُ : বিধ্বস্ত করা। মূলোৎপাটন করা। নির্মূল করা।

الاِجْتِيَازُ : অতিক্রম করা। পার হওয়া। পাস করা। উত্তীর্ণ হওয়া। ক্রস করা।

Free @ www.e-ilm.weebly.com

اِجْتِيَازُ الْاِمْتِحَانِ : পরীক্ষায় পাস করা ।

اِجْتِيَازُ الدَّوْر : কালযাপন করা । সময়ের আবর্তন অতিক্রম করা ।

اِجْتِيَازُ الشِّدَّة : বিপদ কাটিয়ে ওঠা ।

اِجْتِيَازُ الطَّرِيق : পথ অতিক্রম করা ।

إِجَّاصٌ (وا) الاجَّاصَةُ : আলুবোখারা ।

أَجَّجَ النَّار - تَأْجِيجًا : আগুন প্রজ্বলিত করা ।

الإِجْدَابُ : দুর্ভিক্ষ কবলিত হওয়া ।

الإِجْدَاءُ : উপকৃত করা । কল্যাণ সাধন করা ।

الأَجْدَرُ : যোগ্যতর । অধিক উপযুক্ত ।

الأَجْر (ج) أُجُور : বদলা । ভাড়া । ভাতা । বেতন । পারিশ্রমিক । মূল বেতন ।

الأَجْر الأَسَاسِيّ : মূল বেতন ।

الأَجْر الإِضَافِيّ : বর্ধিত বেতন ।

الأَجْر بِالْقِطْعَة : কর্তিত বেতন ।

أَجْر سَاعَاتِ الْعَمَلِ الإِضَافِيَّةُ : ওভারটাইমের বেতন ।

الأَجْر الْعَيْنِيّ : নগদ বেতন ।

الأَجْر الْمُقَرَّر : নির্ধারিত ফি বা বেতন ।

أَجْر الْوَقْتِ الإِضَافِيّ : ওভারটাইমের বেতন ।

الإِجْرَاء (ج) إِجْرَاءَات : ব্যবস্থাগ্রহণ । পদক্ষেপ ।

إِجْرَاء الأَبْحَاث : অনুসন্ধান চালানো ।

إِجْرَاء الاتِّصَالَات مَعَ أَحَدٍ : কারো সাথে সম্পর্ক স্থাপন করা ।

إِجْرَاء الاتِّصَال الْهَاتِفِيّ مَعَ أَحَدٍ : টেলিফোনে কথা বলা ।

الإِجْرَاءُ الاحْتِرَازِيّ : সতর্কতামূলক ব্যবস্থা ।

إِجْرَاءُ الاخْتِبَار : টেস্ট করা । পরীক্ষা চালানো ।

الإِجْرَاءُ الاسْتِثْنَائِيّ : ব্যতিক্রম পদক্ষেপ ।

إِجْرَاءُ الاسْتِصْوَاب : সঠিকতা যাচাই করা ।

إِجْرَاءُ الإِسْعَافَاتِ الطِّبِّيَة الأُوْلى : প্রাথমিক চিকিৎসা দেওয়া ।

الإِجْرَاءُ الأَمْنِي : নিরাপত্তামূলক ব্যবস্থা ।

إِجْرَاء الانْتِخَاب الْبَرْلَمَانِيّ الْمُبَاشِر : সরাসরি সংসদ নির্বাচন করানো ।

الإِجْرَاءُ التَّأْدِيبِيّ : শাস্তিমূলক পদক্ষেপ । প্যানাল্টি ।

إِجْرَاءُ التَّجْرِبَة تَمْهِيدًا لِكَذَا : কোনো কিছুর প্রস্তুতিমূলক পরীক্ষা চালানো ।

إِجْرَاءُ التَّجْرِبَة : যাচাই করা ।

إِجْرَاءُ التَّحَرِّيَات : অনুসন্ধান করা । যাচাই করা ।

إِجْرَاءُ التَّحْقِيقِ مَعَ أَحَدٍ : কারো নিকট জিজ্ঞাসাবাদ করা । অনুসন্ধান করা ।

إِجْرَاءُ التَّحْقِيقِ فِي قَضَايَا الْفَسَاد : গণ্ডগোল সম্পর্কিত মামলার তদন্ত করা ।

إِجْرَاءُ التَّحْقِيقِ فِي الْمَحْسُوبِيَّة : পক্ষপাতিত্বের তদন্ত করা ।

إِجْرَاءُ التَّحْقِيقِ حَوْلَ الْحَادِث : ঘটনার তদন্ত করা ।

إِجْرَاءُ التَّحْقِيقَات : অনুসন্ধান করা । তদন্ত করা ।

Free @ www.eilm.weebly.com

إِجْرَاءُ التَّفْجِيرِ النَّوَوِيِّ فِي بَاطِنِ الأَرْضِ : মাটির নিচে পারমাণবিক বিস্ফোরণ ঘটানো।

إِجْرَاءُ التَّنَقُّلَاتِ الدَّاخِلِيَّةِ : অভ্যন্তরীণ রদবদল করা।

الإِجْرَاءُ الحَازِمُ : মজবুত পদক্ষেপ।

الإِجْرَاءُ الحَزْمِيُّ : সতর্কতামূলক পদক্ষেপ।

إِجْرَاءُ الحِوَارِ مَعَ أَحَدٍ : সাক্ষাৎকার গ্রহণ করা।

الإِجْرَاءُ الحُكُومِيُّ : সরকারি পদক্ষেপ।

إِجْرَاءُ الدِّرَاسَةِ حَوْلَ كَذَا : চিন্তাভাবনা করা।

الإِجْرَاءُ الرَّسْمِيُّ : নিয়মতান্ত্রিক পদক্ষেপ।

الإِجْرَاءُ غَيْرُ السَّدِيدِ : ভুল পদক্ষেপ।

الإِجْرَاءُ الشَّكْلِيُّ : প্রথাগত পদক্ষেপ।

إِجْرَاءُ الفَحْصِ : ডাক্তারি পরীক্ষা।

الإِجْرَاءُ القَانُونِيُّ : আইনগত পদক্ষেপ।

الإِجْرَاءُ القَضَائِيُّ : আদালতি ব্যবস্থা।

إِجْرَاءُ اللِّقَاءِ : সাক্ষাৎ করা।

إِجْرَاءُ المُحَادَثَاتِ : সাক্ষাৎকার গ্রহণ করা। ইন্টারভিউ নেওয়া।

إِجْرَاءُ المُحَادَثَةِ مَعَ : আলোচনা করা। কথাবার্তা বলা।

إِجْرَاءُ المُحَادَثَاتِ المُثْمِرَةِ مَعَ فُلَانٍ : ফলপ্রসূ আলোচনা করা।

إِجْرَاءُ المُحَادَثَاتِ السِّرِّيَةِ : গোপন আলোচনা।

إِجْرَاءُ المَرَاسِمِ : প্রথা পালন করা। রসম আদায় করা।

إِجْرَاءُ مَسْحِ الشَّيْءِ : সার্ভে করানো।

إِجْرَاءُ المُشَاوَرَاتِ الكِتَابِيَّةِ لِكَذَا : লিখিত পরামর্শ করা।

إِجْرَاءُ المُشَاوَرَاتِ مَعَ : পরামর্শ করা।

الإِجْرَاءُ المُضَادُّ : পাল্টা ব্যবস্থা।

إِجْرَاءُ المُقَابَلَةِ مَعَ أَحَدٍ : সাক্ষাৎকার গ্রহণ করা। ইন্টারভিউ নেওয়া।

إِجْرَاءُ المُبَاحَثَةِ حَوْلَ كَذَا : পরস্পর আলোচনা করা।

إِجْرَاءُ المُفَاوَضَاتِ : আলোচনা করা। কথাবার্তা বলা।

إِجْرَاءُ المُكَالَمَةِ التِّلِيفُونِيَّةِ : টেলিফোন কল করা। রিং করা।

الإِجْرَاءُ النِّهَائِيُّ : চূড়ান্ত পদক্ষেপ। চূড়ান্ত ব্যবস্থা।

الإِجْرَاءَاتُ : ব্যবস্থাসমূহ। পদক্ষেপসমূহ।

الإِجْرَاءَاتُ الإِدَارِيَّةُ : পরিচালনা-বিষয়ক পদক্ষেপ।

الإِجْرَاءَاتُ الإِسْتِفْزَازِيَّةُ : সন্ত্রাসী কর্মকাণ্ড।

إِجْرَاءَاتُ الأَمْنِ : নিরাপত্তামূলক ব্যবস্থা।

الإِجْرَاءَاتُ الأَمْنِيَّةُ : নিরাপত্তামূলক পদক্ষেপ।

الإِجْرَاءَاتُ الأَمْنِيَّةُ الكَثِيفَةُ/المكثفة : নিশ্ছিদ্র নিরাপত্তামূলক ব্যবস্থা।

إِجْرَاءَاتُ التَّحْكِيمِ : আদালতের ব্যবস্থাগ্রহণ। সালিসি পদক্ষেপ।

الإِجْرَاءَاتُ التَّعَسُّفِيَّةُ : স্বেচ্ছাচারী পদক্ষেপ।

إِجْرَاءَاتُ التَّصْدِيرِ : রপ্তানি পদক্ষেপ।

الإِجْرَاءَاتُ التَّمْهِيدِيَّةُ : প্রাথমিক পদক্ষেপ।

الإِجْرَاءَاتُ الجُمْرُكِيَّةُ : শুল্ক আদায় সংক্রান্ত পদক্ষেপ।

Free © www.ejlm.weebly.com

الإجراءات الحازمة : সতর্কতামূলক ব্যবস্থা।

الإجراءات الحاسمة : ব্যাপক পদক্ষেপ। কঠোর পদক্ষেপ। চূড়ান্ত পদক্ষেপ।

الإجراءات الدفاعية : প্রতিরক্ষা ব্যবস্থা।

الإجراءات الطارئة : ইমারজেন্সি পদক্ষেপ।

الإجراءات الضرورية : প্রয়োজনীয় পদক্ষেপ/ব্যবস্থা।

الإجراءات العاجلة : তড়িৎ পদক্ষেপ।

الإجراءات العسكرية : সামরিক পদক্ষেপ।

الإجراءات العنيفة : কঠোর পদক্ষেপ।

الإجراءات الفعالة : কার্যকর পদক্ষেপ।

الإجراءات القمعية : বিধ্বংসী পদক্ষেপ।

الإجراءات الكفيلة পর্যাপ্ত পদক্ষেপ।

الإجراءات المشددة : কঠোর পদক্ষেপ।

الإجراءات المكتبية : অফিসিয়াল পদক্ষেপ।

الإجرائي : পদক্ষেপ বা ব্যবস্থাগ্রহণ সংক্রান্ত।

أجرام (وا) الجرم : পাপ। অপরাধ [সমূহ]।

الإجرام المنظم : পরিকল্পিত অপরাধ।

الأجرة (ج) أجرات : ভাড়া। পারিশ্রমিক। বেতন। ভাতা। কর। মাসুল। ফি।

أجرة البريد : পোস্টেজ। ডাকমাসুল।

أجرة التعليم : টিউশন ফি।

أجرة الطبيب : চিকিৎসা ফি। ডাক্তারি ফি।

أجرة المحامي : উকিল ফি।

أجرة المدرسة : স্কুল ফি।

أجرة السفر : ভ্রমণ কর।

أجرة النقل : ট্রান্সপোর্ট কর। ভ্রমণ খরচ।

أجرة النقل المدفوعة : আদায়কৃত মাশুল। আদায়কৃত পরিবহন চার্জ।

الأجرة الكاملة : ফুল রেট। পূর্ণ প্রতিদান।

أجزاء (وا) الجزء : অংশ। টুকরা। পার্ট। পীস।

الأجزاء البديلة : বাজে টুকরা।

أجزا خانة : ফার্মেসি। ডিসপেনসারি।

الأجزجي : ফার্মাসিস্ট। ঔষধ বিক্রেতা।

الأجزائية : ফার্মেসি। ঔষধের দোকান।

أجزل له العطاء : যথেষ্ট দেওয়া।

أجسام (وا) الجسم : বডি। দেহ। শরীর।

الأجش : যার কণ্ঠস্বর বসে গেছে।

أجل : টার্ম। সময়। মুহূর্ত।

أجل تأجيلا : বিলম্ব করা। মুলতবি করা।

أجل : হ্যাঁ। নিশ্চয়ই। অবশ্যই।

آجلا : তাৎক্ষণিক।

الإجلاء : নির্বাসন। দেশান্তরকরণ।

الإجلاد : ঠাণ্ডায় জমে যাওয়া।

أجلسه على الكرسي : গদিনশিন করানো। গদিতে বসানো।

أجلسه على العرش : সিংহাসনে বসানো। গদিতে বসানো।

الإجماع : ঐকমত্য। মতৈক্য। সর্বসম্মত সিদ্ধান্ত।

إجماع الآراء : ঐকমত্য।

الإجماع على ضرورة كشف الموقف : পরিস্থিতি বিশ্লেষণকরণের প্রয়োজনে মতৈক্য হওয়া।

www.i-ilmweebly.com Free @

الإِجْمَاعُ عَلَى القَرَارِ : প্রস্তাব বা সিদ্ধান্তের উপর ঐকমত্য।

إِجْمَالاً : সংক্ষিপ্তাকারে। মোটামুটিভাবে। সাধারণভাবে।

الإِجْمَالُ : সংক্ষিপ্তসার। সংক্ষেপণ।

إِجْمَالِيُّ الإِنْتَاجِ القَوْمِيِّ : মোট জাতীয় আয়।

إجمالي الناتج : মোট আয়।

إِجْمَالِيُّ الفَائِضِ : মোট উদ্বৃত্ত।

إِجْمَالِيُّ العَجْزِ : মোট ঘাটতি।

أَجْنَاسٌ (وا) الجِنْس : জাতি।

الأَجْنَبِيُّ (ج) أَجَانِب : বিদেশী। ভিনদেশী।

أَجْوَاء (وا) الجَوُّ : আবহাওয়া। পরিবেশ।

الأَجْوَائِيُّ : ঋতুবিশেষজ্ঞ। আবহাওয়াবিদ।

الأجور غَيْرُ المُبَاشِرَة : পরোক্ষ পারিশ্রমিক।

الأُجُور المُخَفَّضَة : হ্রাসকৃত মূল্য বা পারিশ্রমিক।

أَجْوِزَة (وا) الجَوَازُ : অনুমোদন। অনুমতি। পারমিট। লাইসেন্স।

الإِجْهَادُ البَدَنِيُّ : দৈহিক পরিশ্রম। কায়িক শ্রম।

الإِجْهَادُ الشَّدِيْد : তীব্র ক্লান্তি।

الإِجْهَادُ النَّفْسِي : মানসিক কষ্ট।

الإِجْهَازُ عَلَى : কার্য সম্পাদন করা।

الإِجْهَاضُ : অকৃতকার্য বানানো। প্রভাবহীন বানানো।

إِجْهَاضُ المُخَطَّطَات : পরিকল্পনা নস্যাৎ করা।

أَجْهِزَة (وا) الجِهَاز : ১. যৌতুক। ভ্রমণ সামগ্রী। ২. মেশিন। সিসটেম।

أَجْهِزَة الإِرْسَال : সম্প্রচারের মাধ্যমসমূহ।

أَجْهِزَة الإِعْلَام : সম্প্রচারের মাধ্যমসমূহ।

أَجْهِزَة الأَمْر : দায়িত্বশীল প্রতিষ্ঠানসমূহ।

أَجْهِزَة الأَمْن : শান্তি মিশনারিসমূহ।

الأَجْهِزَة الأَمْنِيَّة : শান্তি প্রতিষ্ঠাকারী সংগঠনসমূহ।

أَجْهِزَة الأَنْوَار الكَاشِفَة : চার্জ লাইটের যন্ত্রাংশ।

أَجْهِزَة تَكْيِيْف الهَوَاء : এয়ার-কন্ডিশনের মেশিনারি। শীতাতপ নিয়ন্ত্রণের যন্ত্রপাতি।

الأَجْهِزَة التَّنْفِيْذِيَّة : ব্যবস্থাপনা পরিষদসমূহ।

الأَجْهِزَة الدِّفَاعِيَّة : প্রতিরক্ষামূলক যন্ত্রপাতি।

الأَجْهِزَة الرَّسْمِيَّة : সরকারি প্রতিষ্ঠানসমূহ।

أَجْهِزَة الرَّصْد : গুপ্তচরবৃত্তির যন্ত্রপাতি। মৌসুমি অনুসন্ধানের যন্ত্রপাতি।

الأَجْهِزَة السِّرِّيَة : গোপন সংগঠনসমূহ।

أَجْهِزَة القِمَّة : সর্বাধিক উন্নত যন্ত্রপাতি। শীর্ষস্থানীয় শাসকগণ।

أَجْهِزَة المُخَابَرَات : গুপ্তচরবৃত্তির প্রতিষ্ঠানসমূহ। সি, আই, ডি অফিসসমূহ।

أَجْهِزَة الوِزَارَة : মন্ত্রণালয়-বিষয়ক সামগ্রীসমূহ।

أَجْهَشَ بِالبُكَاءِ : ক্রন্দনোন্মুখ হওয়া। কান্নার জন্য প্রস্তুত হওয়া। কান্নার ভাব প্রকাশিত হওয়া।

أَجْيَالٌ (وا) الجِيْل : ১. গোত্র। খান্দান। ২. বংশ, প্রজন্ম। ৩. স্তর, দল। ৪. সমসাময়িক। ৫.শতাব্দী।

الأَجِيْر (ج) أُجَرَاءُ : শ্রমিক। কর্মচারী।

www.eilm.weebly.com Free ©

أ ح

أَحَادِيث (وا) الأُحْدُوثَة : গল্প। ঘটনা। কাহিনী। কথোপকথন।

الأَحَادِيث الَّتِي لَا مَعْنَى لَهَا : অনর্থক কথাবার্তা।

الأَحَادِيْث الوُدِّية : বন্ধুসুলভ আলোচনা।

الأَحَاسِيْس : আবেগ। অনুভূতি।

أَحَاطَ بِالشَّيْءِ عِلْمًا : জ্ঞাত হওয়া। অবগত হওয়া।

إِحَاطَةُ أَحَدٍ بِشَيْءٍ : স্মরণে আনা।

إِحَاطَةُ الأَرْضِ بِالسُّوْر : জমির চতুষ্পার্শ্বে দেয়াল খাড়া করা।

الإِحَالَة : বুদ্ধিবৃত্তিক কাগজপত্র প্রেরণ করা। স্থানান্তর করা।

الإِحَالَة إِلَى التَّقَاعُدِ : চাকরি হতে অব্যাহতি দেওয়া। চাকরির মেয়াদ শেষে পেনশন দেওয়া। অবসরে পাঠানো।

الإِحَالَة إِلَى الجِهَةِ المُخْتَصَّة : সংশ্লিষ্ট সেকশনে প্রেরণ করা।

إِحَالَةُ الدَّيْنِ عَلَى فُلَان : স্বীয় ঋণের দায়িত্ব অন্যকে দেওয়া।

إِحَالَةُ الْخِلَافَاتِ إِلَى المَحْكَمَةِ لِلْبَتِّ : মীমাংসার জন্য বিরোধসমূহ আদালতে নিয়ে যাওয়া।

إِحَالَةُ الشَّخْصِ عَلَى المَعَاش : পেনশন দেওয়া।

إِحَالَةُ القَضِيَّة : মামলা করা। আদালতে মকদ্দমা করা।

إِحَالَةُ المَسْئَلَةِ عَلَى : কারো উপর কোনো জিনিস ন্যস্ত করা।

إِحَالَةُ المُتَّهَمِ إِلَى المَحْكَمَةِ لِلْبَتِّ : সিদ্ধান্তের জন্য অপরাধীকে আদালতে উপস্থিত করা।

أَحْبَار (وا) الحَبْر : পোপ। রোমান ক্যাথলিক চার্চের প্রধান।

الإِحْبَار : সন্তুষ্ট করা। খুশি করা।

الإِحْبَاط : মিটিয়ে ফেলা। নিষ্ফল বানানো। প্রভাবহীন করা।

إِحْبَاطُ المُخَطَّطَات : পরিকল্পনাসমূহ ভণ্ডুল করা।

إِحْبَاطُ مُحَاوَلَاتِ الاِنْقِلَاب : বৈপ্লবিক উদ্যমসমূহ বিনষ্ট করা।

إِحْبَاطُ المُؤَامَرَةِ لِاغْتِيَالِ فُلَان : হত্যার ষড়যন্ত্র ব্যর্থ করা।

إِحْبَاطُ المُهِمَّة : মিশন ব্যর্থ করা।

الأُحْبُولَة (ج) أَحَابِيْل : জাল। ফাঁদ। বোঝা। ওজন।

الاِحْتِبَال : ফাঁদে আটকানো। ফাঁদ পাতা।

الاِحْتِجَاب : ১. অন্তর্হিত হওয়া। ২. পর্দা করা।

اِحْتِجَابُ الجَرِيْدَة : পত্রিকা বন্ধ হওয়া।

اِحْتِجَابُ الصَّحِيْفَة : পত্রিকা বন্ধ হওয়া।

الاِحْتِجَاجُ : ১. প্রতিবাদ করা। প্রমাণ পেশ করা। প্রশ্ন করা। ২. ধ্বনি তোলা।

Free @ www.eilm.weebly.com

الاِحْتِجَاز : রিজার্ভ করা।

اِحْتِجَازُ الرَّهِينَة : জিম্মি বানানো।

اِحْتَجَّ مِنْه بِشَأْنِ كَذَا : প্রতিবাদ করা।

الاِحْتِدَام : অগ্নি প্রজ্বলিত হওয়া। ক্রোধে অগ্নিশর্মা হওয়া।

اِحْتِدَامُ الصِّرَاع : ঝগড়া বৃদ্ধি পাওয়া।

اِحْتِدَامُ الْقِتَال : যুদ্ধ চরমে পৌঁছা।

اِحْتِدَامُ الْمَعَارِك : যুদ্ধ চরমে পৌঁছা।

اِحْتَدَّ عَلَيْهِ فِي الْكَلَام : উগ্র মেজাজে কথা বলা।

الاِحْتِرَاس : ১. সংরক্ষিত থাকা। এড়িয়ে চলা। ২. সতর্কতা।

الاِحْتِرَاف : পেশা গ্রহণ করা।

الاِحْتِرَاق : ১. দগ্ধ হওয়া। ২. জ্বলন।

الاِحْتِرَاقُ الدَّاخِلِيّ : অভ্যান্তরীণ জ্বলন।

الاِحْتِرَام : মাহাত্ম্য। শ্রদ্ধা।

الاِحْتِزَاز : গর্দান উড়িয়ে দেওয়া। কাটা। কর্তন দেওয়া।

الاِحْتِسَاب : হিসাব করা। শুমার করা। গণনা করা।

الاِحْتِسَابُ بِشَيْء : তুষ্ট থাকা। যথেষ্ট মনে করা।

اِحْتِسَاءُ الْقَهْوَة : কফি পান করা।

الاِحْتِشَاد : জমায়েত হওয়া। সমবেত হওয়া। জড়ো হওয়া।

الاِحْتِشَام : ১. লজ্জিত হওয়া। অসন্তুষ্ট হওয়া। ২. লজ্জা। লাজুকতা।

الاِحْتِضَانُ بِشَيْء : ১. কোনো কিছু আপন করে নেওয়া। ২. কোলে নেওয়া।

اِحْتِضَانُ الصِّنَاعَة : পেশা গ্রহণ করা। পেশা অবলম্বন করা।

الاِحْتِفَاظُ بِالشَّيْء : সংরক্ষিত করা। অটল রাখা।

الاِحْتِفَاظُ بِالصَّدَاقَة : বন্ধুত্ব অটুট রাখা। বন্ধুত্বের সম্পর্ক টিকিয়ে রাখা।

الاِحْتِفَاظُ بِالرَّأْي : মত সংরক্ষণ করা।

الاِحْتِفَاظُ بِالْعَلَاقَات : সম্পর্ক ঠিক রাখা।

الاِحْتِفَاظُ بِالْوَلَاء : প্রতিজ্ঞার উপর অটল থাকা।

الاِحْتِفَاظُ فِي الْكَلَام : কথাবার্তায় সংযত থাকা।

الاِحْتِفَالُ (ج) اِحْتِفَالَاتٌ : ১. সমাবেশ। বৈঠক। অনুষ্ঠান। পর্ব। ২. উৎসব। কনভেনশন। ৩. বিশেষ উদ্দেশ্যে জমায়েত হওয়া।

الاِحْتِفَالُ بِالْأَمْر : মনোযোগ দেওয়া। গুরুত্ব দেওয়া। মনোনিবেশ করা।

الاِحْتِفَالُ بِأَحَد : কাউকে স্বাগতম জানানো। খোশ আমদেদ বলা।

الاِحْتِفَالُ بِالذِّكْرَى : স্মরণ সভা করা।

الاِحْتِفَالُ بِالْعِيد : উৎসব পালন করা। অনুষ্ঠান করা।

الاِحْتِفَالُ الرَّسْمِيّ : সরকারি অনুষ্ঠান। রাজকীয় উৎসব।

الاِحْتِفَاءُ بِه : অভ্যর্থনা জানানো। স্বাগতম জানানো। সম্মান প্রদর্শন করা।

Free @ www.e-ilm.weebly.com

الإِحْتِفَازُ لِلْعَمَلِ : প্রস্তুত হওয়া। উদ্যত হওয়া। উদ্যোগ নেওয়া।

اِحْتِقَارُ الْبَرْلَمَان : পার্লামেন্টের অবমাননা।

الإِحْتِقَان : ১. ইনজেকশন লাগানো। ২. প্রতিবন্ধকতা। বাধা। বিঘ্ন।

الإِحْتِكَار : ১. মজুতদারি। গুদামজাতকরণ। শস্য গুদামজাত করা। ইজারাদারি। ২. নিজের জন্য নির্দিষ্ট করা। একচেটিয়া করা।

اِحْتِكَار الإِمْتِيَازَات : লাইসেন্সের ইজারা দেওয়া।

الإِحْتِكَاك : সংঘর্ষ। সংঘাত।

الإِحْتِكَاك بِالْمُتَظَاهِرِين : বিক্ষোভকারীদের সাথে সংঘর্ষ হওয়া।

الإِحْتِكَاكُ مَعَ أَحَدٍ : কারো সাথে সংঘর্ষ হওয়া।

الإِحْتِكَامُ إِلَى أَحَدٍ : মামলা নিয়ে যাওয়া। বিচারপ্রার্থী হওয়া।

الإِحْتِلَال : দখল। নিয়ন্ত্রণ। দখলদারিত্ব।

اِحْتِلَالُ الصَّدَارَةِ فِي كَذَا : প্রথম স্থান অধিকার করা।

اِحْتِلَالُ الْمَكَانِ : দখল করা। জায়গা নেওয়া।

الإِحْتِمَال : ১. সুযোগ। সম্ভাবনা। সম্ভাব্য পরিস্থিতি।
_ (ج) اِحْتِمَالَات : ২. কষ্ট। সহ্য করা। ৩. ধৈর্যধারণ করা।

الإِحْتِمَالَاتُ الْمُتَزَايِدَةُ : ক্রমবর্ধমান সম্ভাবনাসমূহ।

الإِحْتِمَالَاتُ الْمُتَوَقَّعَةُ : কাঙ্ক্ষিত সম্ভাবনাসমূহ।

الإِحْتِمَاءُ عَنْ كَذَا : বিরত থাকা। সতর্ক থাকা। বেঁচে থাকা।

اِحْتِوَاء الشَّيْء، وَعَلَيْهِ : নথিভুক্ত হওয়া। অন্তর্ভুক্ত হওয়া।

الإِحْتِيَاجُ (ج) اِحْتِيَاجَات : প্রয়োজনীয় জিনিসপত্র। দ্রব্যসামগ্রী।

الإِحْتِيَار : হতভম্ব হওয়া; হতবিহ্বল হওয়া।

الإِحْتِيَازُ : নিয়ন্ত্রণ করা। দখল করা। কজা করা। পাওয়া। গ্রহণ করা।

الإِحْتِيَاطُ (ج) اِحْتِيَاطَات : সতর্কতামূলক ব্যবস্থা।

الإِحْتِيَاطُ عَلَى الشَّيْءِ : হেফাজত করা। সংরক্ষণ করা।

الإِحْتِيَاطُ لِلأَمْرِ : সতর্ক হওয়া। সতর্কতা অবলম্বন করা। কাজ করা।

الإِحْتِيَاطِيُّ : ১. সতর্কতামূলক। সংরক্ষিত। রিজার্ভ স্টক। রিজার্ভ। রিজার্ভ ফান্ড।
২. উপযোগিতা বিবেচনা।

اِحْتِيَاطِيُّ الأَغْذِيَةِ : খাদ্যের রিজার্ভ স্টক।

اِحْتِيَاطِيُّ الْبُلْدَانِ مِنَ الْعُمْلَةِ : রাষ্ট্রের সংরক্ষিত পুঁজি।

اِحْتِيَاطِيُّ الْبَنْكِ : ব্যাংকের সংরক্ষিত পুঁজি।

الإِحْتِيَاطِيُّ الْخَاصّ : বিশেষ ফান্ড। স্পেশাল ফান্ড।

اِحْتِيَاطِيُّ الْخَزِينَة : রিজার্ভ পুঁজি।

اِحْتِيَاطِيُّ الذَّهَب : রিজার্ভ স্বর্ণ।

الإِحْتِيَاطِيُّ الْعَامّ : জেনারেল ফান্ড।

الإِحْتِيَاطِيُّ فِي مَرْكَزِ الْبُولِيس : চার্জশিট।

www.e-ilm.weebly.com Free @

الإِحْتِيَاطِيُّ لِفَائِدَةِ الْمُوَظَّفِيْن : প্রভিডেন্ট ফান্ড।

الإِحْتِيَاطِيُّ الْمَصْرَفِيُّ : ব্যাংকের রিজার্ভ পুঁজি।

الإِحْتِيَالُ عَلَى : প্রতারণা করা। ধোঁকা দেওয়া।

الإِجْحَافُ بِهِ : অত্যাচার করা। জুলুম করা। সহ্য সীমার অতিরিক্ত দায়িত্ব চাপিয়ে দেওয়া।

إِجْحَافُ السَّيْلِ بِهِ : ভাসিয়ে নিয়ে যাওয়া।

أَحْجَامٌ (وا) الْحَجم : সাইজ। পুরুত্ব।

الإِحْجَامُ عَلَى كَذَا : বিরত থাকা। পিছু হটা। পেছনে থাকা।

أَحْدَاثٌ (وا) الْحَدَثُ : ১. গল্প। ২. বিদ'আত। ৩. নওজোয়ান।

الإِحْدَاثُ : নতুন আবিষ্কার করা। সৃষ্টি করা। অস্তিত্বে আনা। কারণ হওয়া।

إِحْدَاثُ الأَثَرِ فِي : প্রভাব সৃষ্টি করা।

إِحْدَاثُ الثَّوْرَةِ : বিদ্রোহ সৃষ্টি করা।

إِحْدَاثُ الأَزْمَةِ : সংকট সৃষ্টি করা।

إِحْدَاثُ الاِنْسِجَامِ بَيْنَ الأَجْزَاءِ : সামঞ্জস্য সৃষ্টি করা।

أَحْدَاثُ الْحَرْبِ الدَّائِرَةِ : বিদ্যমান যুদ্ধের ঘটনাবলি।

إِحْدَاثُ الْخِلَافِ : মতানৈক্য সৃষ্টি করা।

إِحْدَاثُ الضَّجَّةِ : চিৎকার করা। আহাজারি করা। শোরগোল করা।

الأَحْدَاثُ الدَّوْلِيَّةُ : আন্তর্জাতিক ঘটনাবলি।

أَحْدَاثُ الدَّهْرِ : কালের দুর্যোগ।

إِحْدَاثُ الصَّوْتِ : ধ্বনি সৃষ্টি করা।

إِحْدَاثُ الْغَضَبِ : উত্তেজনা সৃষ্টি করা। ক্ষেপিয়ে তোলা।

إِحْدَاثُ الْفِتْنَةِ : বিপদ সৃষ্টি করা। সংকট সৃষ্টি করা।

إِحْدَاثُ الْمُشْكِلَةِ : সমস্যা সৃষ্টি করা।

إِحْدَاثُ الْوَعْيِ : উপলব্ধি সৃষ্টি করা। অনুভূতি জাগিয়ে তোলা। চেতনা ফিরিয়ে আনা।

الأَحْدَثُ : অত্যাধুনিক। নতুনতর। অতি সাম্প্রতিক।

أَحْدَثُ طِرَازٍ : অত্যাধুনিক ডিজাইন।

أَحْدَثُ الْمُقْتَرَحَاتِ : নতুন প্রস্তাব।

الأَحْدَثِيَّةُ وَالأَقْدَمِيَّةُ : জুনিয়রিটি সিনিয়রিটি। অগ্রপশ্চাৎ।

أَحَدٌ مَا : যে কেউ।

الإِحْرَاجُ : দুশ্চিন্তাগ্রস্ত করা। দুশ্চিন্তায় ফেলা।

إِحْرَاجُ الْمَرْكَزِ : কেন্দ্রের অবস্থান নাজুক করা।

إِحْرَاجُ النَّفْسِ : মানসিকতাকে অস্থিরতায় ফেলা।

الإِحْرَازُ : অর্জন করা।

إِحْرَازُ الاِنْتِصَارِ : সফলতা অর্জন করা।

إِحْرَازُ التَّقَدُّمِ : অগ্রগামী হওয়া। অগ্রসর হওয়া।

الإِحْرَازُ عَلَى : দখল করা। কবজা করা।

إِحْرَازُ النَّجَاحَاتِ : সফলতা অর্জন করা।

إِحْرَازُ الشُّهْرَةِ : প্রসিদ্ধি লাভ করা।

إِحْرَازُ الشَّيْءِ : একত্রিত করা। অর্জন করা। সংগ্রহ করা।

إِحْرَازُ قَصَبِ السَّبَقِ : সফলতা অর্জন করা। প্রাধান্য পাওয়া।

Free @ www.eilm.weebly.com

إِحْرَازُ النَّجَاحِ : সফলতা অর্জন করা।

الأَحْرُفُ الطِّبَاعِيَّةُ الْمُنَضَّدَةُ : কম্পোজকৃত ছাপার অক্ষর।

أَحْزَابٌ (وا) الْحِزْبُ : পার্টি। দল। সংগঠন।

الأَحْزَابُ الْمُعَارِضَةُ : বিরোধী দলসমূহ।

الأَحْزَابُ الْوَسَطُ : মধ্যপন্থি দলসমূহ।

الإِحْسَاسُ (ج) أَحَاسِيسُ : অনুভূতি। প্রেরণা। অনুপ্রেরণা। উপলব্ধি। বোধোদয়।

الإِحْسَاسُ الْغَامِضُ : গভীর অনুভূতি।

إِحْسَانُ اسْتِخْدَامِ شَيْءٍ : কোনো জিনিসের সঠিক ব্যবহার হওয়া।

أَحْسَنُ مِنْ لَا شَيْءٍ : না হওয়ার চেয়ে উত্তম। নাই মামার চেয়ে কানা মামা ভালো।

الإِحْصَاءُ (ج) إِحْصَاءَاتٌ : গণনা। পরিসংখ্যান।

الإِحْصَاءَاتُ : শুমার। পরিসংখ্যান।

إِحْصَاءَاتُ السُّكَّانِ : আদমশুমারি। লোকগণনা।

إِحْصَاءُ النُّفُوسِ : আদমশুমারি।

الإِحْصَائِيُّ : লোকগণনা সংক্রান্ত। পরিসংখ্যান বিষয়ক।

الإِحْصَائِيُّ : পরিসংখ্যানবিদ।

الإِحْصَائِيَّةُ : পরিসংখ্যান। পরিসংখ্যান বিদ্যা।

الإِحْضَارُ : হাজির করা। উপস্থিত করা। আনয়ন করা।

الأَحَقِّيَّةُ : শ্রেষ্ঠত্ব। অগ্রাধিকার। যোগ্যতা।

الإِحْكَامُ : ১. মজবুতকরণ। দৃঢ়তা। ২. ফিটিং। ৩. টাইট করা।

إِحْكَامُ السَّيْطَرَةِ عَلَى : দখলদারিত্ব মজবুত করা। নিয়ন্ত্রণ সুদৃঢ় করা।

الأَحْكَامُ الْعُرْفِيَّةُ : মার্শাল'ল'। সামরিক আইন।

أَحْلَاسٌ (وا) الْحِلْسُ : চট। ছালা। কার্পেট। যা বিছানার নিচে বিছানো হয়।

إِحْلَالُ السَّلَامِ : শান্তি প্রতিষ্ঠা করা।

إِحْلَالُ شَخْصٍ مَحَلَّ آخَرَ : কাউকে অন্যের স্থলাভিষিক্ত করা।

الأَحْلَامُ الْخَيَالِيَّةُ : কাল্পনিক স্বপ্ন।

إِحْمَارُ التَّنُّورِ : চুলা গরম করা।

أَحْمَالٌ (وا) الْحِمْلُ : বোঝা। বহন। ভারী। ফল। বোঝাইকৃত মালামাল। লোড।

أَحْمَرُ الشِّفَاهِ : লিপস্টিক (Lipstick)। ওষ্ঠরঞ্জনী।

الأَحْمَسُ : উচ্চমনা। উদ্যমী। উৎফুল্ল।

الإِحْنَاكُ : অভিজ্ঞতাসম্পন্ন বানানো।

أَحْنَكَهُ الدَّهْرُ : যুগের আবর্তন তাকে অভিজ্ঞ বানিয়েছে।

أَحْوَاشٌ (ج) الْحَوْشُ : পশুর খোয়াড়।

الأَحْوَالُ الدَّامِيَةُ : রক্তক্ষয়ী পরিস্থিতি।

الإِحْيَاءُ : জীবিত করা। চঞ্চল ও কর্মক্ষম বানানো।

إِحْيَاءُ الذِّكْرَى : স্মরণসভা করা।

خَاطَر بِنَفْسِه . مُخَاطَرَة : নিজেকে বিপদে ফেলা।

الخَاطِئ : ভুলকারী। অপরাধী। ভুলের উপর।

الخَافِت : আস্তে। ধীরে। নিচু।

الخَافِض : নিচু। নিম্ন।

خَالَجَ صَدْرَه مُخَالَجَة : অন্তরে কোনো কিছুর উদ্রেক হওয়া। স্মরণে আসা।

الخَالِد : চিরস্থায়ী। চিরন্তন। শাশ্বত। অমর।

خَالِدُ الذِّكْر : চিরঞ্জীব। চিরস্থায়ী।

الخَالِص : খাঁটি। নির্ভেজাল। পরিষ্কার। পিওর।

Free @ www.e-ilm.weebly.com

خَالَفَه وعَارَضَه : বিরোধিতা করা। অঙ্গীকার ভঙ্গ করা। অবাধ্যতা করা।

خَامَره الشَّكّ ـ مُخَامَرَة : সন্দেহে সন্দিহান হওয়া।

الخَامِل : অলস। অকর্মণ্য। দুর্বল।

خَامِلُ الذِّكْر : অবিখ্যাত। নাম-নিশানা শূন্য।

خَانَ الثِّقَة (ن) خِيَانَة : বিশ্বস্ততা হারিয়ে ফেলা।

الخَانَة : কলাম। ঘর।

خ ـــــ ب

الخَبَر (ج) أَخْبَار : খবর। সংবাদ। নিউজ।

الخِبْرَة (ج) خِبْرَات : অভিজ্ঞতা। দক্ষতা।

الخِبْرَات الفَنِّيَّة : কারিগরি অভিজ্ঞতা। টেকনিক্যাল অভিজ্ঞতা।

الخِبْرَة القِتَالِيَّة : যুদ্ধের অভিজ্ঞতা।

الخُبْزُ (ج) أَخْبَاز : রুটি। ব্রেড।

الخُبْزُ الإِفْرِنْجِيّ : পাউরুটি।

الخُبْزُ المُضَاعَف : পাউরুটি।

الخَبِيرُ (ج) خُبَرَاء : অভিজ্ঞ। বিজ্ঞ। ওয়াকিফহাল। দক্ষ। বিশেষজ্ঞ।

الخَبِيرُ الإِدَارِيّ : ব্যবস্থাপনায় অভিজ্ঞ।

خَبِير الإِسْتِثْمَارَات : পুঁজি বিনিয়োগ বিশেষজ্ঞ।

الخَبِير فِي شُؤُون كَذَا : কোনো বিষয়ে অভিজ্ঞ।

الخَبِير المُثَمِّنُ بِالمَزَاد : নিলামে অভিজ্ঞ।

الخبير المحاسب : হিসাবে অভিজ্ঞ। হিসাবে পাকা।

الخَبِير المُعَايِن : সার্ভেয়ার।

خ ـــــ ت

الخِتَام : সমাপ্তি। শেষ। উপসংহার। লাস্ট।

الخَتَّامَة : সিলপ্যাড।

الخِتَامِيّ : সমাপনী। ফাইনাল।

خَتَم (ض) خَتْمًا : ছাপ মারা। সিল মারা।

الخَتْم : সিল। স্ট্যাম্প। মোহর লাগানো।

خَتْم الإِلْغَاء : রহিতকরণ সিল।

الخَتْم بِالتَّارِيخ : তারিখের সিল।

خَتْمُ البَرِيد : পোস্টঅফিসের সিল।

الخَتْم بِالشَّمْع : মোমের সিল।

خَتْم التَّارِيْخ : তারিখের সিল।

خَتْم المَطَّاط : রাবার-স্ট্যাম্প।

الخَتْمُ المَطَّاطِيّ : রাবার-স্ট্যাম্প।

خَتْمُ الوَقْت : টাইম-স্ট্যাম্প।

خ ـــــ د

الخُدْعَة اللَّطِيْفَة : সূত্র প্রতারণা।

الخَدَمُ المَنْزِلِيُّون فِي السِّفَارَة : দূতাবাসের স্থানীয় কর্মচারীবৃন্দ।

الخِدْمَة : সেবা। চাকরি। সার্ভিস। খেদমত। কাজ। পেশা। কর্ম।

الخِدْمَة التَّعْوِيْضِيَّة : বিনিময়ের কাজ।

الخِدْمَة الجَوِّيَّة : এয়ার সার্ভিস।

الخِدْمَة الذَّاتِيَّة : সেলফ সার্ভিস।

الخِدْمَة العَسْكَرِيَّة : সামরিক সার্ভিস। সেনা ডিউটি।

Free @ www.e-ilm.weebly.com

الخِدْمَة فِي الفَنَادِق والمَطَاعِم : হোটেল ও রেস্টুরেন্টের চাকরি।

الخِدْمَة المَدَنِيَّة : সিভিল সার্ভিস।

خِدْمَة المَصْلَحَة : স্বার্থের জন্য কাজ করা।

الخِدْمَة المَنْزِلِيَّة : ঘরোয়া কাজ।

خِدْمَة النَّفْس : নিজের কাজ। সেলফ সার্ভিস।

الخِدْمَة الوَطَنِيَّة : ন্যাশনাল সার্ভিস। দেশের সেবা।

الخِدْمَات الإجْتِمَاعِيَّة : সমাজসেবা। সোশ্যাল সার্ভিস।

خِدْمَات البَرِيْد : ডাকসেবা। মেইল সার্ভিস।

الخِدْمَات التَّعْلِيْمِيَّة : এ্যাডুকেশনাল সার্ভিস। শিক্ষাসেবা।

الخِدْمَات الجَوِّيَّة الخَاصَّة : প্রাইভেট এয়ার সার্ভিস।

خِدْمَات الدِّفَاع : আত্মরক্ষামূলক কাজ। ডিফেন্স সার্ভিস।

الخِدْمَات السِّيَاحِيَّة : পর্যটন সেবা।

الخِدْمَات الصِّحِّيَّة : হেলথ সার্ভিস। স্বাস্থ্যসেবা।

الخِدْمَات العَامَّة : জনসেবা। পাবলিক সার্ভিস।

خ —— ذ

خَذَلَه (ن) خَذْلَانًا : পরিত্যাগ করা। ফেলে রাখা। নিরাশ করা। ব্যর্থ করা।

خُذْلَان مَسَاعِي أَحَدٍ : পণ্ডশ্রম করা। শ্রম পণ্ড করা।

خ —— ر

الخَرَاب : ধ্বংস। বিনাশ।

الخَرَاب الشَّامِل : ব্যাপক ধ্বংস।

الخَرَابَة (ج) خَرَائِب : বিরান। ধ্বংসাবশেষ।

الخَرَّامَة (ج) خَرَّامَات : ছিদ্র করার যন্ত্র। ছেদনযন্ত্র। তুরপুন।

خَرَّج تَخْرِيجًا : গ্র্যাজুয়েট বানানো। ছাত্রকে প্রস্তুত করা।

الخُرْدَوَات : খুচরা জিনিস। ছোট পণ্য সামগ্রী।

الخُرْدَجِيّ : খুচরা বিক্রেতা।

الخَرَسَانَة : কনক্রীট। [সিমেন্ট ও কঙ্করের সংমিশ্রণ]

خُرْطُومُ المَاء : পানির পাম্প।

الخَرْق (ج) خُرُوق : ছিদ্র। গর্ত। ফাটল।

خَرْق الإتِّفَاقِيَّة : চুক্তি লঙ্ঘন করা।

خَرْق الإمْتِيَازَات البَرْلَمَانِيَّة : সংসদের বৈশিষ্ট্য নষ্ট করা।

خَرْق الحُرْمَة : মানহানি।

خَرْق قَانُون الحُكُومَة : সরকারি আইনের লঙ্ঘন।

خَرْق حُقُوق الإنْسَان : মানবাধিকার লঙ্ঘন করা।

خَرْقًا لِلْمَادَّة : আইনের দফা লঙ্ঘন করতে গিয়ে।

الخَرْم : ছিদ্র। ফাটল।

الخُرُوج : এক্সিট। Exit. বহির্গমন। বের হওয়ার রাস্তা। প্রস্থান।

Free @ www.e-ilm.weebly.com

الخُرُوج إلى جَانِب العَدُوّ : শত্রুর সাথে মিলিত হওয়া।

الخُرُوج عَلَى (الحِزْب مَثَلًا) : বিদ্রোহ করা।

الخُرُوج عَلَى شَيْءٍ : অমান্য করা। অবাধ্য হওয়া।

الخُرُوج عَنْ إطَار المُهِمَّة : সীমা অতিক্রম করা।

الخُرُوج مِنَ المَخْرَج الطَّبِيعِيّ : সঠিক রাস্তা দিয়ে বের হওয়া।

خِرِّيج الجَامِعَة : গ্রাজুয়েট। ইউনিভার্সিটি পাশ।

خِرِّيج الكُلِّيَّة : গ্রাজুয়েট। কলেজ পাশ।

الخَرِيطَة (ج) خَرَائِط : মানচিত্র। চার্ট। নকশা।

خَرِيطَة المَدِينَة : শহরের নকশা।

خ ——— ز

الخَزَّان (ج) خَزَّانَات : ট্যাংক। ড্যাম। বাঁধ।

خَزَّان الزَّيْت : তেলের ট্যাংকি।

الخِزَانَة : ট্রেজারি। আলমারি। টাকশাল।

خِزَانَة الاحْتِرَاق (فِي المِرجَل أو القَاطِرَة) : ফায়ার বক্স।

الخِزَانَة الحَدِيدِيَّة : লোহার আলমারি।

الخِزَانَة الحَدِيدِيَّة لِلحِفْظِ : সেফ ডিপোজিট বক্স।

خ ——— س

الخَسَارَة الجُزْئِيَّة : আংশিক ক্ষতি।

الخَسَارَة الصُّورِيَّة : বাহ্যিক ক্ষতি।

الخَسَارَة الفَادِحَة : মারাত্মক ক্ষতি।

الخَسَارَة فِي الأَرْوَاح : প্রাণের ক্ষতি।

الخَسَارَة المَادِّيَّة : মালের ক্ষতি। আর্থিক ক্ষতি।

الخَسَائِر البَشَرِيَّة : মানবিক ক্ষয়ক্ষতি।

خُسْرَان الانْتِخَاب : নির্বাচনে হেরে যাওয়া। পরাজিত হওয়া।

خُسْرَان الحَرْب : যুদ্ধে পরাজিত হওয়া।

خُسْرَان الدَّوْلَة مِلْيُون تَاكَا : দেশের মিলিয়ন টাকা লোকসান হয়েছে।

خُسْرَان الرِّهَان : বাজি হেরে যাওয়া।

خُسْرَان المَعْرَكَة : যুদ্ধে পরাজয় বরণ করা।

خُسْرَان المَعْرَكَة بِالشَّرَف : যুদ্ধে সম্মানজনক পদ্ধতিতে পরাজয় হওয়া।

خ ——— ش

خَشَبَةُ المَسْرَح : ড্রামাস্টেজ। নাট্যমঞ্চ।

خ ——— ص

خَصَّه (ن) خُصُوصًا : সংশ্লিষ্ট হওয়া।

(هٰذَا لَا يَخُصُّك) [এর সাথে তোমার কোনো সম্পর্ক নেই।]

الخِصْبُ : সচ্ছলতা। শ্যামলতা।

الخَصْمُ : ১. মূল্যহ্রাস। কমিশন। হ্রাস। ডিসকাউন্ট। ২. প্রতিদ্বন্দ্বী। প্রতিপক্ষ। বিপক্ষ।

الخَصْم التِّجَارِيّ : ব্যবসার কমিশন।

الخَصْم السِّيَاسِيّ : রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী।

خَصْم القِيْمَة : মূল্যহ্রাস।

خَصْمُ (المَصْرِف الكَمْبِيَالَة) : ছাড় দেওয়া। হ্রাস করা।

الخُصُوبَة : উৎপাদন ক্ষমতা।

الخُصُوصِيّ : প্রাইভেট। নিজস্ব। ব্যক্তিগত। স্পেশাল। বিশেষ। বিশিষ্ট।

خُصُوم فُلَان : বিরোধী। প্রতিপক্ষ। শত্রু।

الخُصُومَة : শত্রুতা। প্রতিদ্বন্দ্বিতা। প্রতিযোগিতা।

الخُصُومَة الأَدَبِيَّة : সাহিত্য যুদ্ধ।

الخُصُومَة السِّيَاسِيَّة : রাজনৈতিক দ্বন্দ্ব।

خ —— ض

الخُضَرُ المَحْفُوظَة : প্যাকেটজাত সবজি।

الخَضَمّ : কাজের ভিড়।

الخُضُوع لِأَحَد : কারো সম্মুখে নত হওয়া। অনুগত হওয়া।

الخُضُوع لِإِرَادَة فُلَان : কারো ইচ্ছা অনুযায়ী চলা।

الخُضُوع لِلرَّأْي : পরামর্শ গ্রহণ করা।

الخُضُوع لِرَأْيِ الأَغْلَبِيَّة : সংখ্যাগরিষ্ঠদের রায়ের সামনে নতি স্বীকার করা।

الخُضُوع لِلضَّغْط : চাপের কাছে নতি স্বীকার করা।

الخُضُوع لِلفِكْر : রায় মানা। মত গ্রহণ করা।

الخُضُوع لِلقَانُون : আইনের সামনে মস্তক অবনত করা।

خ —— ط

الخَطّ (ج) خُطُوط : হ্যান্ড রাইটিং। হস্তলিপি। লাইন। রেখা। লিপি। সারি।

الخَطّ الأُمّ : মেইন লাইন।

خَطّ إِمْدَاد الجَيْش : সাপ্লাই লাইন। সরবরাহ লাইন।

خَطّ الأَنَابِيْب : পাইপ লাইন।

الخَطّ البَرِّيّ : স্থলপথ।

الخَطّ تَحْتَ العِبَارَة : আন্ডার লাইন।

خَطّ التِّرَام : ট্রামওয়ে।

خَطّ التِّلِيفُون : টেলিফোন লাইন।

خَطّ التَّمْوِين : সাপ্লাই লাইন।

الخَطّ الجَوِّيّ : এয়ারওয়ে। বিমানপথ।

الخَطّ الحَارّ : হটলাইন।

الخَطّ الحَدِيْدِيّ : রেললাইন। রেলওয়ে।

الخَطّ الحَدِيدِيّ الضَّيِّق : রেলওয়ের সঙ্কীর্ণ লাইন।

الخَطّ الدِّفَاعِيّ : প্রতিরক্ষামূলক লাইন।

الخَطّ الرَّئِيسِيّ : মেইন লাইন।

خَطّ السِّكَّة الحَدِيدِيَّة : রেললাইন।

الخَطّ السَّلِيم : সঠিক পন্থা।

الخَطّ السَّاخِن : হটলাইন। সরাসরি লাইন।

خَطّ السَّيْر : পথ। রাস্তা। চলাচলের রাস্তা। সড়ক।

خَطّ العَمَل : কর্মপদ্ধতি। পরিকল্পনা।

الخَطّ غَيْرُ المُبَاشِر : সংযোগ সড়ক।

Free @ www.e-ilm.weebly.com

الخَطّ غَيْرُ مَنْزُوْعِ السِّلَاح : অস্ত্রমুক্ত লাইন।
الخَطّ الفَاصِل : সীমান্তরেখা। সীমারেখা।
الخَطّ الفَرْعِيّ : ব্রাঞ্চ লাইন। শাখা লাইন।
خَطّ القِتَال : যুদ্ধের লাইন।
الخَطّ المُبَاشِر : সোজা রাস্তা। ডাইরেক্ট লাইন।
الخَطّ المُشَبَّك : ভঙ্গুর রেখা।
الخَطّ مِنَ الأَنَابِيْب : পাইপ লাইন।
خَطّ المُوَاجَهَة : সম্মুখ রাস্তা। প্রতিরোধের পথ।
خَطّ المُؤَلِّف : লেখকের হস্তাক্ষর। অটোগ্রাফ।
خَطّ النَّار : ফায়ারিং লাইন।
الخَطّ النَّسْخِيّ : খততে নসখ। [এক প্রকার আরবি লিপি।]
خَطّ وَقْف إِطْلَاق النَّار : যুদ্ধবিরতি লাইন।
الخَطّ الهَاتِفِيّ : টেলিফোন লাইন।
خَطّ الهُدْنَة : যুদ্ধবিরতি লাইন।
خَطَّ (ن) خَطًّا : রেখা টানা। পরিকল্পনা করা।
الخِطَابُ (ج) خِطَابَات : বক্তৃতা। ভাষণ। চিঠি। পত্র। বার্তা।
الخِطَاب الإِذَاعِيّ : রেডিওর বক্তৃতা।
خِطَاب الاِعْتِمَاد : অথরিটি লেটার। সত্যায়নপত্র।
خِطَاب الاِعْتِمَاد غَيْرُ القَابِل لِلإِلْغَاء : গ্রহণযোগ্য পরিচয়পত্র।
الخِطَاب الاِفْتِتَاحِيّ : উদ্বোধনী ভাষণ।
الخِطَاب الاِنْتِخَابِيّ : নির্বাচনী ভাষণ।

خِطَاب التَّعْرِيْف : পরিচয়পত্র।
خِطَاب التَّعْيِيْن : নিয়োগপত্র।
خِطَاب التَّفْوِيْض وَالتَّوْكِيْل : ওকালতনামা।
الخِطَاب الجَوِّيّ : এয়ার লেটার।
الخِطَاب الدَّوْرِيّ : সার্কুলার। ভ্রাম্যমান চিঠি।
خِطَاب الضَّمَان : জামানতনামা।
الخِطَاب المَجْهُوْل (لَيْس بِه تَوْقِيْع) : উড়ো চিঠি। বেনামি চিঠি।
الخِطَاب المُرْفَق : সংযুক্ত চিঠি।
الخِطَاب المُرْفَق لِلمُسْتَنَدَات : কাগজপত্র সংযুক্ত চিঠি।
الخِطَاب المُسْتَعْجَل : এক্সপ্রেস লেটার।
الخِطَاب المُؤَمَّن عَلَيْه : বিমাকৃত চিঠি।
الخِطَابَات التِّجَارِيَّة : ব্যবসায়িক চিঠিপত্র।
الخِطَابَات الصَّادِرَة : ইস্যুকৃত চিঠিপত্র।
الخِطَابَة : বক্তৃতা। ভাষণ। খুতবা। বাগ্মিতা। বক্তৃতাবিদ্যা।
الخِطَابِيّ : বক্তৃতা-বিষয়ক। ভাষণ-সংক্রান্ত।
الخَطَّاط : লিপিকার। কাতেব।
الخَطَّاف : ছিনতাইকারী। লুণ্ঠনকারী। অপহরণকারী।
الخَطَأُ الفَادِح : মারাত্মক ভুল।
الخَطَأُ فِي التَّفْسِيْر : বর্ণনাগত ত্রুটি।
الخَطَأُ فِي التَّسْلِيْم : ভুল ডেলিভারি।
الخَطَأُ المَصْلَحِيّ : আদালত-সংক্রান্ত ভুল।
الخَطَأُ المَطْبَعِيّ : ছাপার ভুল। মুদ্রণবিভ্রাট।

Free @ www.e-ilm.weebly.com

الْخَطَأُ الْمِعْيَارِيُّ : বড় ধরনের ভুল। মারাত্মক ভুল।

الْخُطْبَةُ (ج) خُطَبٌ : খুতবা। বক্তৃতা। ভাষণ।

الْخُطْبَةُ الْإِخْتِتَامِيَّةُ : সমাপনী ভাষণ।

الْخُطَّةُ (ج) خُطَطٌ : পরিকল্পনা। প্লান। প্রোগ্রাম। স্কীম। কর্মপদ্ধতি। নকশা। ডিজাইন। খসড়া। আইডিয়া। প্রোজেক্ট। প্রকল্প।

الْخُطَّةُ الْإِصْلَاحِيَّةُ : সংস্কারমূলক পরিকল্পনা। শুদ্ধি অভিযান।

خُطَّةُ التَّدْرِيْسِ : পাঠ পরিকল্পনা।

خُطَّةُ التَّنْمِيَةِ الشَّامِلَةِ : সর্বব্যাপী উন্নয়নমূলক পরিকল্পনা।

خُطَّةُ الْخَمْسِ سَنَوَاتٍ : পাঁচশালা কর্মসূচি।

الْخُطَّةُ الْخَمْسِيَّةُ : পাঁচশালা কর্মসূচি। পাঁচ বছর মেয়াদি পরিকল্পনা। পঞ্চবার্ষিকী পরিকল্পনা।

خُطَّةُ الدِّفَاعِ : আত্মরক্ষামূলক পরিকল্পনা।

الْخُطَّةُ الرَّئِيْسِيَّةُ : মাস্টারপ্লান।

خُطَّةُ السَّلَامِ : শান্তি পরিকল্পনা।

خُطَّةُ السِّيَاسَةِ : রাজনৈতিক প্লাটফর্ম। রাজনৈতিক প্রোগ্রাম।

الْخُطَّةُ الشَّامِلَةُ : ব্যাপক পরিকল্পনা। সর্বব্যাপী পরিকল্পনা।

خُطَّةُ الْعَمَلِ : কর্মপদ্ধতি। কর্মসূচি।

خُطَّةُ الْعَمَلِيَّاتِ : কর্মতৎপরতার প্লান।

الْخُطَّةُ الْقَوْمِيَّةُ : ন্যাশনাল প্লান।

الْخُطَّةُ مُتَوَسِّطَةُ الْأَجَلِ : মধ্যমমেয়াদি কর্মসূচি।

الْخُطَّةُ الْمُدَبَّرَةُ : পরিকল্পিত কর্মসূচি।

الْخُطَّةُ الْمُفَصَّلَةُ : বিস্তারিত কর্মসূচি।

الْخُطَّةُ مِنْ خَمْسِ نِقَاطٍ : পাঁচ দফা কর্মসূচি।

خُطَّةُ الْمُوَاجَهَةِ : ফ্রন্ট লাইন। সম্মুখ রাস্তা।

الْخَطْرُ : ধ্বংসাত্মক। ডেঞ্জার। বিপদসঙ্কুল।

خَطَرُ التَّلَفِ : ক্ষতির আশঙ্কা।

الْخَطَرُ الْمُحْدِقُ : মহাবিপদ। মারাত্মক আশঙ্কা।

خَطَّطَ - تَخْطِيطًا : পরিকল্পনা করা।

الْخُطَطُ الْإِنْمَائِيَّةُ : উন্নয়নমূলক পরিকল্পনা।

خَطِفَ (ض، س) خَطْفًا : ছিনিয়ে নেওয়া। ছিনতাই করা। অপহরণ করা।

الْخَطَلُ : বেকুবি। বাচালতা। বোকামি।

الْخَطْوُ (ج) خَطَوَاتٌ : পদক্ষেপ।

الْخُطْوَةُ الْجَرِيْئَةُ : দুঃসাহসিক পদক্ষেপ।

الْخُطْوَةُ الْحَاسِمَةُ : চূড়ান্ত পদক্ষেপ।

الْخُطْوَةُ الْحَكِيْمَةُ : বিজ্ঞতাসুলভ পদক্ষেপ।

خُطْوَةً خُطْوَةً : পর্যায়ক্রমে। পদে পদে।

الْخُطْوَةُ الرَّائِدَةُ : পথপ্রদর্শনমূলক পদক্ষেপ।

الْخَطَوَاتُ الْإِيْجَابِيَّةُ : ইতিবাচক পদক্ষেপসমূহ।

الْخُطُوْرَةُ : সঙ্কট। ভয়াবহতা। বিপদ। গুরুত্ব। ঝুঁকি।

خُطُوْرَةُ الْمَوْقِفِ : পরিস্থিতির ভয়াবহতা।

خُطُوْرَةُ الْوَضْعِ : পরিস্থিতির ভয়াবহতা।

Free © www.ailm.weebly.com

Free @ www.e-ilm.weebly.com

الخُطُوط الجَوِّيَّة : এয়ারলাইনস। বিমানপথ।

الخُطُوط الجَوِّيَّة البَنْغَلَادِيْشِيَّة : বাংলাদেশ এয়ারলাইনস।

الخُطُوط الجَوِّيَّة السُّعُودِيَّة : সাউদিয়ান এয়ারলাইনস।

الخُطُوط الجَوِّيَّة الهِنْدِيَّة : ইন্ডিয়ান এয়ারলাইনস।

الخُطُوط الحَدِيدِيَّة : রেলওয়ে। ট্রেনলাইন।

خُطُوط الدِّفَاع : প্রতিরক্ষা লাইন।

خُطُوط المُوَاصَلَات : সংযোগ লাইন।

الخَطِّيّ : হাতের লেখা। হস্তলিখিত। লিখিত।

الخَطِيْر : গুরুতর। মারাত্মক। বিপজ্জনক। সঙ্কটপূর্ণ। ভয়াবহ।

خ —— ف

خِفَّةُ الأَلَم : ব্যথার প্রশমন।

الخِفَارَة : প্রহরা। তত্ত্বাবধান। নজরদারি।

الخَفَّاق : ধুকধুক করে এমন। স্পন্দমান।

خِفَّة حِدَّةِ التَّوَتُّر : উত্তেজনা হ্রাস পাওয়া।

خِفَّة حُمْلَةَ الشَّائِعَات : জনশ্রুতি বা গুজবের তীব্রতা হ্রাস পাওয়া।

خِفَّة سُقُوط القَذَائِف : গোলাবর্ষণ হ্রাস পাওয়া।

خِفَّة وَطْأَة المَرَض : রোগের তীব্রতা হ্রাস পাওয়া।

خَفَض (ض) خَفْضًا : হ্রাস করা। কমানো। নিচু করা। অবতরণ করানো।

خَفْضُ التَّكَالِيف إِلَى مَلْيُون (مثلا) : ব্যয় দশলক্ষ পর্যন্ত হ্রাস করা।

خَفْض الدَّرَجَة : ডিগ্রি কমানো। মর্যাদা হ্রাস করা। মান কমানো।

خَفْض رَأْسِ المَال : পুঁজি কমানো।

خَفْض القُوَّات : সেনা হ্রাসকরণ। সৈন্য কমানো।

خَفْض كَمِّيَات الأَسْلِحَة : অস্ত্র হ্রাসকরণ।

خَفْض المَصْرُوفَات : ব্যয় সঙ্কোচন। খরচ কমানো।

خَفْض مِقْدَار التَّكْلِفَة : ব্যয়ের পরিমাণ হ্রাস করা।

خَفْضٌ وَ رَفْعٌ : উত্থান-পতন।

خَفْقٌ وَخَفَقَان القَلْب : হৃৎপিণ্ডের স্পন্দন। হৃৎকম্পন।

الخَفِيْر (ج) خُفَرَاء : প্রহরী। চৌকিদার।

خ —— ل

خَلِّ كُلَّ شَيْءٍ عَلَى طَبِيْعَتِه : প্রত্যেক বস্তুকে তার অবস্থার উপর থাকতে দাও।

الخَلَّاب : হৃদয়গ্রাহী। চিত্তাকর্ষক। আকর্ষণীয়। সুন্দর। মনোরম।

الخُلَاصَة (ج) خُلَاصَات : সারমর্ম। সংক্ষিপ্তসার। নির্যাস। সারাংশ। সারকথা। সারসংক্ষেপ।

الخَلَّاطَة : মিশ্রণযন্ত্র। সিমেন্ট ও কঙ্কর মিশ্রণযন্ত্র। Blender

الخَلَاعَة : লাম্পট্য। নষ্টামি। চরিত্রহীনতা। অশ্লীলতা।

Free @ www.e-ilm.weebly.com

الخِلَافُ (ج) خِلَافَات : উচ্চবাচ্য। মতানৈক্যতা। বিবাদ। বিতর্ক। পার্থক্য। মতভেদ। মতবিরোধ।

الخِلَافَات الحَادَّة : মারাত্মক মতবিরোধ।

الخِلَافَات الفِئَوِيَّة : সম্প্রদায়িক মতভেদ। দ্বন্দ্ব।

الخِلَافَات الفَرْعِيَّة : গৌন মতভেদ।

الخِلَافِيّ : বিতর্কিত। মতভেদ আছে এমন।

خِلَالَ كَذَا : সময়ে। সময়ের মধ্যে।

خِلَالَ الفَتْرَة الوَاقِعَة بَيْنَ : বিরতির সময়ে।

خَلَّاه عَنْ مَنْصِب وغَيْرِه تَخْلِيَةً : আলাদা করা। বিচ্ছিন্ন করা।

الخَلَايَا السِّرِّيَّة : গোপন বুথসমূহ।

الخَلْع : পদচ্যুতি। অব্যাহতি।

خَلْع صَلَاحِيَّة التَّفَاوُض عَلَى فُلَان : কাউকে কথাবার্তার অধিকার দেওয়া।

خَلْع اللَّقَب عَلَى أَحَد : উপাধি দেওয়া।

الخَلْع مِنَ العَرْشِ : ক্ষমতাচ্যুত করা।

الخَلْع مِنَ المَنْصِبِ : পদচ্যুত করা। ক্ষমতাচ্যুত করা।

الخَلْف لِأَحَدٍ : উত্তরাধিকারী। স্থলাভিষিক্ত।

خَلْفَه بِخَطَوَات كَذَا : এর এত কদম পিছনে।

الخَلْفِيَّة : ব্যাকগ্রাউন্ড। পটভূমি। প্রেক্ষাপট। পিছনের অংশ।

خَلْفِيَّة الصُّورَة : প্রেক্ষাপট। ব্যাকগ্রাউন্ড।

خَلْفِيَّة القُمَاش : কাপড়ের নিম্নাংশ।

الخُلُق (ج) أَخْلَاق : চরিত্র। স্বভাব। নৈতিকতা। নীতি। আচরণ।

خَلْق التَّعَاطُف : সহানুভূতি সৃষ্টি করা।

خَلْق التَّعْقِيْدَات : জটিলতা সৃষ্টি করা।

خَلْق حَالَةِ التَّفَكُّك : বিশৃঙ্খলাবস্থা সৃষ্টি করা।

خَلْق الحَسَّاسِيَّة : নাজুকতা সৃষ্টি করা। স্পর্শকাতর বানানো।

خَلْق الجَوّ : পরিবেশ সৃষ্টি করা।

خَلْق الفَرَاغ : শূন্যতা সৃষ্টি করা।

خَلْق مُنَاخ الحُرِّيَّة : স্বাধীনতার পরিবেশ সৃষ্টি করা।

خَلْق الوَاقِع الجَدِيْد : নতুন পরিস্থিতি সৃষ্টি করা।

الخُلُقِيّ : চারিত্রিক। চরিত্র সংক্রান্ত।

الخَلَل : নষ্ট। দোষ। ক্রটি। বিকৃতি।

الخَلِيْط : মিশ্রিত। মিক্স। মিকচার। মিশ্রিতদ্রব্য।

الخَلِيْط المَعْدِنِيّ : খনিজ মিশ্র পদার্থ।

الخَلِيْع (ج) خُلَعَاء : লম্পট। চরিত্রহীন।

الخَلِيْفَة (ج) خُلَفَاء : প্রতিনিধি। স্থলাভিষিক্ত।

خ ــــ م

خَمَّنَه بِكَذَا تَخْمِيناً : অনুমান করা। আন্দাজ করা। ধারণা করা।

خُمُود الصَّوْت : আওয়াজ মিটে যাওয়া। শব্দ হারিয়ে যাওয়া।

www.e-ilmweebly.com Free @

خ ـــــ و

الْخَوْخُ : কুল [ফল]।

خَوْضُ حَرَكَاتِ التَّحَرُّرِ الْوَطَنِيِّ : স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণ।

الْخَوْض فِي تَفْصِيلَاتِ الْمَوْضُوعِ : বিষয়বস্তুর বিশ্লেষণে যাওয়া।

خَوْض الْقُوَى الثَّوْرِيَّةِ الْمَعْرَكَةَ : বিপ্লবীশক্তিসমূহের যুদ্ধে ঝাঁপিয়ে পড়া।

خَوْض النَّار أَو الْحَرِيْق : আগুনে ঝাঁপিয়ে পড়া।

خَوْض النِّضَال : যুদ্ধে ঝাঁপিয়ে পড়া।

الْخَوْف الطَّاغِيّ : মারাত্মক ভয়।

خَوْفًا عَلَى : সংরক্ষণের জন্য।

خ ـــــ ي

الْخِيَارُ : ইচ্ছা। অধিকার।

الْخَيَّاط : টেইলার। দর্জি।

الْخِيَاطَةُ : টেইলারিং। দর্জিগিরি। সেলাইকর্ম।

خِيَانَةُ الْمَبَادِئِ : নীতিভ্রষ্ট হওয়া। নীতি থেকে সরে যাওয়া।

الْخَيَانِيّ : গাদ্দারিসুলভ।

خَيَّبَ أَمَلَه تَخْيِيبًا : নিরাশ করা। হতাশ করা। ব্যর্থ করা।

خَيَّبَ مَسْعَاه تَخْيِيبًا : চেষ্টা বিফল করা। অকৃতকার্য করানো। ফেল করানো।

خَيْبَة أَمَل : অকৃতকার্যতা। অসফলতা। নিরাশা। হতাশা। আশাভঙ্গ।

الْخَيْرُ(ج) أَخْيَار، خِيَار : উত্তম। ভালো। ধনসম্পদ। শ্রেষ্ঠ। উৎকৃষ্ট। শ্রেষ্ঠতর। পুণ্য। সৎকর্ম।

الْخَيْرَات : কল্যাণ। পুণ্য। সৎকর্ম।

الْخَيْش : শক্ত চট। মোটা কাপড়। চটের কাপড়। ক্যানভাস।

خَيْطُ الْحَزْم : প্যাকিং সুতা।

الْخَيْلُ الْأَصَايِل : উৎকৃষ্ট ঘোড়া। উন্নত ঘোড়া।

خَيَّم ـ تَخْيِيمًا : তাঁবু টানানো। শিবির স্থাপন করা।

الْخَيْمَةُ (ج) خِيَام : তাঁবু। শিবির। ট্যান্ট। শামিয়ানা। ক্যাম্প।

www.e-ilm.weebly.com Free @

د : আরবি বর্ণমালার অষ্টম বর্ণ।

د —— ا

الدَّاخِلَ : ভিতরে। মধ্যে। অভ্যন্তরে।

دَاخِلَ الظَّرْفِ المَخْتُومِ بِالشَّمْعِ الأَحْمَرِ : মোমের মোহরাঙ্কিত খামের ভিতরে।

الدَّاخِلِيّ : ভিতরগত। ঘরোয়া। অভ্যন্তরীণ। ঘরের তৈরি।

دَارُ الأَسْلِحَةِ : অস্ত্রাগার। ম্যাগাজিন।

دَارُ البَلَدِيَّةِ : টাউন-হল।

دَارُ السِّفَارَةِ : দূতাবাস।

دَارُ السَّكِّ : টাকশাল। টাকা তৈরির স্থান।

دَارُ الضَّرْبِ : টাকশাল। টাকা তৈরির স্থান।

دَارُ ضَرْبِ النُّقُودِ : টাকশাল। টাকা তৈরির স্থান।

دَارُ الضِّيَافَةِ : মেহমানখানা। গেস্ট হাউজ। অতিথি ভবন।

دَارُ العَدْلِ : কোর্ট হাউস। আদালত। বিচারালয়।

دَارُ القَضَاءِ : আদালত কক্ষ। বিচারালয়।

دَارُ المَجْلِسِ : সংসদ ভবন। এ্যাসেম্বলী হাউস।

دَارُ المَحْفُوظَاتِ الأَهْلِيَّةِ : জাতীয় রক্ষণাগার। রাষ্ট্রীয় কোষাগার।

دَارُ المَحْكَمَةِ : কাছারি। কোর্ট। আদালত।

دَارُ القُنْصُلِيَّةِ : কাউন্সিল হাউস।

الدَّارِجُ : প্রচলিত। ফ্যাশনাবল।

الدَّارِسُ : অধ্যয়নকারী। পাঠক। গবেষক। রিসার্চ-স্কলার।

الدَّاعِي : কনভেনার। আবেগ। অনুভূতি। কারণ।

الدَّاعِي الإِنْسَانِيّ : মানবিক অনুভূতি।

الدَّاعِيَة : আহ্বানকারী। ঘোষক। আহ্বায়ক।

الدَّاعِيَةَ إِلَى حُرِّيَّةِ التِّجَارَةِ : মুক্ত অর্থনীতির আহ্বায়ক।

الدَّافِعُ : ১. পরিশোধকারী। ২. দাতা।

دَافِعُ الضَّرِيبَةِ المُتَأَخِّرِ : বিলম্বে ট্যাক্স আদায়কারী।

دَافَعَ عَنْهُ - مُدَافَعَةً : প্রতিরোধ করা। পক্ষ সমর্থন করা।

دَافَعَ عَنْ كُلِّ شِبْرٍ مِنْ أَرْضِهِ : মাতৃভূমির প্রতি ইঞ্চি জমি সংরক্ষণ করেছে।

الدَّافِعُ الكَامِنُ وَرَاءَ شَيْءٍ : অন্তরালে লুক্কায়িত চালিকাশক্তি।

www.e-ilm.weebly.com Free @

الدَّاكِنُ : গাঢ়। কালো। কালচে।

دَانَ لَهُ بِكَذَا (ض) دَيْنًا : বশ্যতা স্বীকার করা।

دَاهَم - مُدَاهَمَةً : আক্রমণ করা। ঝাঁপিয়ে পড়া। দখল করা। আপতিত হওয়া। হঠাৎ এসে পড়া।

دَاهَمَتِ الشُّرطَةُ المَبْنَى : পুলিশ বিল্ডিংয়ে হানা দিয়েছে।

الدَّاهِيَةُ فِي الفَنِّ : অভিজ্ঞ। বিশেষজ্ঞ।

الدَّائِبُ فِي كَذَا : নিযুক্ত। ব্যস্ত। অব্যাহত প্রচেষ্টাকারী।

الدَّائِرَةُ (ج) دَوَائِر : বৃত্ত। মণ্ডল। চক্র। পরিধি। আওতা। সার্কেল। মহল। ক্ষেত্র। বিভাগ। শাখা। দফতর। অফিস।

الدَّائِرَة الانْتِخَابِيَّة : নির্বাচনী এলাকা।

دَائِرَة البُولِيْس : কোতোয়ালী। থানা।

الدَّائِرَة الحُكُومِيَّة : সরকারি দফতর।

دَائِرَة الخِدْمَة الوَطَنِيَّة : স্বদেশী সেবার অফিস।

دَائِرَةُ الشُّرطَة : কোতোয়ালি। থানা।

دَائِرَة الطُّرُودِ البَرِيدِيَّة : পার্সেল পোস্ট করার অফিস।

الدَّائِرَة المَالِيَّة : অর্থ অধিদফতর।

الدَّائِرَة (مِنَ المَدِيْنَة) : ওয়ার্ড। Ward.

دَائِرَة النَّشَاط : কাজের পরিধি।

الدَّائِم : স্থায়ী। পারমান্যান্ট। শাশ্বত। নিত্য। অব্যাহত। অবিরাম।

دَائِمًا : সদা-সর্বদা। স্থায়ীভাবে।

د ——— ب

دَبَّ الخِلَاف بَيْنَهُم : মতভেদ সৃষ্টি হওয়া।

دَبَّ فِي الجِسْمِ (ض) دَبِيبًا : অনুপ্রবেশ করা। সংক্রমিত হওয়া।

الدَّبَّابَة (ج) دَبَّابَات : ট্যাংক।

الدَّبَّابَات الهُجُومِيَّة : আক্রমণাত্মক ট্যাংক।

دَبَابِيس (وا) الدَّبُّوس : ক্লিপ।

دَبَّبَ - تَدْبِيبًا : সশস্ত্র করা।

دَبَّر الأَمْر : পরিচালনা করা।

دَبَّر الخُطَّة : পরিকল্পনা করা। স্কীম বানানো।

الدِّبْلُوم، الدِّبْلُوما : ডিপ্লোমা। Diploma.

الدِّبْلُومَاسِيّ : কূটনীতিবিদ। কূটনৈতিক। রাজনীতিবিদ।

الدِّبْلُومَاسِيّ المُحْتَرف : পেশাদার কূটনীতিবিদ।

الدِّبْلُومَاسِيَّة : কূটনীতি। ডিপ্লোমেসি। দস্তাবেজ। সরকারি কাগজপত্র।

دِبْلُومَاسِيَّة الخَطْوَة خَطْوَةً : পদে পদে চলার পলিসি।

دِبْلُومَاسِيَّة الدُّولَار : ডলার পলিসি।

الدِّبْلُومَاسِيَّة السِّرِّيَّة : গোপন কর্মকৌশল।

دِبْلُومَاسِيَّة المُكُوس : ট্যাক্স পলিসি।

دَبُّوسُ الأَمَان : সেফটিপিন।

د ——— ح

دَحَرَ الجَيْشَ (ف) دَحْرًا : সৈন্যদের পিছু হটানো।

الدَّحْرَجَة : গুটানো। জড়ানো। ঘুরানো।

دَحَضَ الإعْتِقَادَ بِكَذَا (ف) دَحْضًا : কোনো মতবাদের খণ্ডন করা।

د —— خ

الدُّخَانُ : তামাক। ধোঁয়া। ধূম্র।

دَخَائِل الأُمُور : গোপনীয় বিষয়।

الدَّخْل : আমদানি। আয়। উপার্জন। ইনকাম। প্রভাব। রাজস্ব। ব্যাপার।

الدَّخْل التَّقْدِيرِيّ : আশান্বিত আমদানি।

الدَّخْل الحَقِيْقِيّ : সঠিক আমদানি।

الدَّخْل السَّنَوِيّ : বাৎসরিক আয়।

الدَّخْل الشَّهْرِيّ : মাসিক আয়।

دَخْل الفَرْد : মাথাপিছু আয়।

الدَّخْل القَوْمِيّ : জাতীয় আয়। রাজস্ব।

الدَّخْل المَزْرَعِيّ : ভূমিকর। খাজনা। চাষের আয়।

الدَّخْل المَقْبُوض مُقَدَّمًا : পূর্বে সংগৃহীত আমদানি।

الدَّخْل النَّقْدِيّ : নগদ আয়।

الدَّخْل وَالخَرْج : আয়-ব্যয়।

دَخَل فِي الخُصُومَة (ن) دُخُولًا : যুদ্ধ শুরু করা।

دَخَّن - تَدْخِينًا : ধূমপান করা।

دَخَّن السِّيجَارَة : সিগারেট পান করা।

دَخَّن الشِّيْشَة : হুক্কা পান করা।

الدُّخُول : এন্ট্রি। প্রবেশ করা। ঢুকা। ভর্তি হওয়া।

الدُّخُول بِأَحَد إِلَى مَعْرَكَة الإنْتِخَاب : কাউকে নির্বাচনে দাঁড় করনো। প্রার্থী করা।

دُخُول الحَرْب بِجَانِب أَحَدٍ : কারো পক্ষপাতিত্বে যুদ্ধে অবতরণ করা।

الدُّخُول فِي القَاعَة : হলে প্রবেশ করা।

الدُّخُول فِي قَاعَةِ المُؤْتَمَر : কনফারেন্স হলে প্রবেশ করা।

الدُّخُول فِي التَّفْصِيلَات : বিশ্লেষণে যাওয়া।

الدُّخُول فِي المُنَاقَصَة : টেন্ডার দাখিল করা।

الدُّخُول فِي المُفَاوَضَات : আলোচনায় অংশগ্রহণ করা।

دُخُول المَعْرَكَة : যুদ্ধে জড়িয়ে পড়া।

دُخُول مَعْرَكَة الإنْتِخَاب : নির্বাচনী যুদ্ধে অবতীর্ণ হওয়া।

الدَّخِيْل (ج) دُخَلَاء : অনুপ্রবেশকারী। নবাগত। আগন্তুক। অপরিচিত। বিদেশী।

الدَّخِيْلَة (ج) دَخَائِل : ইচ্ছা। অভিপ্রায়। বাসনা। কামনা। গোপন কথা। গোপন রহস্য।

د —— ر

الدَّرَابِزُوْن : রেলিং।

الدَّرَّاجَة : সাইকেল। দ্বি-চক্রযানবিশেষ।

الدَّرَّاجَة النَّارِيَّة : মোটর-সাইকেল। হুন্ডা।

الدَّرَّاجَة النَّارِيَّة المُنْخَفِضَة : স্কুটার; বেবি ট্যাক্সি।

الدَّرَّاجَة الهَوَائِيَّة : বাইসাইকেল।

Free @ www.ilm.weebly.com

www.eilm.weebly.com Free ©

الدِّرَاسَة : অধ্যয়ন। শিক্ষা। স্ট্যাডি। পড়াশুনা। গবেষণা।

الدِّرَاسَة الإِبْتِدَائِيَّة : প্রাথমিক শিক্ষা।

الدِّرَاسَة الإِسْتِطْلَاعِيَّة : অনুসন্ধানমূলক গবেষণা।

دِرَاسَة إِقْتِصَادِيَّات الْمَشْرُوْع : প্রকল্পের অর্থনৈতিক দিকগুলোতে গবেষণা করা।

الدِّرَاسَة الثَّانَوِيَّة : মধ্যমিক শিক্ষা।

الدِّرَاسَة الْجَادَّة : গভীর চিন্তাভাবনা। গবেষণা।

دِرَاسَة الْحُقُوْق : আইন-বিষয়ক পড়াশুনা।

الدِّرَاسَات الْعُلْيَا : উচ্চশিক্ষা।

الدِّرَاسَة الْمُعَمَّقَة : গভীর অধ্যয়ন।

الدِّرَاسَة الْمُنْتَظِمَة : নিয়মিত শিক্ষা।

دِرَاسَة الْمِيْزَانِيَّة : বাজেটের উপর গবেষণা করা।

الدِّرَاسَة النَّقْدِيَّة : আর্থিক নিরীক্ষণ। আর্থিক গবেষণা।

الدِّرَاسَات (وا) الدِّرَاسَة : তথ্য। অধ্যয়ন। গবেষণা।

الدِّرَاسَات الدَّقِيْقَة : সূক্ষ্ম অধ্যয়ন। গভীর গবেষণা।

الدِّرَاسَة الْوَافِيَة : পরিপূর্ণ অধ্যয়ন। পূর্ণ পর্যবেক্ষণ।

الدِّرَاسِيّ : শিক্ষা-সংক্রান্ত। শিক্ষা-বিষয়ক। পাঠ্য।

الدِّرَامَا : ড্রামা। নাটক। Drama.

دَرَّب - تَدْرِيْبًا : প্রশিক্ষণ দেওয়া। অনুশীলন করানো। ট্রেনিং দেওয়া।

الدُّرْبَة : অনুশীলনী। অভিজ্ঞতা। অভ্যাস।

الدُّرْج (ج) أَدْرَاج : দেরাজ। ড্রয়ার। ডেস্ক।

الدَّرَجَة (ج) دَرَجَات : ডিগ্রি। গ্রেড। ডিভিশন। ক্লাস। স্টেজ। নম্বর।

الدَّرَجَة الْأُوْلٰى : আপার ক্লাস। ফার্স্ট ক্লাস। প্রথম শ্রেণি।

الدَّرَجَة الثَّانِيَة : সেকেন্ড ক্লাস। দ্বিতীয় শ্রেণি।

دَرَجَة الْحَرَارَة : তাপমাত্রা।

دَرَجَة الدُّكْتُوْرَاة : ডক্টরেট ডিগ্রি।

الدَّرَجَة الْعِلْمِيَّة : ডিগ্রি।

الدَّرَجَة الْقَمَرِيَّة : কেবিন ক্লাস।

الدَّرَجَة الْمُمْتَازَة : ফার্স্ট ক্লাস। বিশেষ শ্রেণি।

دَرَسَ (ن) دِرَاسَةً : গবেষণা করা। অধ্যয়ন করা।

دَرَسَ الْغَلَّة (ن) دَرْسًا : শস্য মাড়াই করা। ফসল কাটা।

الدَّرْس (ج) دُرُوْس : পাঠ। শিক্ষা। আলোচনা। পিরিয়ড। ক্লাস।

الدَّرْس الإِضَافِيّ : অতিরিক্ত পাঠ। বর্ধিত পাঠ।

دِرْع الْأُمَّة : জাতির রক্ষক। জাতির ঢাল।

دُرُوْب الْفِدَاء : আত্মোৎসর্গের পথ।

الدُّرُوْس : পাঠসমূহ।

www.e-ilm.weebly.com Free ©

الدَّرْءُ : প্রতিহত করা। বাধাপ্রদান। নিঃশেষ করা। রহিতকরণ।

د ---- ز

الدِّزِينَة : ডজন। দিস্তা। Dozen

د ---- س

الدَّسْتُ (ج) دُسُوت : মজলিস। দাবাখেলা। বৈঠক।

الدَّسْتَة (اِثْنَا عَشَرَ) : ডজন।

الدُّسْتُور (ج) دَسَاتِير : শাসনতন্ত্র। আইন। সংবিধান।

الدُّسْتُور الأَسَاسِيّ : মৌলিক আইন।

الدُّسْتُور المُسْتَفْتَى عَلَيْه : এমন আইন যাতে মতামত গ্রহণ করা হয়।

الدُّسْتُورِيّ : নিয়মতান্ত্রিক। সাংবিধানিক। আইনানুগ।

د ---- ع

دَعَا إِلَى شَيْءٍ : আহ্বান করা। আপিল করা।

دَعَاهُ إِلَى المُبَارَزَة : প্রতিদ্বন্দ্বিতার আহ্বান করা।

دَعَا المَجْلِسَ لِلانْعِقَاد : বৈঠক ডাকা।

دُعَاة الإِصْلَاح : সংস্কারক।

دُعَاة الحَرْب : যুদ্ধপ্রিয় লোক।

الدَّعَارَة : লাম্পট্য। দুশ্চরিত্রতা। নির্লজ্জতা।

الدِّعَامَة (ج) دَعَائِم : স্তম্ভ। খুঁটি। পিলার।

الدَّعَاوَة : প্রোপাগান্ডা। প্রচারণা।

الدِّعَايَة : প্রোপাগান্ডা।

الدِّعَايَةُ الانْتِخَابِيَّة : নির্বাচনী প্রচারণা। নির্বাচনী প্রোপাগান্ডা।

الدِّعَايَة الضَّالَّة : মিথ্যা প্রোপাগান্ডা। অপপ্রচার।

الدِّعَايَة العَالَمِيَّة : আন্তর্জাতিক প্রোপাগান্ডা।

الدِّعَايَة المُضَلِّلَة : বিভ্রান্তকারী প্রোপাগান্ডা।

الدِّعَايَة المُعَادِيَة لِلثَّوْرَة : আন্দোলন বিরোধী প্রোপাগান্ডা।

الدِّعَايَة المُضَادَّة لِلْحُكُومَة : সরকারবিরোধী প্রোপাগান্ডা।

الدَّعَة : নম্রতা। ভদ্রতা। শান্ত প্রকৃতি। বিশ্রাম। আরাম।

الدَّعْم : সমর্থন। সাহায্য। সহায়তা। দৃঢ় করা। মজবুত করা।

دَعْم الأَسْعَار : মূল্য সমর্থন করা।।

دَعْم التَّعَاوُن : সাহায্য বৃদ্ধি করা।

دَعْم الجُهُود : চেষ্টা অগ্রসর করা।

الدَّعْم الحُكُومِيّ : সরকারি সাহায্য।

الدَّعْم الزِّرَاعِيّ : কৃষি-বিষয়ক উন্নতি।

دَعْم السُّلْطَة : কর্তৃত্ব সুদৃঢ় করা।

دَعْم الصُّنْدُوق : ফান্ড বৃদ্ধি করা।

Free @ www.eilm.weebly.com

دَعْمُ الْعَلَاقَاتِ بَيْنَ الْبَلَدَيْنِ : দু-দেশের মধ্যকার সম্পর্ক সুদৃঢ় করা।

دَعْمُ الْقُوَّاتِ الْعَسْكَرِيَّةِ : সামরিকশক্তি বৃদ্ধি করা।

الدَّعْمُ الْمَالِيُّ : অর্থনৈতিক সহযোগিতা।

الدَّعْمُ الْمَعْنَوِيُّ : চারিত্রিক সহযোগিতা।

دَعْمُ الْمَوْقِفِ : অবস্থান সুদৃঢ় করা। পোজিশন মজবুত করা।

دَعَمَهُ وَدَعَّمَهُ دَعْمًا وَتَدْعِيمًا : মজবুত বানানো।

الدَّعَوَات : শ্লোগান।

الدَّعْوَةُ (ج) دَعَوَات : দাওয়াত। নিমন্ত্রণ। আমন্ত্রণ। মিশন। পয়গাম। আহ্বান। ডাক।

الدَّعْوَةُ إِلَى الْإِجْتِمَاعِ : মিটিং ডাকা। বৈঠক আহ্বান করা।

الدَّعْوَةُ إِلَى الْإِضْرَابِ الْعَامِّ : সাধারণ হরতাল আহ্বান করা।

الدَّعْوَةُ إِلَى تَكْثِيفِ النِّضَالِ : যুদ্ধে তীব্রতা সৃষ্টির আহ্বান।

الدَّعْوَةُ إِلَى الْمُبَارَزَةِ : প্রতিদ্বন্দ্বিতার আহ্বান করা।

الدَّعْوَةُ إِلَى الْمُجَازَفَةِ : আত্মোৎসর্গের আহ্বান করা।

الدَّعْوَةُ إِلَى الْمُؤْتَمَرِ : কনফারেন্স ডাকা।

الدَّعْوَةُ إِلَى النِّضَالِ : যুদ্ধের জন্য উদ্বুদ্ধ করা।

دَعْوَةُ الْجَمْعِيَّةِ إِلَى الْإِنْعِقَادِ : কনফারেন্স আহ্বান করা।

دَعْوَةُ الْمَجْلِسِ لِإِصْدَارِ الْقَرَارِ : প্রস্তাব পাশ করার জন্য বৈঠক ডাকা।

دَعْوَةُ النَّاسِ إِلَى الْاجْتِمَاعِ : মিটিং আহ্বান করা। মিটিং ডাকা।

الدَّعْوِيُّ : দাওয়াতি। সংস্কারমূলক।

الدَّعْوَى (ج) دَعَاوِي : কেস। মামলা। দাবিদাওয়া। মকদ্দমা।

دَعْوَى التَّعْوِيضِ : ক্ষতিপূরণের মামলা।

الدَّعْوَى الْمَدَنِيَّةُ : সিভিল এ্যাকশন।

د —— ف

دَفَاتِرُ الْقَيْدِ : এন্ট্রি রেজিস্টার।

الدَّفَاتِرُ الْمُسَاعَدَةُ : সহায়ক রেজিস্টার।

الدِّفَاعُ : ডিফেন্স। আত্মরক্ষা। প্রতিরোধ।

الدِّفَاعُ عَنْ أَحَدٍ : কারো দোষমুক্ততা প্রমাণ করা।

الدِّفَاعُ عَنِ النَّفْسِ : আত্মরক্ষা।

الدِّفَاعُ الْجَمَاعِيُّ : সংঘবদ্ধ প্রতিরক্ষা।

الدِّفَاعُ السَّائِغُ : সহজ প্রতিরক্ষা।

الدِّفَاعُ الْمَدَنِيُّ : সিভিল ডিফেন্স। বেসামরিক প্রতিরক্ষা।

الدِّفَاعُ الْوَطَنِيُّ : ন্যাশনাল ডিফেন্স।

الدِّفَايَةُ الْكَهْرَبَائِيَّةُ : হিটার।

الدَّفْتَرُ (ج) دَفَاتِرُ : রেজিস্টার। খাতা। নোটবুক। ফাইল। ডায়েরি।

Free @ www.ejlm.weebly.com

دَفْتَرُ الأَحْوَال (فِي مَرْكَزِ البُولِيْس) : পুলিসের চার্জশিট।

دَفْتَر أَخْذ الصُّوَر : ডুপ্লিকেট লেটার বুক।

دَفْتَر الأُسْتَاذ : লেজার। হাজিরা খাতা।

دَفْتَر أُسْتَاذِ التَّكَالِيْف : ব্যয় খাতা।

دَفْتَر أُسْتَاذ المَبِيعَات : সেল্‌স-লেজার। বিক্রয় খাতা।

دَفْتَر أَوَامِر الشِّرَاء : ক্রয়-অর্ডার খাতা।

دَفْتَر البِضَاعَة الوَارِدَة : আমদানিকৃত দ্রব্যের খাতা।

دَفْتَر البَوَّابَة : গেটবুক।

دَفْتَر تَسْجِيل الطَّلَبَات : অর্ডার-বুক।

دَفْتَر التَّسْلِيْم : ডেলিভারি খাতা।

دَفْتَر التَّسْلِيْمَات : ডেলিভারি বহি।

دَفْتَر التَّشْرِيْفَات : পরিদর্শন বহি।

دَفْتَر التَّوْفِير : কুপন-বুক।

دَفْتَر حَجْز الطَّلَبَات : অর্ডার-বুক।

دَفْتَر الحِسَاب : হিসাবের খাতা। একাউন্ট-বুক।

دَفْتَر حِسَاب البَنْك : ব্যাংকের পাস বই।

دَفْتَر الحِسَاب المَصْرِفِيّ : ব্যাংক-বুক।

دَفْتَر الحُضُوْر : হাজিরা খাতা।

دَفْتَر الخَطّ : লেখার খাতা।

دَفْتَر الرَّسَائِل : চিঠিপত্রের রেজিস্টার।

دَفْتَر الرَّسَائِل الوَارِدَة : প্রাপ্ত চিঠিপত্রের রেজিস্টার।

دَفْتَر الشَّكْوَى : অভিযোগ খাতা।

دَفْتَر الشِّيْكَات : চেক বই।

دَفْتَر الصَّفّ : হাজিরা বহি। হাজিরা খাতা।

دَفْتَر الصُّنْدُوْق : ক্যাশ-বুক।

دَفْتَر الطَّلَبَات : অর্ডার-বুক।

دَفْتَر الطَّلَبَات التِّجَارِيَّة : অর্ডার-বুক।

دَفْتَر الطَّلَبَات الوَارِدَة : প্রাপ্ত অর্ডারের রেজিস্টার।

دَفْتَر العَنَاوِيْن : ঠিকানা বহি।

دَفْتَر الفَهْرَس : ইনডেক্স বুক। Index Book.

دَفْتَر الفَهْرَس المَرْقُوْم : নম্বরযুক্ত সূচিপত্র রেজিস্টার।

دَفْتَر القَيْد : রেকর্ড।

دَفْتَر المُحَاسَبَة : একাউন্ট-বুক। হিসাবের খাতা।

دَفْتَر مَحَاضِر الجَلَسَات : রিপোর্ট রেজিস্টার।

دَفْتَر المَخْزَن : স্টোর-বুক।

دَفْتَر المُذَكِّرَات : নোট-বুক। এজেন্ডা-বুক।

دَفْتَر المُشْتَرِيَات : ক্রয়বিক্রয়ের খাতা।

دَفْتَر المَلْحُوظَات : নোট-বুক।

دَفْتَر المَوَاعِيد : টাইমটেব্‌ল।

دَفْتَر المُوْدِع : ব্যাংক-বুক।

دَفْتَر وَقَائِع الجَلْسَة : রিপোর্ট রেজিস্টার।

Free @ www.eilm.weebly.com

دَفْتَر الـيَوْمِيَّة : রোজনামচার খাতা।

دَفْتَر يَوْمِيَّة الـمَبِيعَات : দৈনন্দিনের ক্রয়বিক্রয়ের খাতা। টালী খাতা।

دَفْتَر يَوْمِيَّة النَّقْد : ক্যাশ-বুক।

الدَّفْع : প্যামেন্ট। পরিশোধ।

دَفْع أَحَد إِلَى الأَمَام : অগ্রগামী করা।

دَفْع الإِشْتِرَاك الشَّهْرِيّ لِكَذَا : মাসিক চাঁদা আদায় করা।

دَفْع الثَّمَن إِلَيْه : আদায় করা।

الدَّفْع الـجَدِيْد لِلحَرَكَة : আন্দোলনকে বেগবান করা। নতুনভাবে শক্তি যোগানো।

دَفْع الحِسَاب : হিসাব প্রদান করা।

دَفْع الخُطُوَات لِلأَمَام : অগ্রগামী করা। অগ্রসর করা। আগে বাড়ানো। উন্নীত করা।

دَفْع الرُّسُوم الجُمْرُكِيَّة عَلَى البَضَائِع : কাস্টম পরিশোধ করা।

دَفْع الشَّيْء عَلَى آجَال : কিস্তি অনুসারে পরিশোধ করা।

الدَّفْع عِنْد الإِسْتِلَام : পণ্য প্রাপ্তির সময় মূল্য পরিশোধ করা।

الدَّفْع عِنْدَ التَّسْلِيْم : পণ্য হস্তান্তরের সময় মূল্য পরিশোধ করা।

الدَّفْع الفَوْرِيّ : তাৎক্ষণিক পরিশোধ। হাতে হাতে পরিশোধ।

دَفْع القُوَّات إِلَى : সৈন্যদের অগ্রসর করা।

دَفْع الكَفَالَة بِمِقْدَار أَلْف تَاكَا (مَثَلًا) : এক হাজার পরিমাণ টাকা জামানত দেওয়া।

الدَّفْع مُقَابِل التَّسْلِيم : হস্তান্তরের সময় পরিশোধ।

الدَّفْع الـمُؤَجَّل : বিলম্বে পরিশোধ করা।

الدَّفَعَات : কিস্তি। পরিশোধ। দফা। বার।

الدَّفَعَات عَلَى الحِسَاب : হিসাব অনুযায়ী পরিশোধসমূহ।

الدَّفَعَات الـمُجَزَّأَة : পৃথক পৃথক কিস্তিসমূহ।

الدَّفَعَات الـمُسْتَحِقَّة : জরুরি কিস্তিসমূহ।

الدَّفَعَات الـمُؤَجَّلَة : মেয়াদি কিস্তি। কিস্তিসমূহ।

الدَّفْعَة : কিস্তি। ধাক্কা।

الدَّفْعَة تَحْتَ الحِسَاب : হিসাবের অধীন পরিশোধ।

الدَّفْعَة الثَّوْرِيَّة : বৈপ্লবিক প্রভাব।

الدَّفْعَة الجُزْئِيَّة : আংশিক পরিশোধ।

دَفْعَة السُّلْفَة : অগ্রিম আদায়কৃত কিস্তি।

الدَّفْعَة السَّنَوِيَّة : বাৎসরিক কিস্তি।

الدَّفْعَة السَّنَوِيَّة الـمُؤَجَّلَة : বাৎসরিক মেয়াদি কিস্তি।

الدَّفْعَة الـمُتَأَخِّرَة : বকেয়া কিস্তি।

الدَّفْعَة الـمُسْتَحِقَّة : বাধ্যতামূলক পরিশোধযোগ্য কিস্তি।

الدَّفْعَة الـمُقَدَّمَة : অগ্রিম আদায়কৃত কিস্তি।

الدَّفْعَة مِنَ الطَّيَّارِيْنَ : বৈমানিকদের খেপ।

Free @ www.ailm.weebly.com

الدَّفْعَة إِلَى : উদ্বুদ্ধ করা। তৈরি করা।

دَفَعَه إِلَى الأَمَام : অগ্রগামী করা। আগে বাড়ানো।

دَفَعَهُ إِلَى الإِنْسِحَابِ نَحْوَ كَذَا : পিছু হটতে বাধ্য করা।

دَفَعَهُ إِلَى كَذَا : উদ্বুদ্ধ করা।

الدِّفْء : গরম। তাপ। উষ্ণতা।

الدَّفِينُ (ج) دُفَنَاء : দাফনকৃত। কবরস্থ। সমাহিত। গুপ্ত। প্রোথিত।

د —— ق

دَقُّ الجَرَس : ঘণ্টা বাজানো।

الدَّقَّاقَة (السَّاعَة) : ঘণ্টা।

دَقَّت السَّاعَةُ ثَمَانِيَةً (مَثَلًا) : আটটা বাজে।

الدِّقَّةُ : সূক্ষ্মতা। যথার্থতা।

دِقَّة الظُّرُوف : অবস্থার নাজুকতা। পরিস্থিতির জটিলতা।

دِقَّة المَوْقِف : পরিস্থিতি নাজুকতা।

دِقَّة النَّظَر : দূরদর্শিতা। বিচক্ষণতা।

الدَّقِيْق : সূক্ষ্ম। যথাযথ। গুরুতর।

الدَّقِيْقَة (ج) دَقَائِق : মিনিট। কণা। সূক্ষ্ম বিষয়।

د —— ك

دَكَّ المَنَازِل بِالبُلْدُوزَر (ن) دَكًّا : বুল্ডোজার দিয়ে ঘরবাড়ি ধসিয়ে দেওয়া।

الدُّكَّانُ (ج) دَكَاكِيْن : দোকান। সপ। স্টোর। বিপণী বিতান।

دُكَّان الحَلْوَى : মিষ্টির দোকান। কনফেকশনারী।

الدَّكَّة (ج) دِكَاك : চত্বর। প্রাঙ্গণ। আঙিনা।

الدِّكْتَاتُور : ডিক্টেটর। একনায়ক। স্বৈরাচার। Dictator.

الدِّكْتَاتُورِيّ : একনায়কতন্ত্রী। স্বৈরাচারী।

الدِّكْتَاتُورِيَّة : ডিক্টেটরশিপ। Dictatorship. একনায়কত্ব।

الدِّكْتَاتُورِيَّة الإِقْطَاعِيَّة : জমিদারি একনায়কতন্ত্র। ডিক্টেটরশিপ।

الدِّكْتَاتُورِيَّة الرَّجْعِيَّة : পশ্চাদপদ ডিক্টেটরশিপ।

الدِّكْتَاتُورِيَّة الطَّبَقِيَّة : সাম্প্রদায়িক ডিক্টেটরশিপ।

الدِّكْتَاتُورِيَّة العَسْكَرِيَّة : সামরিক একনায়কতন্ত্র।

الدِّكْتَاتُورِيَّة فِي الرَّأْي : মতামতের ব্যাপারে পীড়াপীড়ি।

الدِّكْتَاتُورِيَّة المُطْلَقَة : পূর্ণাঙ্গ ডিক্টেটরশিপ।

الدُّكْتُور (ج) دَكَاتِر : ডাক্তার। ডক্টর। (Doctor) বিশেষজ্ঞ। চিকিৎসক।

الدُّكْتُورَاة : ডক্টরেট। পি,এইচ. ডি।

الدُّكْتُورِيّ : ডক্টরেট সম্পর্কিত।

www.e-ilmweebly.com Free@

د ...... ل

الدَّلَّال : দালাল। নিলামদার। ক্রেতা-বিক্রেতার মাঝে সমন্বয় সাধনকারী।

الدَّلَّال الرَّسْمِيّ : সরকারি এজেন্ট।

الدَّلَالَة : পথপ্রদর্শন করা। রাস্তা দেখানো। সঠিক পথে আনা।

دَلَائِل الْمُسْتَقْبِل : ভবিষ্যতের নিদর্শন।

الدَّلْو (ج) دِلَاء، أَدْلَاء : বালতি।

الدَّلِيل (ج) أَدِلَّة : নির্দেশিকা। রিপোর্ট। গাইডবুক। ডাইরেক্টরী। পাইলট।

دَلِيل التِّجَارَة : ব্যবসায়ী ডাইরেক্টরী।

دَلِيل التِّلِيفُون : টেলিফোন ইনডেক্স। টেলিফোন বুক।

الدليل الْقَاطِع عَلَى التَّوَاطُؤ : ঐক্যের সুস্পষ্ট প্রমাণ।

دَلِيل الْمَدِيْنَة : শহরের গাইডবুক।

الدَّلِيل الْمُضَادّ : বিরোধী দলিল।

د ...... م

الدَّم (ج) دِمَاء : রক্ত। ব্লাড।

الدِّمَار : ধ্বংস। নাশ। বিনাশ।

الدِّمَارُ الشَّامِل : ব্যাপক ধ্বংস।

الدِّمَاغ : মস্তিষ্ক। মগজ।

دَمَتْ جُرُوح الْهَزِيمَة فِي الْقُلُوب (ض) دَمْيًا : হৃদয়ে রক্তক্ষরণ হওয়া। অন্তরে পরাজয়ের ক্ষত তাজা থাকা।

دَمَّر الْعَدُوُّ الْمَنَاطِق تَدْمِيرًا : শত্রুপক্ষ এলাকা ধ্বংস করে দিয়েছে।

دَمَّر الْعَسْكَر تَمَامًا : পরিপূর্ণভাবে সেনাবাহিনী ধ্বংস করে দিয়েছে।

الدَّمْع (ج) دُمُوع : অশ্রু। চোখের পানি।

الدَّمْع : অশ্রুপূর্ণ। অশ্রুসজল।

دَمَغَ (ف) دَمْغًا : স্ট্যাম্প লাগানো। সিলমোহর লাগানো।

دَمْغ الْحُجَّة : যুক্তি খণ্ডন করা।

الدَّمْغَة : স্ট্যাম্প। মার্ক। সিলমোহর।

د ...... و

الدَّوَاعِي الْمُلِحَّة : জোরদার কারণসমূহ।

الدَّوَافِع : কারণ। কার্যকারণ।

الدَّوَام : ধারাবাহিকতা। স্থায়িত্ব। স্থিতি।

الدَّوَام الرَّسْمِيّ : সরকারি কাজের সময়।

الدُّوَّامَة : লাটিম। নারগদোলা।

الدَّوَاء (ج) أَدْوِيَة : মেডিসিন। ঔষধ। চিকিৎসা। পথ্য।

الدَّوَاء الْمُقَوِّي : টনিক। ভিটামিন।

دَوَائِر (وا) الدَّائِرَة : এলাকা। গ্রুপ। দল। বৃত্ত। পরিধি। দফতর।

دَوَائِر الْحُكُومَة : সরকারের দফতরসমূহ।

الدَّوَائِر الْحُكُومِيَّة : সরকারি মহলসমূহ।

www.eilm.weebly.com Free @

الدَّوَائِرُ المَسْؤُولَة : দায়িত্বশীল গ্রুপসমূহ।

الدَّوَائِر المُعَارِضَة বিরোধী শিবিরসমূহ।

الدَّوْر (ج) أَدْوَار : ভূমিকা। পালা। কিস্তি। যুগ। আমল। পর্যায়। স্তর। তলা। আবর্তন।

الدَّوْر الأَرْضِيّ (مِنَ المَبْنَى) : [ভবনের] নিচতলা। আন্ডারগ্রাউন্ড।

الدَّوْر الإِيجَابِيّ : ইতিবাচক নিয়ম।

الدَّوْر البُطُولِيّ : বীরত্বপূর্ণ কর্ম।

دَوْر التَّجْرِبَة : অভিজ্ঞতার যুগ।

الدَّوْر الحَاسِم : চূড়ান্ত অবদান।

الدَّوْر العَلَوِيّ : উপরতলা। [ঘরের]

الدَّوْر الطَّلِيعِيّ : নির্দেশনামূলক কীর্তি।

الدَّوْر القِيَادِيّ : পরিচালনামূলক কীর্তি।

الدَّوْر المُتَعَاظِم : জবরদস্ত কীর্তি।

الدَّوْر النَّشِيط : প্রভাবশালী কীর্তি।

دَوَرَانُ الأَيَّام : কালের আবর্তন।

دَوَرَان الحَدِيْث حَوْلَ المَسَائِل : আলোচনা চলতে থাকা।

دَوَرَان الأَحَادِيْث الوُدِّيَّة خِلَالَ المُقَابَلَة : সাক্ষাতের সময় বন্ধুত্বপূর্ণ আলোচনা হওয়া। সৌহার্দপূর্ণ আলোচনা হওয়া।

دَوَرَان الشَّئْ بِالمُخَيِّلَة : মস্তিষ্ক ঘুরপাক খাওয়া।

دَوَرَان المَعْرَكَة عَلَى مقرقبة مِنَ الطَّائِرَة : উড়োজাহাজের সন্নিকটে যুদ্ধ হওয়া।

دَوَرَان المُفَاوَضَات حَوْلَ الإِفْرَاج عَنْ فُلَان : কারো মুক্তির ব্যাপারে আলোচনা হওয়া।

الدَّوْرَة (ج) دَوْرَات : পরিক্রমা। প্রদক্ষিণ। চক্র। পালা। ভ্রমণ। অধিবেশন। সময়কাল। কোর্স। টুর্নামেন্ট। দফা। রাউন্ড।

دَوْرَة الأُمَم المُتَّحِدَة : জাতিসংঘের বৈঠক।

دَوْرَة اِنْعِقَاد مَجْلِس النُّوَّاب : পার্লামেন্ট সিজন।

دَوْرَة اِنْعِقَاد الجَلَسَات : সভা-সমাবেশের সিজন।

دَوْرَة البَرْلَمَان : সংসদ অধিবেশন। সংসদের বৈঠক।

الدَّوْرَة التَّدْرِيْبِيَّة : প্রশিক্ষণ কোর্স। ট্রেনিং কোর্স।

الدَّوْرَة الطَّارِئَة : জরুরী মিটিং। তাৎক্ষণিক মিটিং।

الدَّوْرَة مِنَ الطَّلَبَة المُتَخَرِّجِيْن : খেপ।

دَوْرَة المِيَاه : ল্যাট্রিন। টয়লেট। শৌচাগার।

دَوْرِيًّا : পর্যায়ক্রমে। পালাক্রমে।

الدَّوْرِيَّة : পর্যটক দল।

الدُّوْسِيَة : ফাইল।

الدُّول الأَعْضَاء : সদস্য রাষ্ট্রসমূহ।

دُوَل الخَلِيْج العَرَبِيّ : আরব উপসাগরীয় রাষ্ট্রসমূহ।

الدُّوَل الشَّقِيْقَة : প্রতিবেশী রাষ্ট্রসমূহ। ভ্রাতৃপ্রতিম রাষ্ট্রসমূহ।

الدُّوَل الصَّدِيْقَة : বন্ধু রাষ্ট্রসমূহ।

الدُّوَل الصِّنَاعِيَّة : শিল্পোন্নত রাষ্ট্রসমূহ।

الدُّوَل الغَيْر المُنْحَازَة : নিরপেক্ষ দেশসমূহ।

الدُّوَل العُظْمٰى : বড় রাষ্ট্রসমূহ।

الدُّوَل الفَقِيْرَة : গরিব রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُتَأَخِّرَة : অনুন্নত রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُتَحَارِبَة : যুদ্ধরত রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُتَحَالِفَة : মৈত্রীবদ্ধ রাষ্ট্রসমূহ। মিত্র রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُتَّحِدَة : জাতিসংঘ।

الدُّوَل المُتَضَرِّرَة اِقْتِصَادِيًّا : অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত দেশসমূহ।

الدُّوَل المُحَايِدَة : নিরপেক্ষ দেশসমূহ।

دُوَل المِحْوَر : কেন্দ্রীয় দেশসমূহ।

الدُّوَل المُشَارِكَة : অংশগ্রহণকারী দেশসমূহ।

الدُّوَل المُصَدِّرَة : রপ্তানিকারক রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُصَنِّعَة : রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُنْتِجَة : উৎপাদনকারী রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُنْتِجَة لِلنِّفْط : পেট্রল উৎপাদনকারী রাষ্ট্রসমূহ।

الدُّوَل المُنْحَازَة : পক্ষাবলম্বনকারী দেশসমূহ।

الدُّوَل المُوَاجِهَة : মুখোমুখি বিরোধী রাষ্ট্রসমূহ।

الدُّوَل النَّامِيَة : উন্নয়নশীল রাষ্ট্রসমূহ।

دُولَاب الحِفْظ : সংরক্ষণ করার আলমারী।

الدُّولَار (ج) دُولَارَات : ডলার। [মুদ্রাবিশেষ]

الدُّولَارَات النِّفْطِيَّة : প্যাট্রোডলার।

الدَّوْلَة (ج) دُوَل : রাষ্ট্র। দেশ। কান্ট্রি। স্টেট।

الدَّوْلَة الإِتِّحَادِيَّة : ঐক্যপন্থী দেশ।

الدَّوْلَة الإِسْتِبْدَادِيَّة : স্বৈরাচারী রাষ্ট্র।

الدَّوْلَة الإِسْتِعْمَارِيَّة : সাম্রাজ্যবাদী রাষ্ট্র।

الدَّوْلَة البُولِيسِيَّة : পুলিশী রাষ্ট্র।

الدَّوْلَة الدَّاعِيَة : স্বাগতিক দেশ। নিমন্ত্রণকারী রাষ্ট্র।

الدَّوْلَة الدِّيمُقْرَاطِيَّة : গণতান্ত্রিক রাষ্ট্র।

دَوْلَة الرَّخَاء وَالرِّعَايَة الإِجْتِمَاعِيَّة : সামাজিক কল্যাণকর রাষ্ট্র।

الدَّوْلَة الرَّفَاهِيَّة : ওয়েকল্যাণ রাষ্ট্র।

الدَّوْلَة العَازِلَة : দুদেশের মধ্যে পার্থক্যকারী রাষ্ট্র।

الدَّوْلَة العَمِيلَة : প্রতিনিধি রাষ্ট্র।

الدَّوْلَة المُتَخَلِّفَة : অনুন্নত রাষ্ট্র।

الدَّوْلَة المُعَادِيَة : বৈরী রাষ্ট্র। শত্রু রাষ্ট্র।

الدَّوْلَة المُعْتَدِيَة : আক্রমণকারী রাষ্ট্র।

الدَّوْلَة المُتَقَدِّمَة : উন্নত রাষ্ট্র।

الدَّوْلَة النَّامِيَة : উন্নয়নশীল রাষ্ট্র।

الدُّوَلِي : আন্তর্জাতিক। আন্তরাষ্ট্রীয়।

دُوَلِيًّا : আন্তর্জাতিক মানের। আন্তর্জাতিক পর্যায়ে।

دُوْنَ الإِخْطَار : বিনা নোটিশে। অতর্কিত।

دُوْنَ الإِرْتِبَاط : অসংলগ্ন। বিজোড়। সম্পর্কহীন।

دُوْنَ التحفظ : সংযম ব্যতীত।

دُوْنَ سَابِق عِلْم عَنْ : পূর্ব থেকে সতর্ক করা ব্যতীত।

www.e-ilmweebly.com Free @

دُونَ مُنَازِع : বিতর্কের উর্ধ্বে।

الدَّوِيُّ : ধ্বনি। গর্জন।

دَوِيّ الْمِدْفَع : তোপধ্বনি।

الدُّوَيْلَة (ج) دُوَيْلَات : ক্ষুদ্র রাষ্ট্র।

د ——— ه

الدِّهَان : তেল। পেইন্ট। ক্রিম।

الدَّهَّان : রঙকারী। পেইন্টার।

الدَّهَاء السِّيَاسِيّ : রাজনৈতিক পলিসি।

دَهَن (ن) دَهْنًا : তেল মালিশ করা। চুনকাম করা। পেইন্ট করা। বার্নিশ করা।

الدُّهْن (ج) أَدْهَان : তেল। তৈল। পালিশ। গ্রীস। পেইন্টিং।

الدُّهُون لِلْأَكْل : ভোজ্য তেল। খাবার তেল।

الدَّهِين : তৈলাক্ত। তেল লাগানো হয়েছে এমন।

د ——— ي

الدِّيَانَة : ধর্ম। ধর্মবিশ্বাস।

دِيبَاجَة الرَّسَائِل : ভূমিকা। মুখবন্ধ।

الدِّيزَل : ডিজেল। Diesel.

الدَّيْزَلَة : ডিজেল দেওয়া।

الدِّيمُقْرَاطِيّ : গণতান্ত্রিক। ডেমোক্রেটিক। Democratic.

الدِّيمُقْرَاطِيَّة : গণতন্ত্র। Democracy.

الدَّيْن الأَهْلِيّ : জাতীয় ঋণ।

الدَّيْن مُؤَجَّل الدَّفْع : মেয়াদি ঋণ।

الدِّيوَان : দেওয়ান। কম্পার্টমেন্ট।

دِيوَانُ الْمُحَاسَبَة : হিসাব বিভাগ।

الدِّيوَان الْمَلَكِيّ : রাজ কেবিনেট। রাজদরবার। রাজ সেক্রেটারিয়্যাট।

الدُّيُونُ الْخَارِجِيَّة : বৈদেশিক ঋণ।

الدُّيُونُ الدَّاخِلِيَّة : অভ্যন্তরীণ ঋণ।

الدُّيُون السَّائِرَة : স্বল্প মেয়াদি ঋণ।

الدُّيُون الْعَادِيَة : সাধারণ ঋণ।

الدُّيُون الْعَامَّة : জনসাধারণের ঋণ।

الدُّيُون الْمُجَمَّدَة : জমাটবদ্ধ ঋণ।

الدُّيُون الْمَضْمُونَة : জামানত ঋণ।

الدُّيُون الْمُمْتَازَة : বিশেষ ঋণ।

الدُّيُونُ الْمَمْنُوحَة : প্রদত্ত ঋণ।

www.e-ilm.weebly.com Free @

ذ : আরবি বর্ণমালার নবম বর্ণ।

ذ —— ا

ذَابَ خَجَلاً : লজ্জায় বিগলিত হওয়া।

ذَابَتْ مُنْظَمَةٌ دَاخِلَ مُنَظَّمَةٍ : এক দল অন্য দলের মধ্যে বিলীন হয়ে যাওয়া।

ذَابِل الوَجْه : শুষ্ক চেহারা। দুর্বল চেহারা।

ذَاتُ الكَثَافَةِ السُّكَّانِيَّة : ঘনবসতিপূর্ণ।

الذَّاتِيّ : ব্যক্তিগত। নিজস্ব।

الذَّاتِيَّة : ব্যক্তিত্ব। নিজ সত্তা।

الذَّاخِر : স্টকিষ্ট। গুদামজাতকারী।

ذَاعَت الشَّائِعَة (ض) نَحْو وَعَنْ كَذَا : গুজব ছড়িয়ে পড়া।

الذَّائِب : গলিত। বিগলিত। তরল। দ্রবীভূত।

ذَائِع الصِّيْت : খ্যাতনামা। প্রখ্যাত।

ذ —— ب

ذَبْذَبَة السُّوق : বাজার উঠা-নামা করা।

الذُّبُول : শুষ্কতা। শীর্ণতা।

ذ —— خ

الذَّخَائِر الحَرْبِيَّة : অস্ত্রাগার। ম্যাগাজিন।

الذَّخِيْرَة (ج) ذَخَائِر : ভাণ্ডার। মজুদ মাল। সঞ্চিত ধন। সম্পদ। মাল। ফান্ড। স্টোর। পুঁজি।

الذَّخِيْرَة الحَرْبِيَّة : যুদ্ধের সরঞ্জাম। অস্ত্রশস্ত্র।

ذ —— ر

ذِرَاعُ التُّرُوس أو المُسَنَّنَات : গীয়ার-চাকা। দাঁতওয়ালা চাকা।

الذَّرَّة (ج) ذَرَّات : অণু। এ্যাটম। ক্ষুদ্রাতিক্ষুদ্র বস্তু। বিন্দু।

ذَرْع الأَلْغَام : মাইন বিছানো।

الذِّرْوَة : চূড়া। শীর্ষ। শৃঙ্গ। শিখর। উচ্চতম স্থান।

الذَّرُور : পাউডার। চূর্ণ বস্তু।

ذَرُور الأَسْنَان : টুথ পাউডার। দাঁতের মাজন। Tooth Powder.

الذَرُور المَعْدِنِيّ : অভ্র। আভ।

الذَّرِّيّ : পারমাণবিক। আণবিক।

www.e-ilm.weebly.com Free @

ذ ---- ع

الذُّعْرُ : ভয়ভীতি। আতঙ্ক। শঙ্কা।

ذ ---- ق

الذَّقَن (ج) أَذْقَان : থুতনি। দাড়ি।

ذ ---- ك

الذِّكْرَى (ج) ذِكْرَيَات : স্মৃতি।

الذِّكْرَى الخَالِدَة : চিরস্মরণীয়।

ذ ---- و

ذُو اتِّجَاه الرَّأْسُمَالِيّ : পুঁজিবাদী মনোভাবসম্পন্ন। পুঁজিবাদী মতবাদবিশিষ্ট।

ذُو الإِسْتِقْلَال الذَّاتِي : স্বাধীন। স্বেচ্ছাধিকারী।

ذُو السُّلْطَة : কর্তৃত্বধারী। কর্তৃত্বের অধিকারী। ক্ষমতাবান।

ذُو العَاهَة : বিপন্ন। বিপদগ্রস্ত। বিপদাপন্ন।

ذُو مَعْنَى : উদ্দেশ্যপূর্ণ। অর্থপূর্ণ।

ذُو المَلَّة : বিরক্ত।

ذَوْق : টেস্ট। স্বাদ। মজা। রুচি।

الذَّوْق الاِجْتِمَاعِيّ : সামাজিক রুচি।

ذَوُو دَخْلٍ مَحْدُوْد : সীমিত আয়ের লোক।

ذ ---- ه

ذَهَابُ الحَرَارَة : উষ্ণতা হ্রাস পাওয়া।

ذَهَاب الصُّرَاخ، أَدْرَاج الرِّيَاح : চিৎকার হাওয়ায় মিশে গেছে।

ذَهَاب الضَّحِيَّة : শিকার হওয়া।

ذَهَاب المُحَاوَلَة فَاشِلَة : চেষ্টা বিফল হওয়া।

الذَّهَاب وَالإِيَاب : আসা-যাওয়া। গমনাগমন। যাতায়াত।

الذَّهَبِيّ : সোনালি। গোল্ডেন।

الذِّهْنِيّ : মানসিক। বুদ্ধিবৃত্তিক। আইডিয়াল।

ذ ---- ي

الذَّيْلُ (ج) ذُيُول ، أَذْيَال : লেজ। প্রান্ত। কিনারা। শেষাংশ। টীকা। অনুগত। আঁচল। পরিশিষ্ট।

www.eelm.weebly.com Free @

ر : আরবি বর্ণমালার দশম বর্ণ

ر — ا

رَابِطُ الْجَأْش : নির্ভীক। প্রশান্ত।

الرَّابِطَة : কানেকশন। সম্বন্ধ। মিলন। সংযোগ। বন্ধন। লীগ। এ্যাসোসিয়েশন।

رَابِطَةُ الشُّعُوب : কমনওয়েলথ।

رَابِطَةُ الْمُوَظَّفِين : স্টাফ এ্যাসোসিয়েশন।

رَابِطَةُ الْعَالَمِ الْإِسْلَامِيِّ : রাবেতায়ে আলমে ইসলামী। বিশ্ব মুসলিম সংঘ।

الرَّاتِب (ج) رَوَاتِب : বেতন। ভাতা।

الرَّاتِبُ الْجُزْئِيّ : আংশিক বেতন।

الرَّاتِبُ الزَّهِيْد : সামান্য বেতন। স্বল্প বেতন।

الرَّاتِبُ الشَّهْرِيّ : মাসিক বেতন।

الرَّاجِي : আবেদনকারী। নিবেদক।

الرَّاحَة : রেস্ট। শান্তি। বিশ্রাম। আরাম।

الرَّاحَةُ النَّفْسِيَّة : মানসিক প্রশান্তি।

الرَّادَار : রাডার। Radar.

الرَّادِع : প্রতিবন্ধক। সংরক্ষক।

الرَّادِعُ النَّوَوِيّ : পারমাণবিক প্রতিরোধক।

الرَّادِيُو : রেডিও। Radio

رَادِيُو بَنْغَلَادِيش : রেডিও বাংলাদেশ। বাংলাদেশ বেতার।

رَادِيُو كُلُّ الْهِنْد : অল্ ইন্ডিয়া রেডিও।

رَادِيُو عُمُومِ الْهِنْد : অল্ ইন্ডিয়া রেডিও।

الرَّادِيُوم : রেডিয়াম। [এক ধরনের ধাতু] Radium.

الرَّأْس (ج) رُؤُوس : হেড। মাথা। মস্তক। প্রথম। আসল। নেতা।

رَأْسُ اللَّجْنَة : কমিটির সভাপতি।

لَارَأْسَمَالِ : পুঁজি। ফান্ড। ক্যাপিটাল। মূলধন।

رَأْسُ الْمَالِ الْإِبْتِدَائِيّ : প্রাথমিক পুঁজি।

رَأْسُ الْمَالِ الْإِجْتِمَاعِيّ : যৌথ পুঁজি।

رَأْسُ الْمَالِ الْإِحْتِيَاطِيّ : রিজার্ভ পুঁজি।

رَأْسُ الْمَالِ الثَّابِت : ফিক্সড মূলধন। স্থায়ী পুঁজি।

رَأْسُ الْمَالِ الْحَقِيْقِيّ : মূল পুঁজি।

رَأْسُ مَالِ السَّنَدَات : কাগুজে পুঁজি।

رَأْسُ الْمَالِ الْعَاطِل : বেকার পুঁজি। অলস পুঁজি।

رَأْسُ الْمَالِ الْعَامِل : চালু পুঁজি।

رَأْسُ الْمَالِ الْمُتَدَاوِل : কারেন্ট পুঁজি।

Free @ www.e-ilm.weebly.com

رَأْسُ الْمَالِ الْمَحْبُوْس : জমাট পুঁজি।

رَأْسُ الْمَالِ الْمُسَجَّل : রেজিস্টার্ড পুঁজি।

رَأْسُ الْمَالِ الْمُقْتَرَض : যে পুঁজি ঋণ নেওয়া হয়েছে।

رَأْسُ الْمَالِ الْمُكْتَتَب : যৌথ পুঁজি। সম্মিলিত পুঁজি।

رَأْسُ الْمَالِ الْوَطَنِيّ : জাতীয় পুঁজি।

الرَّأْسُمَالِيّ : পুঁজিবাদী। পুঁজি-বিষয়ক।

الرَّأْسُمَالِيَّة : পুঁজিবাদ। ক্যাপিটালিজম। Capitalism.

الرَّأْسُمَالِيَّة الْإِحْتِكَارِيَّة : একচেটিয়া পুঁজিবাদ।

الرَّأْسُمَالِيَّة التِّجَارِيَّة : ব্যবসায়ী পুঁজিবাদ।

الرَّأْسُمَالِيَّة الشَّعْبِيَّة : জাতীয় পুঁজিবাদ।

الرَّأْسُمَالِيَّة الصِّنَاعِيَّة : উৎপাদনশীল পুঁজিবাদ।

الرَّأْسُمَالِيَّة الْمَحَلِّيَّة : স্থানীয় পুঁজিবাদ।

الرَّأْسُمَالِيَّة الْوَطَنِيَّة : জাতীয় পুঁজিবাদ।

رَأَس الْمَحْكَمَة (ف) : আদালাত নেতৃত্ব দেওয়া।

الرَّاسِخ : অটল। ফিক্সড। দৃঢ়।

الرَّاسِل : প্রেরক। প্রেরণকারী। সেইন্ডার।

الرَّاضِي بِكَذَا : সন্তুষ্ট। সম্মত। রাজি। খুশি। ইচ্ছুক।

رَاضَ النَّفْس لَهُ (ن) رِيَاضَةً : নিজেকে প্রস্তুত করা।

الرَّافِد (ج) رَوَافِد : সাহায্যকারী।

الرَّافِعَة : ক্রেন। ভারোত্তলনযন্ত্র।

الرَّافِعَة الضَّخْمَة : ভারী ক্রেন।

رَاقَبَه - مُرَاقَبَة : পর্যবেক্ষণ করা। তত্ত্বাবধান করা। পাহারা দেওয়া।

الرَّاقِص (م) الرَّاقِصَة : নৃত্যকারী। নৃত্যশিল্পী। ড্যান্সার।

الرَّاقِصَة : নর্তকী। নৃত্যশিল্পী।

الرَّاقِي : উঁচু। উচ্চ। উন্নত। অগ্রগামী।

الرَّاكِب (ج) رُكْبَان، رُكَّاب : প্যাসেঞ্জার। আরোহণকারী। আরোহী। সওয়ারি।

الرَّامِي (ج) رُمَاة : লক্ষ্যস্থলভেদকারী। নিক্ষেপকারী। লক্ষ্যবস্তুতে আঘাতকারী।

الرَّامِي إِلَى كَذَا : উদ্দেশ্য এই..।

رَانَت فَتْرَة مِنَ الصَّمْت : নীরবতা ছেয়ে গেছে।

رَاوَدَه الْأَمَل : কামনা হওয়া। আকাঙ্ক্ষা হওয়া।

رَاوَدَتْه الْفِكْرَة مُرَاوَدَة : খেয়াল হওয়া। স্মরণ হওয়া। মনে পড়া।

الرَّاهِب الْهِنْدُوسِيّ : হিন্দুধর্মের পণ্ডিত। পূজারী।

الرَّاهِن : বর্তমান। চলতি। প্রস্তুত।

الرَّائِد : পতাকাবাহী। পথপ্রদর্শক। মেজর। [সামরিক পদবিশেষ।]

الرَّأْي : রায়। অভিমত। সিদ্ধান্ত।

رَأْي الْأَغْلَبِيَّة : সংখ্যাগরিষ্ঠের অভিমত।

الرَّأْي الْعَالَمِيّ : আন্তর্জাতিক অভিমত।

الرَّأْي الْمُبَلْبَل : দ্বিধাগ্রস্ত অভিমত।

الرَّايَة (ج) رَايَات : পতাকা। ঝাণ্ডা। ব্যানার।

www.e-ilm.weebly.com Free ©

الرَّايَة البَيْضَاء : সাদা পতাকা। শান্তির পতাকা। সন্ধির পতাকা।

رَايَة الثَّوْرَة : বিপ্লবের প্রতীক।

الرَّايَة الحَمْرَاء : লাল পতাকা। রেড প্লাগ।

ر —— ب

الرَّبّ (ج) أَرْبَاب : প্রতিপালক। রব। প্রভু। পালনকর্তা। নেতা। সর্দার। মালিক।

رَبُّ البَيْت : ঘরের মালিক। গৃহস্বামী। গৃহকর্তা।

رَبُّ العَمَل : নিয়োগকর্তা। চাকরিদাতা। মালিক। প্রতিষ্ঠানের মালিক।

رِبَاطُ العُنُق : টাই। গলার টাই।

الرُّبَّان (ج) رَبَابِين : জাহাজের কাপ্তান। নাবিক।

رُبَّان الإِخْتِبَار : টেস্ট পাইলট।

رُبَّان الطَّائِرَة : পাইলট। বৈমানিক। বিমান চালক।

الرِّبْح (ج) أَرْبَاح : লাভ। মুনাফা। সুদ। প্রফিট।

رِبْح الجَوْلَة : পালা লাভ করা।

الرِّبْح الصَّافِي : বিশুদ্ধ মুনাফা।

الرِّبْح الصُّوْرِيّ : প্রকাশ্য মুনাফা।

الرِّبْح والخَسَارَة : লাভ-লোকসান।

الرَّبْع (ج) رُبُوْع : ঘর। আবাস। বাসস্থান। কোয়াটার।

الرَّبْط بِأَحَد : মিলন। সম্বন্ধ। সম্পর্ক।

الرَّبْط بَيْن الشَّعْبَيْن : দু-দেশের জনগণকে একত্রিত করা।

رَبْط الأَلْغَام فِي شَيْء : কোনো কিছুর মধ্যে বিস্ফোরক দ্রব্য রাখা।

رَبْط الطَّائِرَات فِي أَعْمِدَة الحَظِيْرَة : বিমানসমূহকে শেডের খুঁটির সাথে বাঁধা।

رَبْط العَلَاقَة مَع الشَّعْب : জনতার সাথে সম্পর্ক স্থাপন করা। গণসংযোগ করা।

الرَّبْطَة (ج) رَبَطَات : প্যাকেট।

رَبْطَة السَّاق : মোজা বাঁধার ফিতা।

رَبْطَة العُنُق : নেকটাই। টাই।

الرِّبْقَة (ج) رِبَق : ফাঁদ। জাল।

رِبْقَة الإِسْتِعْبَاد : দাসত্বের শৃঙ্খল।

رُبَّمَا : প্রায়শ। কখনো। সম্ভবত। হয়তো।

الرِّبَوِيّ : সুদ সংক্রান্ত। সুদি।

رَبِيبَة الإِسْتِعْمَار : সাম্রাজ্যবাদীদের প্রতিপালিত।

رَبِيعُ الحَيَاة : জীবনের বসন্ত।

ر —— ت

رَتَّب - تَرْتِيبًا : বিন্যস্ত করা। ধারাবাহিকভাবে সাজানো। সংকলন করা। প্রস্তুত করা। পরিচালনা করা।

رَتَّب تَرْتِيبًا أَبْجَدِيًّا : বর্ণানুক্রমিক পদ্ধতিতে বিন্যস্ত করা।

الرِّتَاج (ج) أَرْتِجَة : ফটক। প্রধান গেট। বড় দরজা যার মধ্যে জানালা থাকে।

الرُّتْبَة (ج) رُتَب : গ্রেড। স্তর। মর্যাদা। সম্মান। পদ।

Free @ www.eilm.weebly.com

الرُّتِيْب : রুটিন। বিন্যস্ত।

الرُّتِيبِيّ : রুটিন মাফিক। রুটিন সংক্রান্ত।

ر ——— ج

رِجَالُ الِاسْتِخْبَارَات : গোয়েন্দা। সি, আই, ডি। গুপ্তচর।

رِجَالُ الْبُولِيْس : পুলিশ। পুলিশের লোক।

رِجَالُ التَّرْبِيَة : প্রশিক্ষণ বিশেষজ্ঞ।

رِجَالُ التَّعْلِيم : শিক্ষাগুরু। শিক্ষা বিশেষজ্ঞ।

رِجَال الْجَيْش : মিলিটারী। সামরিক বাহিনী। সেনাবাহিনী।

رِجَال الْحَرَس : দেহরক্ষী। বডিগার্ড।

رِجَال الْحَرْس الْوَطَنِيّ : দেশরক্ষাকারী বাহিনী। সীমান্ত প্রহরী। বি. ডি. আর।

رِجَال الدِّيْن : ধর্মীয় লোক। আলিম সমাজ। আলিম-ওলামা।

رِجَال الدِّيْن الْمُحَافِظُون : রক্ষণশীল আলিম-ওলামা।

رِجَال الشُّرْطَة : পুলিশ। পুলিশের লোক।

رِجَال الصَّحَافَة : সাংবাদিক কর্মী।

رِجَال الْعِصَابَات : গেরিলা সৈন্য।

رِجَال الْقَلَم : লেখক। কলম সৈনিক।

رِجَال الْمَال : বিত্তশালী। বিত্তবান। ধনাঢ্য ব্যক্তি।

الرِّجَالِيّ : পুরুষোচিত। পৌরুষ।

رَجَاه (ن) رَجَاءً : আবেদন করা।

الرَّجَاءُ : আশা। আকাঙ্ক্ষা। আবেদন। দরখাস্ত। বাসনা। কামনা।

الرَّجَاء الْحَارّ : জোরালো আবেদন।

رَجُلُ الْأَعْمَال : বণিক। ব্যবসায়ী। বিজনেসম্যান।

الرَّجُل الْأَوَّل : প্রথম ব্যক্তি।

رَجُل الْحِفْظ : নিরাপত্তারক্ষী।

رَجُل الدَّوْلَة : রাষ্ট্রপ্রধান। রাষ্ট্রনায়ক।

رَجُل السِّيَاسَة : রাজনীতিবিদ।

رَجُل الشَّارِع : সাধারণ লোক।

الرَّجُل الْعَادِيّ : সাধারণ লোক।

الرَّجُل النِّظَامِيّ : সুশৃঙ্খল ব্যক্তি।

الرَّجُل الْخَاضِع لِلْقَوَانِين : নিয়ম-শৃঙ্খলা অনুসারী ব্যক্তি।

الرَّجُل الْوَدِيع : দরিদ্র। অসহায়। গরিব লোক।

رَجْمًا بِالْغَيْب : আন্দাজে। অনুমানে। ধারণা করে। অনুমানের উপর ভিত্তি করে।

الرُّجُوْع فِي الْقَرَار : প্রস্তাব প্রত্যাহার করা।

ر ——— ح

الرَّحَّالَة : পর্যটক। ভ্রমণকারী। ট্যুরিস্ট।

رَحَّب بِهِ أَجْمَلَ تَرْحِيْب : উষ্ণ সংবর্ধনা জানানো। বর্ণাঢ্য অভিনন্দন জানানো।

رَحَّب بِهِ بِحَرَارَة بَالِغَة : উষ্ণ সংবর্ধনা জানানো। জমকালো অভিনন্দন জানানো।

Free @ www.e-ilm.weebly.com

الرِّحْلَة (ج) رِحْلَات : ভ্রমণ। সফর। যাত্রা। প্রস্থান। ফ্লাইট। ট্যুর।

الرِّحْلَة إِلَى بَلَد كَذَا : ভ্রমণ করা। ট্যুর করা। সফর করা।

الرِّحْلَة إِلَى الْقَمَر : চাঁদে যাওয়া। চন্দ্র ভ্রমণ।

الرِّحْلَة الْجَوِّيَّة الْمُنْتَظِمَة : নিয়মতান্ত্রিক এয়ার সার্ভিস।

الرِّحْلَة الدَّاخِلِيَّة لِلطَّيَرَان : অভ্যন্তরীণ এয়ার সার্ভিস।

الرَّحِيل : যাত্রা। স্টার্ট। প্রস্থান। রওয়ানা।

ر —— خ

الرَّخَاء : সুখ। স্বাচ্ছন্দ্য। সমৃদ্ধি। প্রাচুর্য।

الرَّخَاء الاقْتِصَادِيّ : অর্থনৈতিক সমৃদ্ধি। আর্থিক সচ্ছলতা।

الرَّخَاء الاجْتِمَاعِيّ : সোশ্যাল ওয়েলফার।

الرُّخْص : সুলভ। সস্তা। কম দাম।

رُخْص الأَسْعَار : মূল্যহ্রাস।

رَخَّصَه وَلَهُ بِكَذَا تَرْخِيصًا : পারমিশন দেওয়া। অনুমোদন করা। বৈধতা দেওয়া।

الرُّخْصَة : পারমিট। অনুমতি। ছুটি। কনসেশন। লাইসেন্স। অনুমোদন।

